The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা

উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 910 | 20 February 2026 | শুক্রবার ০৭ ফাল্গুন অগ্রহায়ণ ১৪৩২



Governor Hochul Concerns over Auto Insurance Fraud in Queens → Page 19

NY COVID-19 Fraud: 9 Bangladeshi Plead → Page 18






Tania Brishty diagnosed with brain tumour, undergoes surgery → Page 18

State Senator Gianaris will not seek reelection → Page 19



# আশা জাগানিয়া তারেক রহমান!

মনোয়ারুল ইসলাম

মন্তব্য প্রতিবেদন



'গুড স্টার্টার' তারেক রহমান। শুভযাত্রা। আলো দেখালেন। প্রতিশ্রুতি বাস্তবায়নের দৃঢ় প্রত্যয়। রাষ্ট্রনায়োকোচিত পদক্ষেপ। দায়িত্বগ্রহণের ৩ দিনেই মাজিমাত করতে শুরু করছেন। জাতি প্রত্যাশার আলো দেখতে পেলেও আগ্রহ নিয়ে অপেক্ষা করছে প্রতিশ্রুতির বাস্তবায়ন। জাতি গঠনে তার ম্যাজিক 'আই হ্যাভ এ প্ল্যান' দেখার দিন গুণছে ১৮ কোটি বাংলাদেশি। দায়িত্বগ্রহনের পরদিনই জাতির উদ্দেশ্যে দেয়া ভাষণে তার নির্বাচনী প্রতিশ্রুতির কথা তুলে ধরলেন। ঘোষণা দিয়ে বললেন, জনগনের ট্যাক্সের পয়সায় এমপি মন্ত্রীদের ট্যাক্সমুক্ত বিলাসবহুল গাড়ি নয়। রাজকীয় রাষ্ট্রীয় গাড়ির বদলে নিজের গাড়িটিই ব্যবহারের ঘোষণা দিলেন তারেক। প্রধানমন্ত্রীর যাতায়াতে জনগনের দূর্ভোগ যাতে না হয় সেদিকে নজর রাখলেন। রাস্তা বন্ধ করে প্রধানমন্ত্রীর যাতায়াত নয়। তিনি দ্বিতীয় দিনেই সাধারন যাত্রীদের মতো ট্রাফিক লাইটে গ্রীন সিগনালের জন্য ড্রাইভারকে অপেক্ষা করতে বললেন। দেশের মানুষ তা প্রত্যক্ষ করলো গত বুধবার। সাবাশ জিয়া-খালেদার সন্তান তারেক রহমান। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেবার পর অহমবোধপ্রকাশ করেননি মি: রহমান। প্রতিপক্ষদের এরপর ২৪ পৃষ্ঠায়



## হাসিনার ৩ আত্মীয় তারেকের আস্থায়

আজকাল রিপোর্ট

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ২০২৪ এর গণঅভ্যুত্থানে ভারতে আশ্রীত। তার দল আওয়ামীলীগের সিংহভাগ নেতা সেখানে পলাতক কিংবা আশ্রয়ে রয়েছেন। ১৭ বছর ক্ষমতায় থাকাকালে আওয়ামী পরিবার তথা শেখ হাসিনার আত্মীয়স্বজনদের ছিল জয়জয়াকার। শেখ পরিবারের দাপটে প্রশাসন থেকে শুরু করে সর্বত্র ছিল দাপট। জাতীয় এরপর ৩১ পৃষ্ঠায়

## প্রধানমন্ত্রীকে অভিনন্দন বার্তা ট্রাম্পের

আজকাল রিপোর্ট

বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে চিঠি পাঠিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। চিঠিতে যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া বাণিজ্য চুক্তি বাস্তবায়ন এবং প্রতিরক্ষা চুক্তি করার আহ্বান জানিয়েছেন তিনি। ওয়াশিংটনের স্থানীয় সময় বুধবার, ১৮ ফেব্রুয়ারি হোয়াইট হাউস এরপর ৩১ পৃষ্ঠায়

## এসেমব্লিতে লড়ছেন জাকির, সানী ও শামসুল



আজকাল রিপোর্ট

বাংলাদেশি আমেরিকান জাকির চৌধুরী সিপিএ, জে মোল্লা সানি ও শামসুল হক লড়ছেন নিউইয়র্ক স্টেট এসেমব্লিতে। জাকির লড়ছেন বাংলাদেশীদের হাব ব্রংকসের পার্কচেষ্টার এলাকা থেকে। স্টেট এসেমব্লি ডিস্ট্রিক্ট-৮৭ তার নির্বাচনী এলাকা। সানি লড়বেন স্টেট এসেমব্লি ডিস্ট্রিক্ট'৩২ আসনে। শামসুল হক এসেমব্লি ডিস্ট্রিক্ট-৩০ থোকে নির্বাচন করার ঘোষণা দিয়েছেন। আগামী ২৩ জুন ২০২৩ ডেমোক্র্যাটিক প্রাইমারি নির্বাচন অনুষ্ঠিত এরপর ১৫ পৃষ্ঠায়



## মহান মাতৃভাষা দিবস কাল

আজকাল রিপোর্ট

কাল অমর একুশে ফেব্রুয়ারি ও মহান আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। এরপর ৫১ পৃষ্ঠায়

## বিএনপি শপথ না নেওয়ায় সংস্কার পরিষদের কী হবে



আজকাল রিপোর্ট

বাংলাদেশের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ীরা সংসদ সদস্য হিসেবে শপথ নিলেও অনিশ্চয়তা তৈরি হয়েছে সংবিধান সংস্কার পরিষদ নিয়ে। সংবিধানে এই পরিষদের শপথ নেওয়ার বিধান নেই উল্লেখ করে বিএনপি দলীয় সদস্যরা এমপি হিসেবে শপথ নিলেও প্রস্তাবিত এই এরপর ৫১ পৃষ্ঠায়

## বাংলাদেশ সোসাইটির কমিটির মেয়াদ ৩ বছর

আজকাল রিপোর্ট

প্রবাসি বাংলাদেশিদের মাদার সংগঠন হিসাবে পরিচিত 'বাংলাদেশ সোসাইটির' বিশেষ সাধারণ সভা গত ১৫ ফেব্রুয়ারি উডসাইডের কুইন্স প্যালেসে অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমানের এরপর ৩১ পৃষ্ঠায়

## মন্ত্রীদের শপথ বর্জন ভুল সংস্কৃতি জামায়াতের

আজকাল রিপোর্ট

বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী ও মন্ত্রীদের শপথ অনুষ্ঠানে জামায়াতে ইসলামী ও দলটির নেতৃত্বাধীন জোটের নির্বাচিত সংসদ সদস্যদের অনুপস্থিতি রাজনৈতিক অঙ্গনে আলোচনা তৈরি করেছে। মঙ্গলবার বিকেলে ওই শপথের কয়েক ঘণ্টা আগেই ত্রয়োদশ জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা নির্বাচিত হন জামায়াতের আমির শফিকুর রহমান। এরপর ৩১ পৃষ্ঠায়






























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAYCARE

# নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

## WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
elderplan a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik Managed Care
RiverSpring Living
MetroPlus Health
SWH Senior Whole Health





**SHAH NAWAZ** MBA
PRESIDENT & CEO

**FUHAD HUSSAIN**
CCO

**MOHAMMAD ZAHID ALAM**
CFO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

সর্বোচ্চ সেবার
**নিশ্চয়তা**

CALL US NOW:
**718-516-3425**

A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

Off: 718-516-3424 | newyorksadc.com | 116-33 Queens Blvd | 86-11 101 Avenue,
FAX: 646-568-6474 | intake@ny-sadc.com | Forest Hills, NY 11375 | Ozone Park, NY 11416


সালেহ উদ্দিন আহমদ-এর কলাম ভোটের মাঠে আওয়ামী নেতাদের উচ্ছিষ্ট, রুমিনের হাঁস ও জিএম কাদেরের দুশ্চিন্তা
১০ পৃষ্ঠায়


মাসুদ কামাল-এর কলাম বেহেশতের টিকিট কিংবা ফ্রি ইন্টারনেট
০৭ পৃষ্ঠায়


ড. আনোয়ারউল্লাহ চৌধুরী-এর কলাম সব প্রতিবন্ধকতা অতিক্রম করতে হবে
১২ পৃষ্ঠায়



সাপ্তাহিক আজকাল
Friday, 20 February 2026, Issue 910, www.ajkalusa.com



# শরণার্থী শিবিরে গাজাবাসির কষ্টের রমজান শুরু

আজকাল রিপোর্ট

ভঙ্গুর যুদ্ধবিরতির ফলে এবারও অনিশ্চয়তার মধ্যেই পবিত্র রমজান মাসের রোজা রাখছেন গাজাবাসী। কষ্টের রমজানের মধ্যেই শরণার্থী শিবিরগুলোতে সন্তানদের নিয়ে রমজানের মৃদু আনন্দ খুঁজে বেড়াচ্ছে হাজার হাজার বাস্তুচ্যুত ফিলিস্তিনিরা। এদের মধ্যে এমন একজন মাইসুন আল বারবারাউই। দুই সন্তানের মা- এই নারী নিজের তাঁবুতে সন্তানদের মুখে হাসি ফোটানোর চেষ্টা করছেন। জীর্ণ তাঁবুর ছাদে ঝুলছে সাধারণ কিছু সাজসজ্জা। ক্লান্ত কিন্তু তৃপ্তির হাসি নিয়ে মাইসুন তার নয় বছরের ছেলে হামাদকে বলেন, তোমার জন্য সাজসজ্জা আর একটি ছোট ফানুস এনেছি। অভাবের সংসার, তবুও সন্তানের মুখে আনন্দ দেখতে চান তিনি। আল জাজিরাকে তিনি বলেন, আমার সামর্থ্য সীমিত, কিন্তু গুরুত্বপূর্ণ হলো বাচ্চারা যেন খুশি থাকে। গত দুই বছরের যুদ্ধ আমাদের জীবনে যে শোক আর দুঃখের আবহ তৈরি করেছে, এই সাজসজ্জা যেন তার মধ্য থেকে একটু বেরিয়ে আসার পথ।



৫২ বছর বয়সী মাইসুন বলেন, আমার বড় ছেলে ১৫ বছরের, ছোটটি নয়। ওরাই আমার সবকিছু। প্রতিদিন তারা নিরাপদে আছে- এটাই কৃতজ্ঞতা আর আনন্দের জন্য যথেষ্ট।

গাজায় চলমান যুদ্ধ দুই বছর ধরে অসংখ্য প্রাণ কেড়ে নিয়েছে। ৭০ হাজারেরও বেশি ফিলিস্তিনি নিহত হয়েছেন বলে স্থানীয় সূত্রের দাবি। বর্তমান যুদ্ধবিরতি কিছুটা স্বস্তি আনলেও পরিস্থিতি পুরোপুরি শান্ত নয়। মাইসুন বলেন, যুদ্ধ পুরোপুরি থামেনি। মাঝে মাঝে এখনও গোলাবর্ষণ হয়। তবে আগের মতো এরপর ১৫ পৃষ্ঠায়



# উনবাঙালের মাতৃভাষা দিবস উৎযাপন

আজকাল রিপোর্ট

উনবাঙাল আয়োজিত আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও বাংলাদেশের শহীদ দিবসের বিশেষ অনুষ্ঠান 'উচ্চারণে মাতৃভাষার বিভাষ' গত ১৪ ফেব্রুয়ারি কুইন্স সেন্ট্রাল পাবলিক লাইব্রেরির প্রধান অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। রমজানের কারণে অনুষ্ঠানটি এক সপ্তাহ আগেই আয়োজন করা হয়।
উনবাঙালের শিল্পীদের সমবেত কণ্ঠে ভাষার গান 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' দিয়ে অনুষ্ঠান শুরু হয়। একে একে বেশ কিছু দলীয় সঙ্গীত ও একক সঙ্গীত পরিবেশনের মধ্য এরপর ৩৪ পৃষ্ঠায়

# আটলান্টিক সিটিতে শেপার একাডেমির প্রেসিডেন্ট ডে উদযাপন

আজকাল রিপোর্ট

নিউজার্সির আটলান্টিক সিটিতে গত ১৬ ফেব্রুয়ারি বাংলাদেশি আমেরিকানদের পরিচালিত কোচিং সেন্টার 'শেপার একাডেমি'র উদ্যোগে 'প্রেসিডেন্ট ডে' উদযাপন করা হয়েছে।
শেপার একাডেমি সেন্টারে অনুষ্ঠিত অনুষ্ঠানের বিভিন্ন আয়োজনের মধ্যে ছিল সুহৃদ সমাবেশ, কথামালা, কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ।
'শেপার'র প্রধান নির্বাহী শিপন সাখাওয়াৎ-এর সঞ্চালনায় অনুষ্ঠানে অংশ নেন সুব্রত চৌধুরী, তাসলিমা, মামুন ইসলাম , জসিমউদ্দীন, নাহিদা আক্তার, জলি, জেনিকার, কীর্তিমান দেব, সাদ কাদের, জুবায়ের প্রমুখ ।
কুইজ প্রতিযোগিতায় লাবিবা প্রথম, মেহরাব দ্বিতীয় ও মেরাজ তৃতীয় স্থান অর্জন করেন। অনুষ্ঠানে আগত অতিথিরা কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



# শিবলী প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রেস সচিব

আজকাল রিপোর্ট

আবু আব্দুল্লাহ এম ছালেহ শিবলী প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রেস সচিব হলেন। সরকারের প্রজ্ঞাপন জারি করে আবু আব্দুল্লাহ এম ছালেহ শিবলীকে প্রেস সচিব এবং আতিকুর রহমান রুমনকে অতিরিক্ত প্রেস সচিব হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। প্রেস সচিব আবু আব্দুল্লাহ এম ছালেহের নিয়োগের প্রজ্ঞাপনে বলা হয়, তাকে অন্য যেকোনো পেশা, ব্যবসা বা সরকারি/আধা-সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের এরপর ১৫ পৃষ্ঠায়



# ব্রঙ্কসে বাংলাদেশ সোসাইটির যৌথ সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ব্রঙ্কসে বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের উপদেষ্টা ও কার্যনির্বাহী কমিটির যৌথ সভা গত ১৭ ফেব্রুয়ারি ব্রঙ্কসের স্টার্লিন বাংলাবাজারের হাসান চাইনিজ রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়।
সভায় উপস্থিত বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের নবনির্বাচিত উপদেষ্টা মন্ডলীর সদস্যরা হলেন সর্বজনাব বিশিষ্ট সংগঠক আব্দুস শহীদ, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, কাওছারুজ্জামান কয়েস, খবির উদ্দিন ভূঁইয়া, সাবেক কমিশনার কামাল উদ্দিন, সামাদ মিয়া জাকারিয়া। এরপর ৪৭ পৃষ্ঠায়

# গাজীপুর সোসাইটির নতুন কমিটি গঠন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জ্যামাইকায় 'গাজীপুর সোসাইটি অব ইউএসএ ইনক'র নতুন কমিটি গঠিত হয়েছে। গত ১৩ ফেব্রুয়ারি জ্যামাইকার স্টার কাবাব রেস্টুরেন্টের পার্টি হলে উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশি আমেরিকান'র উপস্থিতিতে এবং সংগঠনের সকল সদস্যের উপস্থিতিতে এই সংগঠনের নতুন কমিটির ঘোষণা করা হয়।
এতে সভাপতি হিসাবে মনোনীত হন মোমেন সরকার, সাধারণ সম্পাদক হিসাবে মনোনীত হন ইবনে আলী। উপস্থিত ছিলেন জালাল সরকার ও শামসুদ্দিন। উপদেষ্টা হিসেবে ছিলেন বিশিষ্ট কমিউনিটি ব্যক্তিত্ব, বীর মুক্তিযোদ্ধা তমিজ উদ্দিন আহমেদ, বেলাল সরকার, আসাদুজ্জামান বকসী, জহিরুল হক, সেলিম, মাহাবুব বকসী, আমিনুল এরপর ১৫ পৃষ্ঠায়



# ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির অভিষেক সম্পন্ন

আজকাল রিপোর্ট

ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির অভিষেক অনুষ্ঠান ২০২৬ আনন্দঘন পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। এ সময় সেমিনার, শিক্ষাবৃত্তি বিতরণ, অ্যাওয়ার্ড প্রদান, ম্যাগাজিন প্রকাশ, কবিতা আবৃত্তি ও সংগীত অনুষ্ঠানের আয়োজ করা হয়। কমিউনিটির বিশিষ্টজন, এমপি, ডেপুটি মেয়র, সংস্কৃতিকর্মী, শিক্ষক, সাংবাদিকদের উপস্থিতিতে জাঁকজমকপূর্ণভাবে আয়োজনটি সম্পন্ন হয়েছে।
গত ১৫ ফেব্রুয়ারি, বিকেলে পূর্বলন্ডনে একটি হলরুমে ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির বিদায়ী প্রেসিডেন্ট, সাজিদুর রহমান ১৫ সদস্য এরপর ৩৪ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE
GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com
ফ্রি কনসালটেশন
74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।
• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?
IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.
ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.
Call: 718-263-5999
• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ
আমরা ৭ দিন খোলা We are open 7 days
আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

## আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**



Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়

# মব সংস্কৃতির কবর রচিত হোক

দেশের রাজনৈতিক ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ দিন ছিল গত মঙ্গলবার ১৭ ফেব্রুয়ারি। তারেক রহমানের নেতৃত্বে জনগণের ভোটে নির্বাচিত বিএনপি সরকার আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করল। গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্বাচিত সরকারের এই প্রত্যাবর্তন শুধু ক্ষমতা হস্তান্তরের আনুষ্ঠানিকতা নয়; এটি দেশের জনগণের প্রত্যাশা ও স্বপ্নপূরণের পথে এক নতুন অভিযাত্রার সূচনা। নতুন সরকারকে আন্তরিক অভিনন্দন।

নির্বাচন মানেই কিছু না কিছু বিতর্ক, মতভেদ ও রাজনৈতিক উত্তাপ। কিন্তু জনগণের রায় সবকিছুর ঊর্ধ্বে। সেই রায়কে সম্মান জানিয়ে নতুন সরকারের সামনে এখন প্রধান কাজ-জাতিকে ঐক্যবদ্ধ রাখা এবং আস্থার পরিবেশ গড়ে তোলা। নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের পাশাপাশি প্রমাণ করতে হবে, তারা কেবল দল বা জোটের নয়, সমগ্র জাতির সরকার।

> জনগনের বহু প্রতীক্ষিত একটি সংসদ নির্বাচন হলো ১২ ফেব্রুয়ারি। মুক্তিযুদ্ধের চেতনাকে বুকে নিয়ে ও ২৪ এর অভ্যুত্থানকে ধারন করে তারেক রহমান নির্বাচনী যুদ্ধে লিপ্ত হন। সকল উস্কানীকে পেছনে ফেলে ধৈর্য ও সহনশীলতায় ৩১ দফা নির্বাচনী প্রতিশ্রুতি নিয়ে মানুষের কাছে ছুটে যান। দেশের মানুষের আস্থা অর্জন করে নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে বিজয় পান। বাবা শহীদ জিয়াউর রহমান ও মা বেগম খালেদা জিয়ার লেগেছিকে ধারণ করেই তিনি এগিয়ে যাবেন এমন প্রত্যাশা সাধারন মানুষের। সন্ত্রাস, চাঁদাবাজি ও হঠকারি রাজনীতির অবসান ঘটিয়ে তিনি নতুন সরকারের নেতৃত্ব দিবেন

দেশ আজ নানা চ্যালেঞ্জের মুখোমুখি। অর্থনৈতিক চাপ, দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, কর্মসংস্থানের সংকট, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ-এসব সমস্যা মোকাবিলায় সরকারকে যথাযথ নীতিনির্ধারণ ও কার্যকর পদক্ষেপ নিতে হবে। অর্থনীতির চেহারা ফেরাতে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান সুদৃঢ় করা, বিনিয়োগ আকর্ষণ এবং রপ্তানি বাজার সম্প্রসারণ জরুরি। উন্নয়ন যেন কেবল পরিসংখ্যানের খাতায় সীমাবদ্ধ না থেকে মানুষের বাস্তবজীবনে দৃশ্যমান স্বস্তি নিয়ে আসে, এটাই প্রত্যাশা।

নতুন সরকারের জন্য সবচেয়ে বড় পরীক্ষা হবে দেশে সুশাসন প্রতিষ্ঠা। দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান, প্রশাসনের প্রকৃত জবাবদিহি নিশ্চিতকরণ এবং আইনের শাসন সুসংহত করা ছাড়া টেকসই অগ্রগতি কোনোভাবেই সম্ভব নয়। বিরোধী মত ও সমালোচনাকে গণতন্ত্রের সহায়ক হিসেবে গ্রহণ করার মানসিকতা দেখাতে হবে। সংসদকে কার্যকর ও প্রাণবন্ত করে তুলতে সরকার ও বিরোধী দলের গঠনমূলক ভূমিকা এখন অপরিহার্য। রাজনৈতিক সহিংসতা তথা আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের প্রশ্নে সরকারকে স্পষ্ট বার্তা দিতে হবে-রাষ্ট্র কোনো পক্ষের নয়, রাষ্ট্র সবার। প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যেন দলীয় আনুগত্যের অভিযোগে প্রশ্নবিদ্ধ না হয়, সে বিষয়ে কঠোর নজরদারি প্রয়োজন। ন্যায়বিচার যদি দৃশ্যমান না হয়, তবে শাসনের নৈতিক ভিত্তি দুর্বল হয়ে পড়ে। রাষ্ট্রীয় মদদে মব সৃষ্টির সংস্কৃতি চালু ছিল গত ১৮ মাস। মানুষ ছিল আতংকিত। মবকে জায়েজ করার জন্য নাম দেয়া হয়েছিল প্রতিরোধ। গ্রাম থেকে শহর সব জায়গায় মব ছিল এক আতংকের নাম। নতুন স্বরাষ্ট্রমন্ত্রী নিশ্চয়ই তা দমনে কঠোর হবেন।

স্মরণ রাখা প্রয়োজন, ক্ষমতা ক্ষণস্থায়ী, কিন্তু ইতিহাস স্থায়ী। ইতিহাস কাউকে ছাড় দেয় না। যে সরকার জনগণের আস্থা অর্জন করতে পারে, ইতিহাসে মর্যাদার আসন তারাই পায়। তাই নতুন সরকারের প্রতি আহ্বান, স্বচ্ছতা, দায়িত্বশীলতা ও সহনশীলতার মাধ্যমে একটি অন্তর্ভুক্তিমূলক শাসনব্যবস্থা গড়ে তুলুন।

নতুন সরকারের এই সূচনালগ্নে আমরা আশাবাদী হতে চাই। রাজনৈতিক বিভাজন পেরিয়ে জাতীয় স্বার্থকে অগ্রাধিকার দেওয়া হোক। নির্বাচনী প্রতিশ্রুতি যেন বাস্তবতায় রূপ পায়। উন্নয়ন যেন হয় সমতার ভিত্তিতে। সর্বোপরি সবার সম্মিলিত প্রচেষ্টায় গণতন্ত্র যেন প্রাতিষ্ঠানিক রূপ পায়-সেই প্রত্যাশা রইল।

সরকারের সামনে দীর্ঘ পথ, বহু চ্যালেঞ্জ। তবে আন্তরিকতা, সদিচ্ছার পাশাপাশি জনগণকে আস্থায় নিলে পথচলা সহজ হবে। এখন সময় কথার নয়, কাজের। জাতি তাকিয়ে আছে, অনেক আশা নিয়ে।

# তারেক রহমানের শপথ ও এক অনুপস্থিতির অনুভব

প্রফেসর ড. খালিদুর রহমান



তারেক রহমান মঙ্গলবার বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন। দেশের রাজনৈতিক ইতিহাসে এটি একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত। নানা চ্যালেঞ্জ, পরিবর্তন ও দীর্ঘ পথ চলার মধ্য দিয়ে তিনি রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছেন। এই অবস্থানে পৌঁছাতে তাকে সময়, ধৈর্য এবং ধারাবাহিক সম্পৃক্ততার মধ্য দিয়ে এগোতে হয়েছে, যা তার রাজনৈতিক জীবনে একটি স্বতন্ত্র পরিচয় তৈরি করেছে। তবে এই ঐতিহাসিক মুহূর্তে একটি গভীর অনুপস্থিতি অনুভূত হচ্ছে। তার মা, সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া, এই দৃশ্য দেখে যেতে পারলেন না। ব্যক্তি ও পারিবারিক স্তরে এটি নিঃসন্দেহে এক বেদনাদায়ক বাস্তবতা।

বাংলাদেশের রাজনীতিতে পরিবার ও উত্তরাধিকার একটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। সেই প্রেক্ষাপটে তারেক রহমান এমন এক পরিবারের প্রতিনিধি, যার সঙ্গে দেশের রাজনৈতিক ইতিহাস নিবিড়ভাবে জড়িত। তার পিতা, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, এবং তার মা খালেদা জিয়া দীর্ঘ সময় দেশের নেতৃত্ব দিয়েছেন। এই ঐতিহ্য তাকে একটি পরিচিত পরিসরে নিয়ে এলেও, নিজের অবস্থান গড়ে তুলতে তাকে সাংগঠনিক কাজ, রাজনৈতিক সম্পৃক্ততা এবং সময়ের পরীক্ষার মধ্য দিয়ে যেতে হয়েছে। উত্তরাধিকার একটি ভিত্তি তৈরি করে, কিন্তু নেতৃত্ব প্রতিষ্ঠা করতে প্রয়োজন ধারাবাহিক অংশগ্রহণ ও সক্ষমতা, যা তিনি ধীরে ধীরে অর্জন করেছেন।

> এই মানবিক অনুভূতিই আজকের দিনের সবচেয়ে গভীর দিক। বাংলাদেশের ইতিহাসে আজকের(মঙ্গলবারের) দিনটি দায়িত্ব গ্রহণের দিন, ধারাবাহিকতার দিন এবং নতুন প্রত্যাশার দিন। তারেক রহমানের প্রতি এই স্বীকৃতি তার দীর্ঘ রাজনৈতিক সম্পৃক্ততা, ধৈর্য এবং নেতৃত্বের সক্ষমতার প্রতি এক ধরনের আস্থা। এখন সামনে কাজের সময়। ভবিষ্যৎ নির্ধারিত হবে তার সিদ্ধান্ত, নীতি ও কর্মপরিকল্পনার মাধ্যমে। ইতিহাস শেষ পর্যন্ত নেতৃত্বের প্রতিশ্রুতি নয়, তার বাস্তবায়নকেই মূল্যায়ন করে

তার রাজনৈতিক জীবনের একটি গুরুত্বপূর্ণ অধ্যায় শুরু হয় ২০০৭ সালের প্রেক্ষাপটে। সে সময়ের ঘটনাপ্রবাহ তার জীবনে বড় পরিবর্তন আনে। কারাবাস, স্বাস্থ্যগত চ্যালেঞ্জ এবং পরবর্তী সময়ে চিকিৎসার জন্য বিদেশে অবস্থান তার ব্যক্তিগত ও রাজনৈতিক জীবনে গভীর প্রভাব ফেলে। পরে তিনি যুক্তরাজ্য থেকে দলের কর্মকাণ্ডে যুক্ত থাকেন। দেশের বাইরে থেকেও সংগঠনের সঙ্গে যোগাযোগ বজায় রাখা, নীতিগত দিকনির্দেশনা দেওয়া এবং দলীয় কাঠামোকে সক্রিয় রাখা সহজ কাজ ছিল না। তবুও তিনি সেই দায়িত্ব পালন করেন এবং ধীরে ধীরে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে নেতৃত্বের ভূমিকা নেন।

বিদেশে অবস্থানকাল তার রাজনৈতিক পরিপক্কতায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। দূরত্ব সত্ত্বেও তিনি দলের নেতাকর্মীদের সঙ্গে সংযোগ রক্ষা করেন এবং সাংগঠনিক কার্যক্রমে ধারাবাহিকতা বজায় রাখেন। অনলাইন মাধ্যমে বক্তব্য, পরামর্শ এবং পরিকল্পনা প্রণয়নের মধ্য দিয়ে তিনি নিজেকে একটি কার্যকর নেতৃত্বের অবস্থানে প্রতিষ্ঠিত করেন। এই অভিজ্ঞতা তাকে ধৈর্য, পরিকল্পনা এবং দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গির গুরুত্ব অনুধাবনে সহায়তা করেছে।

সময়ের সঙ্গে সঙ্গে দেশের রাজনৈতিক বাস্তবতা পরিবর্তিত হয়েছে। দীর্ঘ সময় বিরোধী রাজনীতিতে সক্রিয় থাকার পর নতুন প্রেক্ষাপট তৈরি হয়। রাজনৈতিক সমীকরণ, জোটের পুনর্বিন্যাস এবং জনমতের পরিবর্তনের ধারায় তার দলের জন্য নতুন সম্ভাবনা তৈরি হয়। সেই ধারাবাহিকতায় তিনি মঙ্গলবার প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিলেন। এটি শুধু ব্যক্তিগত অর্জন নয়, বরং দীর্ঘ রাজনৈতিক সম্পৃক্ততার একটি পরিণতি।

তার ব্যক্তিজীবনের পথচলাও ছিল অভিজ্ঞতায় সমৃদ্ধ। পরিবার থেকে দূরে থাকা, পারিবারিক শোক, মায়ের অসুস্থতা এবং রাজনৈতিক ব্যস্ততা তার জীবনকে নানা মাত্রায় প্রভাবিত করেছে। খালেদা জিয়ার রাজনৈতিক জীবনও ছিল দীর্ঘ ও ঘটনাবহুল। মা ও ছেলে দুই প্রজন্মের রাজনৈতিক যাত্রায় অভিজ্ঞতা, দায়িত্ববোধ এবং দলীয় অঙ্গীকার গুরুত্বপূর্ণ উপাদান হয়ে থেকেছে। এই অভিজ্ঞতা তাদের ব্যক্তিগত সম্পর্ককে যেমন দৃঢ় করেছে, তেমনি রাজনৈতিক উপলব্ধিকেও গভীর করেছে।

এ দিনে সবচেয়ে স্পর্শকাতর বিষয় হলো, খালেদা জিয়া এই দৃশ্য প্রত্যক্ষ করতে পারলেন না। একজন মায়ের কাছে সন্তানের এমন অর্জন বিশেষ তাৎপর্য বহন করে। দেশের সর্বোচ্চ নির্বাহী দায়িত্ব গ্রহণের মুহূর্তে তার অনুপস্থিতি এই দিনটিকে আরও আবেগঘন করে তুলেছে। রাজনৈতিক সাফল্যের বাইরে এই মানবিক অনুভূতিই আজকের দিনের অন্যতম গভীর দিক।

এরপর ২৮ পৃষ্ঠায়

# জিতেছে বাংলাদেশ, হেরেছে মব সন্ত্রাস

নিয়াজ মাহমুদ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে শুধু বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি জয়ী হয়নি-জয়ী হয়েছে বাংলাদেশ। ৩০ লক্ষ শহীদের রক্তে অর্জিত এই রাষ্ট্র কোনো দল, কোনো গোষ্ঠী কিংবা কোনো মতাদর্শের একচেটিয়া সম্পত্তি নয়। সেই সত্যটাই এবারের নির্বাচন আবারও স্মরণ করিয়ে দিয়েছে।

ফল ঘোষণার পর থেকেই রাজনৈতিক অঙ্গনে শুরু হয়েছে হিসাব-নিকাশ। কে কোথায় জিতল, কে কেন হারল, কোন সমীকরণ কাজ করল-এসব বিশ্লেষণেই ভরপুর সংবাদমাধ্যম, টকশো ও সামাজিক যোগাযোগমাধ্যম। ২৯৭টি আসনের মধ্যে বিএনপি পেয়েছে ২১২টি আসন-একটি নিরঙ্কুশ ও ভূমিধস বিজয়। অন্যদিকে বাংলাদেশ জামায়াতে ইসলামী নেতৃত্বাধীন জোট পেয়েছে ৭৭টি আসন। স্বতন্ত্র প্রার্থীরা ৭টি এবং ইসলামী আন্দোলন পেয়েছে একটি আসন।

ঢাকার ২০টি আসনের মধ্যে ১৩টিতে বিএনপি এবং ৭টিতে জামায়াত জোটের প্রার্থীরা জয়ী হয়েছেন। তবে ফলাফল যতটা একপেশে মনে হয়, বাস্তবতা ততটা নয়। রাজধানীর অধিকাংশ আসনেই লড়াই ছিল হাড্ডাহাড্ডি। অল্প ভোটের ব্যবধানে কয়েকজন প্রার্থী হেরে গেছেন। এমনকি দু'জন প্রার্থী আনুষ্ঠানিকভাবে নির্বাচন কমিশনে কারচুপির অভিযোগও করেছেন।

জামায়াতের অতীত নির্বাচনী ইতিহাসের দিকে তাকালে এবারের ফলাফল নিঃসন্দেহে ব্যতিক্রমী। ১৯৯১ সালে তারা ১৮টি আসন পেলেও ১৯৯৬ সালে নেমে আসে মাত্র তিনে। ২০০১ সালে বিএনপি জোটের অংশ হিসেবে ১৭টি আসন, আর ২০০৮ সালে মাত্র দুটি আসন নিয়ে সংসদে যায় দলটি। এরপর আদালতের রায়, দমন-পীড়ন এবং সাংগঠনিক সংকটে তারা দীর্ঘদিন রাজনীতির প্রান্তে ছিল।

সেই প্রেক্ষাপটে এবারের নির্বাচন তাদের জন্য এক ধরনের 'রাজনৈতিক পুনরাগমন'। আসনের সংখ্যা আগের সব রেকর্ড ছাড়িয়েছে। এটাকে অস্বীকার করার সুযোগ নেই। কিন্তু প্রশ্ন হলো-এই অর্জন কি তারা টেকসই করতে পেরেছে? নাকি বড় সুযোগ এসেও রাজনৈতিক ভুলে তা আংশিকভাবে হাতছাড়া হয়েছে?



ভূমিধস জয়ের মাঝেও বিএনপির জন্য সতর্কবার্তা রয়েছে। সাতক্ষীরা, মেহেরপুর, চাঁপাইনবাবগঞ্জ, চুয়াডাঙ্গা, রংপুর, কুড়িগ্রাম ও নীলফামারী-এই জেলাগুলোতে বিএনপি একটি আসনও পায়নি। অর্থাৎ গ্রাম ও মফস্বলের কিছু অঞ্চলে দলটির সাংগঠনিক দুর্বলতা স্পষ্ট। জনগণ 'আস্থা' দিয়েছে, 'চেক' দিয়েছে-খোলা লাইসেন্স নয়।

চব্বিশের গণ-অভ্যুত্থানের পর বাস্তবতা একেবারেই ভিন্ন। ক্ষমতাচ্যুত বাংলাদেশ আওয়ামী লীগ নির্বাচনের বাইরে থাকায় প্রতিযোগিতা গিয়ে ঠেকেছে মূলত বিএনপি বনাম জামায়াত-এনসিপি এই দুই মেরুতে। এমন পরিস্থিতিতে জামায়াতের সামনে ছিল দুটি ঐতিহাসিক সুযোগ-এক, সংখ্যার দিক থেকে সর্বোচ্চ অর্জন;

দুই, রাজনৈতিকভাবে মধ্যম ও অনিশ্চিত ভোটারকে আশ্বস্ত করা। প্রথম সুযোগটি তারা কাজে লাগিয়েছে। দ্বিতীয়টিতে হোঁচট খেয়েছে।

৫ আগস্টের পর জামায়াত-সমর্থিত কিছু বুদ্ধিজীবী, বক্তা ও অনলাইন অ্যাকটিভিস্টদের বক্তব্যে একটি স্পষ্ট প্রবণতা দেখা গেছে-বাংলাদেশের প্রতিষ্ঠার ইতিহাসকে নতুন করে ফ্রেম করার চেষ্টা। মুক্তিযুদ্ধের সময় দলটির ভূমিকা নিয়ে অনুশোচনা তো দূরের কথা, উল্টো স্বাধীনতার ঘোষণার মতো সংবেদনশীল বিষয়ে 'নয়া বয়ান' হাজির করা হয়েছে। এর সঙ্গে যুক্ত হয়েছে তথাকথিত 'কালচারাল ওয়ার'। প্রথম আলো, দ্য ডেইলি স্টার, ছায়ানট ও উদীচী-এর ওপর আক্রমণের ঘটনাগুলো শুধু বিচ্ছিন্ন ঘটনা নয়; এগুলো মনস্তাত্ত্বিকভাবে বড় প্রভাব ফেলেছে।

বিশ্ববিদ্যালয়ের কয়েকটি ছাত্র সংসদে জামায়াত-শিবির সমর্থিত নেতাদের বক্তব্যে এই হামলার পক্ষে উসকানিমূলক ভাষা দেখা গেছে-অন্তত প্রকাশিত ভিডিওগুলো সেই ধারণাই তৈরি করেছে। একই সময়ে টক শো ও সোশ্যাল মিডিয়ায় অভিযোগ উঠেছে, "মিডিয়া আমাদের বিরুদ্ধে।" সমালোচনা আর আক্রমণকে বৈধতা দেওয়া এক জিনিস নয়। এই পার্থক্যটি জামায়াতের অনলাইন কর্মীরা ধরতে পারেনি। ফলে সাংবাদিক সমাজে এক ধরনের ক্ষত তৈরি হয়েছে-যা নির্বাচনের আগ পর্যন্ত শুকায়নি।

দলটি অতিমাত্রায় সোশ্যাল মিডিয়া ও কয়েকজন ইউটিউবারের ওপর নির্ভরশীল হয়ে পড়ে। কিন্তু ভোটের বাস্তব হিসাব ভিন্ন কথা বলে। যদি ফলোয়ারই ভোট হতো, তাহলে ৭ মিলিয়নের বেশি ফলোয়ার থাকা স্বতন্ত্র প্রার্থী তাসনিম জারা হেরে যেতেন না। রাজনীতি কেবল অনলাইন ট্রেন্ডে চলে না-এটা মাঠ, মন ও মধ্যমপন্থীদের আস্থার খেলা।

কবর থেকে লাশ তুলে পুড়িয়ে দেওয়ার মতো ভয়াবহ ঘটনার পর জামায়াতের নীতি নির্ধারকদের নীরবতা জনগণের মনে গভীর প্রশ্ন তৈরি করেছে। বাংলাদেশ ধর্মভীরু দেশ-কিন্তু উগ্রবাদী নয়। পাকিস্তান বা আফগানিস্তানের মতো রাষ্ট্র-চিন্তা বাংলাদেশের মানুষের মানসিকতার সঙ্গে যায় না।

সবকিছু মিলিয়ে বলা যায়-দেশের মানুষ বিএনপিকে আরেকবার সুযোগ দিয়েছে। কিন্তু সেই সুযোগ শর্তসাপেক্ষ। শহরে মধ্যবিত্ত, তরুণ ভোটার ও

এরপর ৩১ পৃষ্ঠায়

> যেখানে আমরা দেখেছি অপ্রতিরোধ্য নিরঙ্কুশ বিজয়। আজকের এই বিজয় শুধু বিএনপি'র না, এই বিজয় গণতন্ত্রের, এই বিজয় বাংলাদেশের। এই নির্বাচনে কোনো দল এককভাবে বিজয়ী নয়। বিজয়ী হয়েছে বাংলাদেশের জনগণ-যারা উগ্রতা প্রত্যাখ্যান করেছে, কিন্তু পরিবর্তনের আকাঙ্ক্ষা ছাড়েনি। যারা এই বার্তা বুঝবে, তারাই টিকে থাকবে। ব্যালট বাক্সে রায় হয়ে গেছে। এবার রাজনীতিবিদদের পালা-এই রায় বোঝার

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# ধর্মের নামে রাজনীতির ভাঙন ও জনবোধের স্পষ্ট রায়

সহিদুল আলম স্বপন

১২ ফেব্রুয়ারির জাতীয় নির্বাচন বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসে একটি স্পষ্ট বার্তা রেখে গেছে। এই নির্বাচন শুধু ক্ষমতার পালাবদলের ইঙ্গিত দেয়নি, বরং ধর্ম, রাজনীতি ও সাম্প্রদায়িকতা নিয়ে দীর্ঘদিন ধরে প্রচলিত কিছু ধারণাকে নতুন করে প্রশ্নের মুখে দাঁড় করিয়েছে। জনগণের রায় বলছে ধর্মীয় মূল্যবোধ আর ধর্মের নামে রাজনীতি এক বিষয় নয়। এই পার্থক্যটি এবার ব্যালটের ভাষায় স্পষ্ট হয়েছে।

সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী হয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) সরকার গঠনের পথে।

এই ফলাফলকে ধর্মভিত্তিক রাজনীতির উত্থান হিসেবে ব্যাখ্যা করার একটি চেষ্টা করা হবে, আবার দক্ষিণপন্থীদের বিকাশও বলা হবে । কিন্তু একই নির্বাচনে ধর্মের নামে দীর্ঘদিন রাজনীতি করা বাংলাদেশ জামায়াতে ইসলামী যেভাবে প্রত্যাখ্যাত হয়েছে, তা সেই ব্যাখ্যাকে দুর্বল করে দেয়। বাস্তবতা হলো এটি ধর্মের জয় বা পরাজয়ের নির্বাচন নয়; এটি রাজনৈতিক বোধ ও বাস্তবতার নির্বাচন।

জামায়াতে ইসলামীর পরাজয় এই নির্বাচনের সবচেয়ে তাৎপর্যপূর্ণ দিকগুলোর একটি। এটি কোনো আকস্মিক ঘটনা নয়। দলটির রাজনৈতিক সংকট দীর্ঘদিনের। স্বাধীনতা যুদ্ধের প্রশ্নে অবস্থান, সাম্প্রদায়িক রাজনীতির ঐতিহ্য এবং ধর্মকে ক্ষমতার হাতিয়ার হিসেবে ব্যবহারের প্রবণতা এই সবকিছু মিলিয়ে তারা ক্রমেই জনগণের মূলধারা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। ১২ ফেব্রুয়ারির ফলাফল সেই বিচ্ছিন্নতারই প্রকাশ।

এই পরাজয় প্রমাণ করে, বাংলাদেশের মানুষ ধর্মপ্রাণ হলেও ধর্মান্ধ নয়। ধর্ম তাদের বিশ্বাসের অংশ, কিন্তু ভোট দেওয়ার সময় তারা ধর্মের মোড়কে রাজনীতি খোঁজে না। জামায়াত ধরে নিয়েছিল, ধর্মীয় পরিচয়ই ভোটের প্রধান ভিত্তি। জনগণ সেই ধারণাকে স্পষ্টভাবে নাকচ করেছে। মসজিদে নামাজ পড়া আর সাম্প্রদায়িক রাজনীতিকে সমর্থন করা এই দুইয়ের মধ্যে ভোটাররা পরিষ্কার সীমারেখা টেনে দিয়েছে।

অন্যদিকে বিএনপির বিজয়ের পেছনে ছিল ভিন্ন বাস্তবতা। দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি, কর্মসংস্থানের সংকট, ভোটাধিকার প্রশ্ন এবং শাসনব্যবস্থার ওপর অসন্তোষ এই বিষয়গুলোই ছিল নির্বাচনী আলোচনার কেন্দ্রে। বিএনপি এই সামাজিক ও অর্থনৈতিক চাপকে রাজনৈতিক ভাষা দিতে পেরেছে। এখানে ধর্ম কোনো নির্ধারক ইস্যু ছিল না; ছিল নাগরিক অধিকার ও রাষ্ট্র পরিচালনার প্রশ্ন।

এই নির্বাচন আরও একটি বিষয় সামনে এনেছে বাংলাদেশের সমাজে ধর্মীয় সম্প্রীতি এখনও একটি কার্যকর বাস্তবতা। নির্বাচনী সময়ে বড় ধরনের সাম্প্রদায়িক সহিংসতার অনুপস্থিতি দেখিয়ে দেয়, উগ্রবাদ সমাজের স্বাভাবিক চরিত্র নয়। এটি একটি রাজনৈতিক প্রকল্প, যা জনগণের সমর্থন ছাড়া টিকে থাকতে পারে না। ১২ ফেব্রুয়ারির ভোটে সেই প্রকল্প ব্যর্থ হয়েছে।

জামায়াতের পরাজয়কে ধর্মের পরাজয় হিসেবে দেখার সুযোগ নেই। বরং এটি ধর্মের নামে রাজনীতির পরাজয়। ধর্মকে রাজনৈতিক ঢাল হিসেবে ব্যবহার করার প্রবণতা শেষ পর্যন্ত ধর্মকেই প্রশ্নবিদ্ধ করে এই সত্যটি ভোটাররা তাদের রায়ের মাধ্যমে আবারও স্পষ্ট করেছে।



এই বাস্তবতায় ধর্মনিরপেক্ষতার প্রশ্নটি নতুন করে গুরুত্ব পাচ্ছে। এই নির্বাচন দেখিয়ে দিয়েছে, ধর্মনিরপেক্ষতা মানে ধর্মহীনতা নয়। বরং ধর্মনিরপেক্ষতা মানে রাষ্ট্র পরিচালনায় ধর্মীয় আধিপত্য না রেখে সব নাগরিকের সমান অধিকার নিশ্চিত করা। জনগণ এমন রাষ্ট্রব্যবস্থার পক্ষেই অবস্থান নিয়েছে, যেখানে ধর্ম থাকবে ব্যক্তিগত বিশ্বাসে, আর রাষ্ট্র চলবে সংবিধান ও আইনের শাসনে।

এখানে ধর্মান্ধতার রাজনীতি একটি বড় ধাক্কা খেয়েছে। কারণ এই রাজনীতি নারীর অধিকারকে ধর্মের সঙ্গে সাংঘর্ষিক হিসেবে উপস্থাপন করে। কিন্তু বাস্তবে ধর্মীয় বিশ্বাস আর নারীর সামাজিক-রাজনৈতিক অধিকার একে অপরের বিরোধী নয় এই বোধটি ভোটাররা কার্যত প্রতিষ্ঠা করেছেন। ধর্মকে নারীর বিরুদ্ধে ব্যবহার করার চেষ্টা তাই এবার রাজনৈতিকভাবে ব্যর্থ হয়েছে।

নির্বাচনের ফলাফল আরও একটি বিষয় স্পষ্ট করে নারীর অধিকার প্রশ্নে বাংলাদেশি সমাজ একমুখী নয়, কিন্তু পশ্চাদমুখীও নয়। এখানে বিতর্ক আছে, মতভেদ আছে, কিন্তু সামগ্রিক দিকনির্দেশনা অগ্রগতির। ধর্মান্ধতার ভাষা দিয়ে সেই অগ্রগতিকে থামিয়ে দেওয়া যাবে এমন ধারণা ভোটাররা প্রত্যাখ্যান করেছে।

এখন দায়িত্ব নতুন সরকারের। এই জনরায়কে ভুল ব্যাখ্যা করলে বিপদ আছে। যদি ধর্মকে তোষণ বা রাজনৈতিক সুবিধার হাতিয়ার হিসেবে ব্যবহার করা হয়, তবে এই আস্থা দীর্ঘস্থায়ী হবে না। জামায়াতের পরাজয় থেকে শিক্ষা নেওয়া শুধু একটি দলের জন্য নয়; এটি পুরো রাজনৈতিক ব্যবস্থার জন্য প্রযোজ্য।

১২ ফেব্রুয়ারির নির্বাচন তাই কেবল একটি নির্বাচনী ফল নয়। এটি একটি সামাজিক রায়। এই রায় বলছে বাংলাদেশ ধর্মপ্রাণ, কিন্তু সাম্প্রদায়িক নয়; আবেগী, কিন্তু অন্ধ নয়। এই সত্যকে উপেক্ষা করার সুযোগ আর নেই।

লেখক: সুইজারল্যান্ডভিত্তিক বেসরকারি ব্যাংকিং আর্থিক অপরাধ বিশেষজ্ঞ কলামিস্ট ও কবি।



> এখানে বিতর্ক আছে, মতভেদ আছে, কিন্তু সামগ্রিক দিকনির্দেশনা অগ্রগতির। ধর্মান্ধতার ভাষা দিয়ে সেই অগ্রগতিকে থামিয়ে দেওয়া যাবে এমন ধারণা ভোটাররা প্রত্যাখ্যান করেছে। এখন দায়িত্ব নতুন সরকারের। এই জনরায়কে ভুল ব্যাখ্যা করলে বিপদ আছে। যদি ধর্মকে তোষণ বা রাজনৈতিক সুবিধার হাতিয়ার হিসেবে ব্যবহার করা হয়, তবে এই আস্থা দীর্ঘস্থায়ী হবে না। জামায়াতের পরাজয় থেকে শিক্ষা নেওয়া শুধু একটি দলের জন্য নয়; এটি পুরো রাজনৈতিক ব্যবস্থার জন্য প্রযোজ্য। ১২ ফেব্রুয়ারির নির্বাচন তাই কেবল একটি নির্বাচনী ফল নয়। এটি একটি সামাজিক রায়। এই রায় বলছে বাংলাদেশ ধর্মপ্রাণ, কিন্তু সাম্প্রদায়িক নয়; আবেগী, কিন্তু অন্ধ নয়। এই সত্যকে উপেক্ষা করার সুযোগ আর নেই

# জামায়াতের ‘ঢাকা দখল’ ও বড় উত্থান এবং কিছু ইঙ্গিতের ভোট

মনোজ দে

> ভোট দেওয়া ভোটারদের মধ্যে প্রায় ৩২ শতাংশ সমর্থন দিয়েছে জামায়াতকে। বিএনপি প্রতি সমর্থন দিয়েছে ৪৯ দশমিক ৬০ শতাংশ ভোটার। নারীদের, বিশেষ করে শহর অঞ্চলের ও কর্মজীবী নারী ভোটার এবং গত দেড় বছরে নানাভাবে আক্রান্ত জাতিগত, ধর্মীয় ও সম্প্রদায়গত সংখ্যালঘুদের ভোট বিএনপিকে অনেক আসনে জিততে সহায়তা করেছে। বাংলাদেশের রাজনীতিতে দক্ষিণপন্থার উত্থানের পেছনে যুক্তরাষ্ট্রের সন্ত্রাসবাদবিরোধী যুদ্ধ প্রকল্প, ভারতের শাসক দল বিজেপির হিন্দুত্ববাদী রাজনীতি এবং আওয়ামী লীগের দমনমূলক শাসনের প্রতিক্রিয়া সবচেয়ে বড় ভূমিকা রেখেছে। বাংলাদেশ শুধু রাজনৈতিকভাবে নয়, সামাজিক মেরুকরণের দিক থেকেও সন্ধিক্ষণে দাঁড়িয়ে। একটি পরিচ্ছন্ন ভোট বাংলাদেশের মুমূর্ষু গণতন্ত্রকে আপাতত বাঁচিয়ে দিয়েছে, কিন্তু মূল চ্যালেঞ্জের শুরুটা এখন থেকেই

শীত বিদায়ের মিষ্টি রোদ আর মৃদুমন্দ বাতাসের দিন ছিল ১২ ফেব্রুয়ারি। ঠিক দুই দিন পরই বসন্ত। প্রকৃতিতে সন্ধিক্ষণের এ দিনটি বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসেরও একটি সন্ধিক্ষণ হয়ে থ াকবে। ভোট যে মানুষের কাছে বড় উৎসব, ভোট যে মানুষের কাছে নাগরিক হিসেবে নিজের ক্ষমতা প্রয়োগের পথ, সেটাই এ দেশের মানুষ ভুলে যেতে বসেছিল। সত্যিকার উৎসব করেই মানুষ এবার ভোট দিয়েছে।



নির্বাচন কমিশনের তথ্য বলছে, এবার ভোট প্রদানের হার ছিল ৫৯ দশমিক ৪৪ শতাংশ। আওয়ামী লীগ-বিহীন নির্বাচনে এই ভোটের হার নিঃসন্দেহে আশাপ্রদ। ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচনে ভোট দিয়েছিল প্রায় ৮৭ শতাংশ ভোটার। আর ২০০১ সালের নির্বাচনে ভোট দিয়েছিল প্রায় ৭৬ শতাংশ ভোটার।

গণ-অভ্যুত্থানে প্রশ্নহীন ম্যান্ডেটের মধ্য দিয়ে এলেও গত ১৮ মাসে অন্তর্বর্তী সরকারের আমলটা বাংলাদেশের ইতিহাসে দুর্বল শাসন হিসেবেই বিবেচিত হবে। মব সহিংসতার কাছে সরকারের অসহায় আত্মসমর্পণ এবং কোনো কোনো গোষ্ঠীর অতি ক্ষমতাবান হয়ে ওঠায় মানুষের কাছে বড় প্রশ্ন তৈরি হয়েছিল, সরকার ঠিকমতো একটা নির্বাচন করতে পারবে তো? কিন্তু শেষবেলায় সরকার একটা ভালো নির্বাচন দিতে পেরেছে।

১৭ বছর ভোট দিতে না পারা নাগরিকদের ভোট দেওয়ার প্রবল আকাঙ্ক্ষা, প্রচারণার ক্ষেত্রে বিএনপি, জামায়াত, এনসিপিসহ রাজনৈতিক দলগুলো এবং স্বতন্ত্র ও বিদ্রোহী প্রার্থীদের সংযত আচরণ; নির্বাচন কমিশনের নেওয়া কড়া নিরাপত্তা ও নজরদারির ফলেই একটা সুষ্ঠু ও প্রতিযোগিতাপূর্ণ নির্বাচন সম্ভব হয়েছে। মানুষ যে ভয়হীন পরিবেশে ভোট দিতে কেন্দ্রের দিকে গেছেন, সেই পরিবেশ তৈরির ক্ষেত্রে সশস্ত্র বাহিনীর ভূমিকা ও তৎপরতাকে আলাদাভাবে উল্লেখ করতেই হবে। এবারের নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় প্রায় ১ লাখ ৮ হাজার সশস্ত্র বাহিনীর সদস্য নিয়োগ করা হয়েছিল।

চব্বিশের গণ-অভ্যুত্থানে সেনাবাহিনীর জনতার পাশে দাঁড়ানোর ঘোষণা জয়-পরাজয় নির্ধারণে চূড়ান্ত ভূমিকা পালন করেছিল। কিন্তু অন্তর্বর্তী সরকারের ১৮ মাসে সশস্ত্র বাহিনীর সঙ্গে সরকারের একটি দৃশ্যমান দূরত্ব দেখা গেছে। সোশ্যাল মিডিয়া ইনফ্লুয়েন্সারদের অনেকে এই দূরত্ব তৈরিকে এজেন্ডা হিসেবেই বেছে নেয়। গণ-অভ্যুত্থান-পরবর্তী একটি সরকার যেখানে পুলিশি ব্যবস্থা নৈতিক ও প্রাতিষ্ঠানিকভাবে ভীষণভাবে ভেঙে পড়েছিল, সেখানে অন্তর্বর্তী সরকার, অভ্যুত্থানে অংশ নেওয়া শক্তিগুলো এবং সশস্ত্র বাহিনী-এই তিন পক্ষের ঐক্যটা ছিল ভীষণ রকম জরুরি।

কিন্তু সেটা না হওয়ায় একটা দৃষ্টান্ত স্থাপন করা শাসনের বদলে মবতন্ত্রের মতো ভয়াবহ বাস্তবতার মুখোমুখি হতে হয়েছে নাগরিকদের। রাষ্ট্র ও প্রতিষ্ঠানগুলোর সক্ষমতাই প্রশ্নের মুখে পড়েছে। ১২ ফেব্রুয়ারির নির্বাচন এই সত্যকেই সামনে এনেছে, রাষ্ট্র হিসেবে আমাদের সক্ষমতা আছে।

দুই.

৩০০ আসনের মধ্যে একটি আসনে প্রার্থী মারা যাওয়ায় নির্বাচন হয়নি। বাকি দুটি আসনে আইনগত জটিলতায় ফলাফল আটকে আছে। ২৯৭টি আসনের ফলাফলে দেখা যাচ্ছে, বিএনপি এককভাবে ২০৯টি আসনে বিজয়ী হয়েছে। আসন সমঝোতা করে নির্বাচনে যাওয়া দলটির মিত্ররা আরও তিনটি আসনে বিজয়ী হয়েছে। বিএনপি প্রতিষ্ঠার পর এটি দলটির সবচেয়ে বড় বিজয়। ১৯৭৯ সালের নির্বাচনে দলটি ২০৭টি আসনে জিতেছিল। নব্বইয়ের গণ-অভ্যুত্থানের পর দেশে গণতন্ত্রের যাত্রা শুরুর পর ১৯৯১ সালের নির্বাচনে দলটি ১৪০টি আসন পেয়েছিল। ২০০১ সালের নির্বাচনে এককভাবে ১৯৩টি এবং জোটগতভাবে ২১৬টি আসন পেয়েছিল। এবারের নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা নিয়েই বিএনপি সরকার গঠন করতে যাচ্ছে।

তবে এবারের নির্বাচনে জামায়াতে ইসলামীর বড় উত্থান হয়েছে। এককভাবে ৬৮টি এবং জোটগতভাবে ৭৬টি আসনে বিজয়ী হয়েছে দলটি। সবচেয়ে বড় বিষয় হচ্ছে, নির্বাচনের আগে সামাজিক যোগাযোগমাধ্যমে জামায়াত হাইপ তুলতে সক্ষম হয় যে এবারের নির্বাচনে একানব্বইয়ের নির্বাচনের পুনরাবৃত্তি হতে পারে। ফলাফল ঘোষণার পরও সেই টান টান উত্তেজনা তারা জিইয়ে রাখতে পারে।

একানব্বইয়ের নির্বাচনে সব জরিপ ও বিশ্লেষকদের পূর্বাভাস ছিল সেবার আওয়ামী লীগ জিততে চলেছে। কিন্তু বাংলাদেশের ইতিহাসের সবচেয়ে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ সেই নির্বাচনে শেষ পর্যন্ত বিএনপিই জিতেছিল। এর আগে বিএনপির সঙ্গে জোটগত নির্বাচন করে জামায়াত ২০০১ সালে ১৫টি ও ২০০৮ সালে ২টি আসন পেয়েছিল। ১৯৯৬ সালে এককভাবে নির্বাচন করেছিল জামায়াত, সেবারে দলটি আসন পেয়েছিল ৩টি। ১৯৯১ সালের নির্বাচনে জামায়াত ১৮টি আসন পেয়েছিল। রাজনৈতিক মহলে এই আলাপ আছে যে সেই নির্বাচনে বিএনপির সঙ্গে ভেতরে ভেতরে তাদের একটি রাজনৈতিক সমঝোতা হয়েছিল।



তিন.

বাংলাদেশে যে দক্ষিণপন্থী রাজনীতির একটা উত্থান ঘটেছে সাম্প্রতিক বছরগুলোতেই তার পরিষ্কার বার্তা পাওয়া যাচ্ছিল। অন্তর্বর্তী সরকারের দেড় এরপর ২৮ পৃষ্ঠায়

# সোনিয়ার শাড়ির আঁচল

আহম্মদ হোসেন বাবু

> মনে হলো সোনিয়াকে আর একটা ফোন করা দরকার। তাই মুঠোফোনটা পকেট থেকে বের করে সোনিয়াকে ফোন করলাম। সোনিয়া একটু অবাক হয়ে বলল, হ্যালো বাবু, কী ব্যাপার? ফোন করেছ কেন? আমি গম্ভীর হয়ে বললাম, শোনো সোনিয়া, আজ রাতে যদি সত্যি সত্যি তোমাদের বাসায় ভূমিকম্প হয়, তাহলে প্লিজ আমাকে একটা ফোন করো কেমন? আমি জেগে থাকবো..বলেই হো হো করে হেসে উঠলাম। ফোনের ওপার থেকে সোনিয়াও হাসতে হাসতে বলল, তুমি খুব দুষ্টু আছো বাবু। এমন সময়ে বউ খুব কাছে এসে আমার হাত ধরে বলল, অনেক রাত হল, ঘরে ফিরি চলো। বউয়ের শাড়ির ভাঁজে ভাঁজে লুকানো সুগন্ধির সুবাস নিতে নিতে, আমি যখন গাড়ি স্টার্ট করলাম, তখন নিউ ইয়র্কের অন্তরিক্ষে কৃষ্ণপক্ষের চাঁদের ভেতরে, সোনিয়ার শাড়ির আঁচল হাওয়ায় দুলছে অবিরাম...!



শাড়ি নিয়ে অনেক কবিতা হয়েছে লেখা। মায়ের মায়াভরা শাড়ির আঁচল, বোনের স্নেহের আঁচল, মেয়ের অতি আদরের শাড়ির আঁচল, বউয়ের প্রিয়ার আঁচল কিংবা মিছিলে মিছিলে মেয়েদের দ্রোহের আঁচল নিয়ে কবিতা। কিন্তু আজকে লিখতে বসে, কেন জানি আর কবিতা লেখার ইচ্ছে হলো না। শাড়ির ভাঁজ নিয়ে চারিদিকে যে হৈ-চৈ হচ্ছে, তাতে মনস্থির করলাম আজ আর কবিতা নয়- বরং চলুন একটা গল্প শোনা যাক। এটি কেবলমাত্র গল্পই নয়, আমার আত্মকথনও বলা যেতে পারে।

সাতাশ বছর আমার প্রবাস জীবন। জীবিকার তাগিদে বাস্ত হয়ে যেতে হয়েছিল। কিন্তু তবু দেশ ছিল সর্বক্ষণ হৃদয়ের গভীরে। সে সময়ে আমাদের দেশের খুব কম মানুষ আমেরিকায় দেখা যেত। সেখানে ম্যানহাটনের রাস্তায় শাড়ি পরিহিতা নারী খুঁজে পাওয়া ছিল নস্যি ভাগ্যের ব্যাপার। এত খোলামেলা পোষাকের ভেতরেও মন পড়ে থাকতো শাড়ির ভাঁজে। হঠাৎ কখনো যদি কোন শাড়ি পরা মেয়ে হেঁটে যেতে দেখেছি এবং সেটা যত দূরেই হোক, দৌড়ে কাছে গিয়েছি। শুধু শাড়ি পরা সেই মানুষটিকে এক নজর দেখবো বলে। কখনো আমার দেশের নারী, কখনো ভারতের, কখনো বা শ্রীলংকার, কিংবা অন্য কোন দেশের নারীর কাছে ছুটে গেছি।

বয়স্ক নারীরা কৌতুহলি হয়ে জানতে চেয়েছেন, তুমি কী কিছু বলবে?

আবার বয়সি মেয়েরা প্রশ্ন চোখে জানতে চেয়েছে, আমাকে কিছু কি বলবেন?

আমি কপালের ঘাম মুছতে মুছতে হাসি মুখে বলেছি,এমা না তেমন কিছু না।

ম্যানহাটনের রাস্তায় যখন শাড়ি পরা কাউকে হেঁটে যেতে দেখি, তখন যেন মনে হয় হেঁটে চলেছে আমার প্রাণের স্বদেশ।

কেউ কেউ ভুরু কুঁচকে আমাকে পাগল ভেবে কিছু না বলে চলে গেছে। আবার কেউ কেউ হাসি মুখে বলেছেন, আশ্চর্য মানুষ তো আপনি!

আজ থেকে সাতাশ বছর পূর্বে, প্রবাসী এক যুবকের এই ছিল প্রাণের আরাধনা। আপনারা যাঁরা দীর্ঘদিন প্রবাসে আছেন, তাঁরা বিষয়টি সহজেই অনুধাবন করতে পারবেন। দেশের মানুষের জন্যে, প্রিয় মাটির সোঁদা গন্ধের জন্যে, আমার মন তখন তীব্র উদগ্রীব। একটু বাংলা কথা শোনার জন্য, একটু বাংলা সংগীতের জন্য ছুটে বেড়িয়েছি কত প্রবাসে না এলে বাংলা ভাষাকে, এভাবে হয়তো ভালোবাসার সুযোগ হত না।

দেশের জন্য, দেশের মানুষের জন্য, প্রিয় আত্রাই নদীর জন্য, সব সময় মনটা ব্যাকুল থাকতো। মনটা ছটফট করতো দেশের জন্য। তাই সর্বক্ষণ দেশীয় সংস্কৃতিতে ডুবে থাকতো মন।

২

এমনিভাবে শাড়ির উপরে দৃষ্টি আটকে থাকতে থাকতে একদিন আমাদের বিয়ে হলো। বউয়ের চমৎকার শাড়ি পরার স্টাইল আমাকে আটকে রাখতো। আমি মুগ্ধ নয়নে বউয়ের শাড়ি পরা দেখেছি, আর আপ্লুত হয়ে অনেক কবিতা রচনা করেছি।

আমার অনেক বন্ধুপত্নী এবং ভাবীরা বলতেন, আমরাও শাড়ি পরিধান করি কিন্তু তুহিন ভাবীর (আমার বউ) মত শাড়ি পরতে পারি না। তাঁর শাড়ি পরার ভেতরে, কোথায় যেন একটা আলাদা সৌন্দর্য সবসময় লুকিয়ে থাকে।

আমি হাসিমুখে মাথা নেড়ে সম্মতি জানাই ।

বিয়ের পর থেকেই আমি আমার বউয়ের শাড়ি পরার কাছে আটকে আছি! মুগ্ধ নয়নে চেয়ে চেয়ে দেখি, আর বউয়ের ডাকের অপেক্ষায় থাকি। একটু পরে বউয়ের সেই কাঙ্ক্ষিত ডাক আসে। আমি ছুটে কাছে যাই। না-না বউকে আলিঙ্গনের জন্য নয়। কাছে যাই, বউয়ের শাড়ির আঁচলের ভাঁজে সেফটিপিন লাগানোর জন্য। দারুণ ডিউটি তাই না? আমি খুব খুশি মনে সে ডিউটি পালন করতাম।

তবে প্রথম প্রথম হাত কাঁপতো খুব । মনে হতো এই বুঝি, ব্লাউজের নীচে বউয়ের শরীরে সেফটিপিন বিঁধে গেল।

সেজন্যে বউয়ের অনেক বকা-ঝকাও খেয়েছি। বকা খেতে খেতে এখন আমি দক্ষ মাঝি। শক্ত হাতে হাল ধরে, বউয়ের শাড়ির সুবাসিত হাওয়ায় উড়তে পারি, ভাসতে পারি...।

৩

নিউ ইয়র্কের আকাশে এমনি উড়তে উড়তে, ভাসতে ভাসতে চলছিল আমাদের সংসার জীবন। একদিন এক বিয়ে অনুষ্ঠানে যোগদানের জন্য "ওয়ার্ল্ড মেরিনাতে" আমরা। নিউ ইয়র্কে আপনারা যাঁরা থাকেন, তাঁরা এর সৌন্দর্য সম্পর্কে অবহিত আছেন। চমৎকার একটি নান্দনিক পরিবেশে জলাশয় ঘেঁষে, লাগোয়ারডিয়া বিমান বন্দরের অ্যারোপ্লেন ওঠা-নামা দেখতে দেখতে সেখানে গোধূলি নামে এক ভিন্নমাত্রার দৃষ্টিনন্দন আবহ নিয়ে! আজকেও তার ব্যতিক্রম নয়। হৃদয়ের মেজাজে গোধূলির নান্দনিকতা উপলব্ধি করছিলাম। ধীরে ধীরে পরিচিত বন্ধু-স্বজন আসা শুরু করেছে। এরকম অনুষ্ঠানে এই এক মজা। সবার সাথে এক প্রাঙ্গণে দেখা হয়ে যায়! আজকেও তার ব্যতিক্রম নয়। ব্যস্ত জীবনে অনেকদিন ধরে কারো সঙ্গে দেখাই হয়ে ওঠে না। তাই এরকম অনুষ্ঠান আমাদের জন্য এক মিলনমেলা হয়ে ওঠে। আজো সেই আশায় বউ, ছেলে-মেয়ে নিয়ে, একটু আগে আগেই বিয়ে অনুষ্ঠানে এসেছি। এসেই ব্ল্যাক কফিতে চুমুক দিতে দিতে, পুরনো

এরপর ২৬ পৃষ্ঠায়









ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791

بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহ্রা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং অওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন। ] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুমকি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশদের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশদের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে এবং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কায় কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারাও ছিল, 'আইন্না'ওয়ানুহু নীল্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও ভিন্নমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই ভিন্ন ভিন্ন সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উপস্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু অওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব শলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা ঈদুল আযহাকে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মন্ডী বাহাউদ্দিন জেলার সাদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

**Toll Free: 1-866-MOIN-LAW**
**Cell: 917-282-9256**
**(To schedule appointment only)**


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
**বিনামূল্যে পরামর্শ**
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

**IMMIGRATION**
(Consultation fee applies)





ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

**WWW.MOINLAW.COM**

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States. Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# বামদের রাজনীতি কি মুমূর্ষু

মনির হোসেন



ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বামপন্থীদের জোট গণতান্ত্রিক যুক্তফ্রন্টের ১৫৩ জনের সবাই বিপুল পরিসরে পরাজিত হয়েছেন। কিন্তু রাজনীতির মাঠে ভোট টানতে বামপন্থা আদর্শের আলোড়ন কমবেশি সবার মধ্যে দেখা যায়। সাম্য, মানবিক মর্যাদা, শ্রেণিবৈষম্য রোধ, কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব দূরীকরণসহ বিভিন্ন স্লোগান দেন তাঁরা। ঊনসত্তরের গণ-অভ্যুত্থান, নব্বইয়ের স্বৈরাচারবিরোধী আন্দোলন, ১/১১ থেকে চব্বিশের জুলাই গণ-অভ্যুত্থানে তাঁদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের পরও এমন অবস্থা কারণ কী! আলোচনা হতে পারে নানাবিধ। কিন্তু বামপন্থীদের সমস্যার মূলে সম্ভবত ঐক্যহীনতা, লেজুড়বৃত্তি ও নিজেদের মধ্যে আদর্শিক, মতাদর্শিক দ্বন্দ্বে জর্জরিত এবং সময়ের সঙ্গে নিজেদের রাজনীতি যুগোপযোগী না করা।

বিশ্ববিদ্যালয়পড়ুয়া তরুণ ভোটার শাকিরুল বলছিলেন, 'বামেরা ভালো ভালো কথা বলে, যুক্তির আলোকে ন্যায্য দাবি তোলে, কিন্তু মানুষ ভোট দেয় না। দেবেই-বা কীভাবে? ১৫ জন লোকের ভাগাভাগিতে কমপক্ষে ২০টা দল। নিজেরাই যেখানে এক না, সেখানে মানুষকে তাঁরা ঐক্যবদ্ধ করবেন কীভাবে!'

ষাটের দশকের পর থেকে বাংলাদেশের রাজনীতির ময়দানে বামের অবস্থা করুণ। বিশেষত পঁয়ষট্টির রুশ-চীন বিতর্কের পর মতাদর্শিক প্রভাব এ দেশের বাম রাজনীতিকে বিভক্ত করেছে। নব্বইয়ের পর তাদের মধ্যে বিভক্তি এতটাই প্রকট হয়েছে যে রাজনীতির ময়দানে কে সঠিক আর কে বেঠিক, তা একধরনের কুয়াশাচ্ছন্ন।

এককালের চীনপন্থী ধারার মধ্যে দ্বন্দ্ব এতটাই প্রকট যে এ পথের সব কটি দলই নির্বাচনবিরোধী তত্ত্ব প্রচার করে। পক্ষান্তরে রুশপন্থীরা নির্বাচনে সংসদীয় পন্থার দিকে ঝুঁকলেও জনসমর্থন নেই। তাঁদের মধ্যেও আছে তীব্র দ্বিধা, তিক্ততা আর বিচ্যুতি।

কিন্তু এবারের নির্বাচনে দুই পক্ষের দলগুলো নিয়ে গঠিত যুক্তফ্রন্টের কেউ জামানত রক্ষা করতে পারেননি। যদিও বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) ১৯৯১ সালের পঞ্চম জাতীয় সংসদ নির্বাচনে পাঁচটি আসন জিতেছিল, যা ছিল সংসদীয় নির্বাচনে বামদের সবচেয়ে বড় সাফল্য। এরপর বামদের সাফল্য দিনে দিনে শূন্যের কোঠায় নেমেছে। যদিও জনমুখী দাবিদাওয়া, গণতান্ত্রিক আন্দোলনে তাঁদের সব সময় স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ছিল, আছে এবং বলা যায়, ভবিষ্যতেও থাকবে।



এবারের নির্বাচনে সবচেয়ে বেশি নারী ও সংখ্যালঘু প্রার্থী ছিল বামদের। বরিশালে ডা. মনীষা চক্রবর্তী আলোচনার শীর্ষে থাকলেও তিনি পরাজিত হয়েছেন। কোনো কোনো কেন্দ্রে এ জোটের নারী-পুরুষ উভয় প্রার্থীর ভোট ছিল শূন্য। নির্বাচনের হলফনামায় নিজেদের দেখিয়েছেন দরিদ্র, আয় হিসেবে টিউশন। প্রশ্ন হতে পারে, দরিদ্র দেশে নিজেকে দরিদ্র প্রমাণ করা, সাংগঠনিক ভিত্তি তৈরি না করা, নিজেরা ঐক্যহীন থাকা ভোটের মাঠের হিসাবে কতটা প্রভাব ফেলা যায়?

ড. আহমদ শরীফ ১৯৯১ সালে লিখেছিলেন, 'বাঙালি হিন্দু, সাংখ্য, বৌদ্ধ, খ্রিষ্টান, জৈন, মুসলমান সব মতই গ্রহণ করেছে জীবন চলার পথে, কিন্তু কোনো অবিভক্ত মতে সে স্থির থাকেনি। সব সময় ঐক্যে বাঙালি জীবনের আয়োজন খুঁজে নিয়েছে। রাজনৈতিক ময়দানেও বাঙালি ঐক্যবদ্ধ দল খোঁজে। যা তার জীবনবাদী প্রবণতা। (গ্রন্থঃ বাঙলা, বাঙালী ও বাঙালীত্ব)।'

এক আদর্শে হরেক রকমের প্যাকেজের দল মেহনতি, শ্রমজীবী মানুষের কাছে বামদের শ্রেণিহীনের পরিবর্তে শ্রেণিচ্যুত হিসেবে দাঁড় করিয়েছে। তৈরি করেছে সাংস্কৃতিক দূরত্ব। ফলে এ দেশে বাম রাজনীতি দিনে দিনে রুগ্ণ হয়েছে, হয়েছে মুমূর্ষু।

বাংলাদেশের সমাজব্যবস্থায় কোনো শ্রেণিই বিকশিত না। অবিকশিত এখানকার কৃষক, শ্রমিক ও মেহনতি শ্রেণি। কোনো শ্রেণিই এখানে দীর্ঘ লড়াই-সংগ্রামের ভেতর দিয়ে গড়ে ওঠেনি, যা তাদের সাংস্কৃতিক ঐক্যকে মজবুত করবে। বামপন্থীরা সামাজিক ও সাংস্কৃতিকভাবে অবিকশিত এই সামাজিক শ্রেণি, শহর-নগরগুলোর মাঝারি শিল্প ও তৈরি পোশাকশিল্পের শ্রমিকশ্রেণির ওপর ভর করে সমগ্র নিম্নবর্গের রাজনীতি করতে যতটা না আগ্রহী, তার চেয়ে বেশি অনাগ্রহী কৃষক, মজুর, মেহনতি মানুষের স্বার্থে গ্রামে ফিরে যেতে।

সমস্যার ছাপ আরও গভীরে। গুটিকয়েক শ্রমিক অঞ্চলগুলোয়ও দল, উপদলের বিভক্তির ছাপ সুস্পষ্ট। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে শুধু রংপুর-৩, বরিশাল-৫, কিশোরগঞ্জ-১ আসনে বামদের যুক্তফ্রন্ট জোট থেকে একে অপরের বিরোধিতা করে দাঁড়িয়েছেন একাধিক প্রার্থী। এ রকম আরও উদাহরণ আছে সারা দেশে। এমন প্রবণতা তাঁদের জনবিচ্ছিন্ন করেছে দিনে দিনে।

উত্তরের জনপদ রংপুর অঞ্চলের দারিদ্র্যের হার দেশের মোট দারিদ্র্যের ১৭ শতাংশ (পরিসংখ্যান ব্যুরো-২৪)। এককালের মঙ্গা এখন আর না থাকলেও দশকের পর দশক ধরে অবকাঠামোগত উন্নয়নের ছোঁয়া না লাগা, কর্মসংস্থান সৃষ্টি না হওয়া এবং শিক্ষিত বেকারত্বের শীর্ষে থাকা রংপুরে জাতীয় পার্টির দুর্গে জামায়াত জোট এরপর ৫১ পৃষ্ঠায়

> একাকালের মঙ্গা এখন আর না থাকলেও দশকের পর দশক ধরে অবকাঠামোগত উন্নয়নের ছোঁয়া না লাগা, কর্মসংস্থান সৃষ্টি না হওয়া এবং শিক্ষিত বেকারত্বের শীর্ষে থাকা রংপুরে জাতীয় পার্টির দুর্গে জামায়াত জোট একচ্ছত্র জয় পেয়েছে। একাকালের ব্রিটিশবিরোধী ফকির সন্ন্যাসী বিদ্রোহ, হাজী মোহাম্মদ দানেশ, ইলা মিত্র, কৃষকনেতা নূরলদীনের রংপুর, গাইবান্ধায় এবার বামদের সব প্রার্থী এমন করুণভাবে পরাজিত হয়েছেন যে ভরাডুবি বললেও কম হবে। হাতে কাঁচি নিয়ে ধান কাটতে যাওয়া ভূমিহীন কৃষক নিয়ামত আলী ভোটের প্রশ্নের জবাবে বলছিলেন, 'হামরা এগলা কম বুঝি। কাঁচি, মই মার্কা নিয়া দুইজন লোক আছিলো। ওগো ভোট দেয় নাই। এক ঘরত দুজন নাকিও দাঁড়াইছত। লোক-মাইষত তাগো কম।' সারা দেশেই বামদের এই অবস্থা

# আগামীর বাংলাদেশ ও তারেক রহমান: নির্যাতিত মজলুম থেকে রাষ্ট্রনায়ক

নূর আহমেদ

বাংলাদেশি রাজনীতির ইতিহাসে ২০০৭ সালের ১১শে জানুয়ারি একটি কালো অধ্যায় হয়ে আছে। তথাকথিত 'তত্ত্বাবধায়ক' সরকারের আবরণে সেদিন গণতন্ত্রের কণ্ঠরোধ করা হয়েছিল। সেই উত্তাল ও অন্ধকার সময়ে সবচেয়ে বড় আঘাতটি এসেছিল শহীদ প্রেসিডেন্ট জিয়া পরিবারের ওপর। বিশেষ করে বিএনপির ভবিষ্যৎ কাণ্ডারি ও তৎকালীন প্রভাবশালী নেতা তারেক রহমানের ওপর। ৭ই মার্চ মইনুল রোডের বাসভবন থেকে গ্রেপ্তারের পর তার ওপর যে অমানুষিক নির্যাতন চালানো হয়, তা কেবল রাজনৈতিক প্রতিহিংসা নয়, বরং একটি আদর্শকে চিরতরে স্তব্ধ করে দেয়ার অপচেষ্টা ছিল।



১/১১-এর সেই অন্ধ কুঠুরি ও নিষ্ঠুরতা

গ্রেপ্তারের পর রিমান্ডের নামে তারেক রহমানের ওপর চালানো হয়েছিল মধ্যযুগীয় বর্বরতা। আদালতে পেশ করা মেডিকেল রিপোর্ট আজও সাক্ষী দেয় সেই নিষ্ঠুরতার। তার মেরুদণ্ডের ৬ ও ৭ নম্বর হাড় ভেঙে ফেলা হয়েছিল। একজন রাজনীতিবিদের প্রতি রাষ্ট্রের এই নির্দয় আচরণ বিশ্ববিবেককে স্তম্ভিত করেছিল। আদালতের কাঠগড়ায় দাঁড়িয়ে ব্যথায় নীল হয়ে যাওয়া সেই তরুণ নেতা বলেছিলেন, 'জিজ্ঞাসাবাদের নামে আমার চোখ বেঁধে অন্ধকার স্থানে নিয়ে ২৪ ঘণ্টার মধ্যে ১৮ ঘণ্টা নির্যাতন করা হয়েছে। আমি একজন রাজনীতিবিদ, কোনও সন্ত্রাসী নই। এবার যদি রিমান্ডে নেয়া হয়, আমি বাঁচব না।'

তাকে ক্রসফায়ারের হুমকি দেয়া হয়েছিল, কেড়ে নিতে চাওয়া হয়েছিল তার প্রাণ। প্রায় বিকলাঙ্গ ও অর্ধমৃত অবস্থায় তিনি লড়াই করেছিলেন মৃত্যুর সঙ্গে। আজ তিনি সুস্থ হয়ে স্বদেশে ফিরে এসেছেন লাখো জনতার ভালোবাসায় সিক্ত হয়ে। গত ২৫শে ডিসেম্বর ছিল তার রাজসিক ও ঐতিহাসিক প্রত্যাবর্তন। গত ১২ই ফেব্রুয়ারি বাংলাদেশের ১৩তম জাতীয় সংসদ নির্বাচন অংশ নিয়ে ভূমিধস বিজয় লাভ করেছেন। এ যেন এলেন, দেখলেন এবং জয় করলেন। এ বিজয় কোটি মানুষের দোয়া, সমর্থন ও পরম করুণাময়ের এক বিশেষ নেয়ামত।

সংগ্রামের ৩৬ বছর: তৃণমূল থেকে পরিণত নেতৃত্ব : তারেক রহমান কেবল উত্তরাধিকার সূত্রে আসা কোনও নেতা নন। সুদীর্ঘ ৩৬ বছরের রাজনৈতিক পরিক্রমায় তিনি নিজেকে গড়ে তুলেছেন তৃণমূল থেকে। গ্রামগঞ্জের ধূলিকণা মেখে সাধারণ মানুষের দুঃখ-দুর্দশা কাছ থেকে দেখেছেন বলেই তিনি আজ 'দেশনায়ক'। দীর্ঘ প্রবাস জীবনে যে মানসিক ও শারীরিক ট্রমা তিনি বয়ে বেড়িয়েছেন, তা তাকে আরও বেশি সহনশীল এবং দূরদর্শী করে তুলেছে।

একজন ভুক্তভোগীই জানেন নির্যাতনের যন্ত্রণা কতটা তীব্র হতে পারে। তাই আশা করা এরপর ২৪ পৃষ্ঠায়



> একজন রাজনীতিবিদের প্রতি রাষ্ট্রের এই নির্দয় আচরণ বিশ্ববিবেককে স্তম্ভিত করেছিল। আদালতের কাঠগড়ায় দাঁড়িয়ে ব্যথায় নীল হয়ে যাওয়া সেই তরুণ নেতা বলেছিলেন, 'জিজ্ঞাসাবাদের নামে আমার চোখ বেঁধে অন্ধকার স্থানে নিয়ে ২৪ ঘণ্টার মধ্যে ১৮ ঘণ্টা নির্যাতন করা হয়েছে। আমি একজন রাজনীতিবিদ, কোনও সন্ত্রাসী নই। এবার যদি রিমান্ডে নেয়া হয়, আমি বাঁচব না।' তাকে ক্রসফায়ারের হুমকি দেয়া হয়েছিল, কেড়ে নিতে চাওয়া হয়েছিল তার প্রাণ। প্রায় বিকলাঙ্গ ও অর্ধমৃত অবস্থায় তিনি লড়াই করেছিলেন মৃত্যুর সঙ্গে। আজ তিনি সুস্থ হয়ে স্বদেশে ফিরে এসেছেন লাখো জনতার ভালোবাসায় সিক্ত হয়ে। গত ২৫শে ডিসেম্বর ছিল তার রাজসিক ও ঐতিহাসিক প্রত্যাবর্তন। গত ১২ই ফেব্রুয়ারি বাংলাদেশের ১৩তম জাতীয় সংসদ নির্বাচন অংশ নিয়ে ভূমিধস বিজয় লাভ করেছেন

> তাই আশা করা যায়, আগামীর বাংলাদেশে তার নেতৃত্বে জুলুমের অবসান ঘটবে। রাষ্ট্রযন্ত্র আর কোনও নাগরিকের ওপর অন্যায়ের খড়গ চালাবে না। ক্ষমতার অপব্যবহার রোধে তিনি হবেন এক অতন্দ্র প্রহরী। মব জাস্টিস বা গুপ্ত বাহিনীর দৌরাত্ম্য বন্ধ করে একটি সুশৃঙ্খল রাষ্ট্র গঠিত হবে। শেষ কথা: দীর্ঘ নির্বাসন কাটিয়ে তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তন কেবল একজন ব্যক্তির ফেরা নয়, বরং এটি গণতন্ত্রের পুনর্জন্মের সংকেত। বাংলাদেশের মানুষ আজ তার দিকে তাকিয়ে আছে- শ্রদ্ধায় এবং প্রত্যাশায়। যে নেতা নিজের হাড় ভাঙার ব্যথা সয়ে দেশপ্রেমকে বিসর্জন দেননি, তিনিই পারবেন একটি বৈষম্যহীন, মানবিক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে। সর্বশক্তিমান সৃষ্টিকর্তার নিকট আকুল ফরিয়াদ, তার হাত ধরেই বাংলাদেশ পাক প্রকৃত মুক্তির স্বাদ। আমিন।

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন



## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০

- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



| আবু তাহের খান | কাঞ্চন | জামান রঞ্জু | কে.এম. শহিদ | মাহির | জাহাঙ্গীর | নিলয় |
|---|---|---|---|---|---|---|
| ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট | ট্রাভেল কনসালটেন্ট |

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# ব্যর্থ হওয়ার সুযোগ নেই

ড. মাহবুব উল্লাহ্

১২ ফেব্রুয়ারি জাতীয় সংসদ নির্বাচন, ১৭ ফেব্রুয়ারি সংসদ-সদস্যদের এবং মন্ত্রিসভার শপথ গ্রহণের মধ্য দিয়ে বাংলাদেশ গণতন্ত্রের পথে অভিযাত্রা শুরু করল। এ কথা বলার অর্থ এই নয় যে, অতীতে গণতন্ত্রের পথে বিভিন্ন সময় অভিযাত্রার সূচনা হয়নি। প্রশ্ন জাগে, এদেশের মানুষ বারবার গণতন্ত্রের স্বপ্ন দেখে আশায় বুক বাঁধে। কিন্তু কেন জানি তাদের আশার বুকটি ভেঙে যায়। কেন এমন হয়, তা অনুসন্ধান করে দেখা প্রয়োজন।

১৯৭৬-এ একদলীয় বাকশাল ব্যবস্থার পতন ঘটিয়ে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান গণতন্ত্রের পথে যাত্রা করেছিলেন। কিন্তু তার সে যাত্রা ছিল অত্যন্ত সংক্ষিপ্ত। ১৯৮১-এর ৩০ মে বিপথগামী সামরিক অফিসারদের অভ্যুত্থানে তিনি নিহত হন। তার নিহত হওয়ার মধ্য দিয়ে তিনি যেভাবে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার কাজটি শুরু করেছিলেন, তার পূর্ণ অবয়ব দান তার পক্ষে সম্ভব হয়নি। তার মৃত্যুর পর একটি নির্বাচন হলো বটে; কিন্তু সে নির্বাচনের সাফল্য ধরে রাখা যায়নি। এ নির্বাচনে বিচারপতি আব্দুস সাত্তার খুব সংক্ষিপ্ত সময়ের জন্য রাষ্ট্রপতির দায়িত্ব পালন করতে পেরেছিলেন। তাকে ক্ষমতা থেকে হটিয়ে দিতে প্রধান সেনাপতি এরশাদ ১৯৮২ সালের ২৪ মার্চ সামরিক অভ্যুত্থান ঘটান।

এরশাদ ৯ বছর স্বৈরশাসক হিসাবে ক্ষমতায় থাকেন। ১৯৯০-এর ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে তিনি ক্ষমতা থেকে বিতাড়িত হন। ১৯৯১ সালে প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীনের তত্ত্বাবধায়ক সরকার দেশের ইতিহাসে সবচেয়ে মানসম্পন্ন নির্বাচনটি অনুষ্ঠান করলে বেগম খালেদা জিয়ার নেতৃত্বে নতুন সরকার গঠিত হয়। এ সরকার দেশকে কিছু দেওয়ার জন্য প্রয়াস চালায়। কিন্তু তাদের সেই প্রয়াস চরমভাবে বাধাপ্রাপ্ত হয় আওয়ামী লীগ, জাতীয় পার্টি ও জামায়াতের ধ্বংসাত্মক আন্দোলনের ফলে। সেসময় দেশে ১৭৩ দিন হরতাল হয়েছিল। চট্টগ্রাম বন্দরসহ অর্থনীতির ধমনিগুলো রুদ্ধ হয়ে যায়। ভয়াবহ সংঘাত-সংঘর্ষের পরিণামে শেষ পর্যন্ত একটি তত্ত্বাবধায়ক সরকার গঠিত হয়। এ সরকার গঠিত হয়েছিল সংবিধানের একটি সংশোধনী বলে। এ সংশোধনীর উদ্যোগ নিয়েছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। সেবার অর্থাৎ ১৯৯৬ সালে ক্ষমতায় আসে আওয়ামী লীগ। বিএনপি পরিণত হয় দেশের ইতিহাসের বৃহত্তম বিরোধী দলে। এ সময় দেশের বিভিন্ন প্রান্তে সন্ত্রাসের ঘাঁটি গড়ে ওঠে। এ ঘাঁটিগুলোর মধ্যে সবচেয়ে কুখ্যাত ছিল ফেনীর জয়নাল হাজারির ক্লাস কমিটির সন্ত্রাস। জনগণ বিক্ষুব্ধ হয়ে ওঠে।

২০০১ সালে বিএনপি নেতৃত্বাধীন ৪ দলীয় জোট নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করলেও সংখ্যাগরিষ্ঠতার শক্তিকে দেশে সুশাসন প্রতিষ্ঠায় ব্যবহার করতে পারেনি। এ সময় দেশে দুটি অচিন্তনীয় ঘটনা ঘটে। এগুলো হলো-২১ আগস্টের গ্রেনেড হামলা ও ১০ ট্রাক অস্ত্র পাচারের প্রয়াস। এ ঘটনাগুলো কারা ঘটিয়েছে, কেন ঘটিয়েছে, তা রহস্যাবৃত রয়ে গেছে। সে রহস্য উন্মোচনের সঠিক কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। ফলে এটার সুযোগ গ্রহণ করে আওয়ামী লীগসহ অন্য বিরোধীরা। এরপর তত্ত্বাবধায়ক সরকার গঠন নিয়ে একটি মারাত্মক অচলাবস্থার সৃষ্টি হয়।



সে অচলাবস্থার সুযোগ নিয়ে দেশি-বিদেশি ষড়যন্ত্রে ক্ষমতায় আসে ফখরুদ্দীন-মইনুদ্দিনের অসাংবিধানিক 'তত্ত্বাবধায়ক সরকার'। এ সরকার বিএনপি নেত্রী খালেদা জিয়াসহ সামগ্রিকভাবে বিএনপির ওপর চরম নির্যাতন-নিপীড়ন চালায়। খালেদা জিয়ার ২ পুত্রসন্তান তারেক রহমান ও আরাফাত রহমানকে গ্রেফতার করে চরম দৈহিক নির্যাতন চালানো হয়। তারেক রহমানের মেরুদণ্ডের হাড় ভেঙে দেওয়া হয়। তিনি পঙ্গু হয়ে পড়েন। দুবছরের জরুরি শাসনের পর ফখরুদ্দীন-মইনুদ্দিনরা ভারতের সহায়তায় একটি প্রহসনের নির্বাচন অনুষ্ঠান করে। নির্বাচনি প্রহসন এমন সূক্ষ্মভাবে করা হয় যে, জনগণের মধ্যে অনেকেই বুঝতে পারেননি নির্বাচনে কী ভয়াবহ কারচুপি করা হয়েছে। সেবার নির্বাচনে ৮৭ শতাংশ ভোট পড়েছে বলে দাবি করা হয়, যা অবিশ্বাস্য। আওয়ামী লীগের বিজয় নিশ্চিত করার জন্য আলাদা ব্যালট বাক্সে ব্যালট পেপার ঠেসে রাখা হয়েছিল। বিএনপি মাত্র ৩০টি আসন পেয়ে সবচেয়ে ক্ষুদ্র বিরোধী দলে পরিণত হয়। সেবার বিএনপির বিরুদ্ধে সাম্রাজ্যবাদী ও আধিপত্যবাদী ভয়াবহ চক্রান্ত হয়েছিল।

এরপর আওয়ামী লীগ বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসে। এ যাত্রায় আওয়ামী লীগ ক্ষমতায় জেঁকে বসল। পরপর ৩টি ভুয়া নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ ক্ষমতায় চিরকালের মতো কুক্ষিগত করে রাখার নেশায় মেতে উঠেছিল। সারা দেশে তারা ত্রাসের রাজত্ব প্রতিষ্ঠা করেছিল। গুম, গুপ্তহত্যা, আয়নাঘরে মানুষকে অঘোষিতভাবে মানবেতর নির্যাতন করে বন্দি রাখা, বিরোধীদলীয় নেতাকর্মীদের বিরুদ্ধে লাখ লাখ মামলা দায়ের করে চরম হয়রানি করা, বিরোধী দলের মিটিং-মিছিল ভেঙে দেওয়া এবং টেলিফোনে আড়ি পেতে এক ভয়াবহ ভীতির রাজত্ব প্রতিষ্ঠা করা হয়। সাধারণ মানুষের মনে এমনভাবে ভয়ের উদ্রেক করা হয়, যাতে মানুষ প্রায় বোবা হয়ে যায়। অন্যদিকে চলতে থাকে মুক্তিযুদ্ধ ও শেখ মুজিবুর রহমানকে নিয়ে অন্তহীন মিথ্যার বয়ান। সারা দেশে হাজার হাজার মুজিবের মূর্তি প্রতিষ্ঠা করা হয়। এতে জনগণের কোটি কোটি টাকার ট্যাক্সের অর্থ অপব্যয় করা হয়। পাঠ্যপুস্তকে সাজানো কাহিনি পরিবেশন করা হয়। একদিকে সাংস্কৃতিকভাবে মগজ ধোলাই এবং অন্যদিকে ভয়ের শাসন একযোগে ফ্যাসিবাদী শাসন হয়ে ওঠে।

সব রাত্রির অবসান হয় ঊষার অরুণোদয়ে। শেখ হাসিনার ফ্যাসিস্ট শাসনের অবসান হলো এরপর ২৮ পৃষ্ঠায়



হয়তো পরিবর্তনের স্বার্থে মেলানোটাও সংগত নয়। এক্ষেত্রে সব দলের সহমতই সর্বোচ্চ আইন। আমরা দেশে একটি নতুন সামাজিক চুক্তি হোক দাবি করেছিলাম। এখন দেখছি সামাজিক চুক্তির পথটিও বাধাহীন নয়। যা হোক, শুরু করেছিলাম এই কথা বলে যে, আমাদের দেশে গণতন্ত্রের পথে বিভিন্ন সময়ের অভিযাত্রা বারবার ব্যাহত হয়েছে। এবার ১৪০০ মানুষের আত্মদান ও হাজার হাজার মানুষের আহত হওয়া ও পঙ্গুত্ববরণের পর যদি আশাহত হওয়ার মতো ক্ষুদ্রতম কোনো ঘটনা ঘটে, তাহলে এর চেয়ে দুঃখের আর কিছু হবে না। কথায় বলে, 'ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়'। ১২ ফেব্রুয়ারির নির্বাচনের পর কিছু ঘটনা সিঁদুরে মেঘ দেখার মতো ভয়জাগানিয়া বলে মনে হয়। হয়তো কেউ এটাকে বলবেন বিভ্রম। তা-ই যেন সত্য হয়

# এ মন্ত্রিসভার সামনে অনেক চ্যালেঞ্জ

মহিউদ্দিন আহমদ



নির্বাচনে জয়-পরাজয় আছে। যেভাবে ফলাফল নির্ধারিত হলো, এটা অনেকটাই অনুমিত ছিল। বিএনপি ভালো ফল করেছে; কিন্তু এর চেয়েও বেশি ভালো ফল করেছে জামায়াতে ইসলামী। আমরা যদি আগের রেকর্ডের সঙ্গে তুলনা করি, জামায়াতে ইসলামীর আসন অনেক বেড়েছে, তাদের পাওয়া ভোটও অনেক বেড়েছে। এটা কীভাবে সম্ভব হলো, তা নিয়ে অনেক আলোচনা হতে পারে। তবে একটা বিষয় আমাদের মনে রাখা দরকার, আওয়ামী লীগের মতো একটা বড় রাজনৈতিক দল এখন মাঠে নেই। তাদের অনেক নেতাকর্মী-সমর্থকই হয়তো ভোট দিতে যাননি। কিন্তু যারা গিয়েছেন, তাদের হিসাবে নিতে হবে। মানে আওয়ামী লীগের মধ্যে তো সবাই কট্টর আওয়ামী লীগার নন; অনেকেই আছেন, তাদের পছন্দ হলে কখনো আওয়ামী লীগকে ভোট দেন, আবার পরের নির্বাচনে দেখা গেছে, তারা বিএনপিকে ভোট দিয়েছেন। তাদের চোখে আওয়ামী লীগ আর বিএনপি হচ্ছে বিকল্প। এবার একটি বিকল্প ছিল না। ফলে তাদের অনেকেই হয়তো বিএনপিকে ভোট দিয়েছেন, অনেকেই হয়তো জামায়াতকে ভোট দিয়েছেন।

আওয়ামী লীগের লোক জামায়াতকে ভোট দেবে কেন-এখন এ প্রশ্ন স্বাভাবিকভাবেই উঠতে পারে। আমার মনে হয়, আওয়ামী লীগের প্রিন্সিপাল, মানে মূল প্রতিপক্ষ কিন্তু বিএনপি ছিল সব সময়ই। আর জামায়াতে ইসলামী ছিল অনেকটা বিএনপির অ্যাপেন্ডিক্স। কাজেই এখন যেটা হয়েছে, বিএনপির প্রতি আওয়ামী লীগের ক্ষোভ, ঈর্ষা এগুলো অনেক বেশি। সেদিক দিয়ে বিবেচনা করে হয়তো এমনও হতে পারে যে, অনেকেই কিংবা অনেক আওয়ামী লীগের লোক অনিচ্ছা সত্ত্বেও বিএনপিকে ভোট না দিয়ে জামায়াতে ইসলামীকে ভোট দিয়েছেন।

আরেকটা ব্যাপার হলো, সাধারণ নাগরিক, বিশেষ করে যারা-যেটাকে আমরা বলি সুইং ভোট বলি, একটু দোদুল্যমান বা কাকে ভোট দেবেন, আগে থেকে বোঝা যায় না-তারা অনেক সময় মন্দের ভালো-এরকমভাবে ভোট দেন। সেই হিসাবে তাদের অনেকে আওয়ামী লীগকে না পেয়ে বিএনপিকে ভোট দিয়েছেন, অনেকে জামায়াতকে ভোট দিয়েছেন। সেদিক বিবেচনায় এই নির্বাচনে জামায়াত নিঃসন্দেহে সবচেয়ে বেশি লাভবান হয়েছে। কাজেই একটি দলের গোঁড়া সমর্থক যারা, তাদেরও বাইরে কিন্তু সুইং ভোটের একটা বিশাল সংখ্যা আছে। তারাই অনেক সময় জয়-পরাজয় নির্ধারণ করে দেন।



তখন এটা নিয়ে রাজনীতির মাঠ একটু উত্তপ্ত হবে এবং বিরোধী দলে যারা আছে, বিশেষ করে জামায়াতে ইসলামী এবং এনসিপি হয়তো বিএনপিকে প্রচণ্ড চাপে রাখবে এ নিয়ে। বিএনপি সরকার গঠন করল ২৫ বছর পর। এবং বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে। এই ২৫ বছরের মধ্যে ১৭ বছর তো গেছে একটা অস্বাভাবিক পরিস্থিতির মধ্য দিয়ে। এবং গত তিনটা নির্বাচনে মানুষ ভোটই দিতে পারেনি। কাজেই বিএনপির ওপর সাধারণ নাগরিকদের অনেক প্রত্যাশা। মানুষের আসলে খুব বেশি চাওয়া নেই। মানুষ শান্তিতে থাকতে চায়, স্বস্তিতে থাকতে চায়, তাদের সন্তানদের জন্য কর্মসংস্থান চায়। কাজেই অনাবশ্যক প্রতিশ্রুতির ফুলঝুরি যে বইয়ে দেওয়া হয়েছিল, সবাইকেই সেখান থেকে একটু সরে আসতে হবে এবং যেগুলো বাস্তবায়নযোগ্য সেগুলো দ্রুত বাস্তবায়ন করতে হবে

এবারের নির্বাচনে আরেকটা বিষয় দেখা গেল, বিএনপি হয়তো আরও ভালো করতে পারত; কিন্তু সেক্ষেত্রে তাদের সমর্থকদের মধ্যে ভোট ভাগ হয়ে গেছে। যেমন, এবারের নির্বাচনে বিএনপির ৮০ জনের মতো বিদ্রোহী প্রার্থী ছিল। সেসব জায়গায় ভোট ভাগাভাগি হয়ে যাওয়ায় অনেক আসনে জামায়াতে ইসলামী জিতে গেছে। এভাবে হয়তো দুদলের মধ্যে ফলাফলের ব্যবধানটা একটু কমে গেছে।

এরপরও বলতেই হবে, জামায়াত সবচেয়ে বেশি লাভবান হয়েছে। এটা বললাম এ কারণে যে, একাত্তরের মুক্তিযুদ্ধের পর জামায়াতে ইসলামীকে নিয়ে মানুষের যে স্মৃতি, সেটি বোধহয় এখন আর তেমন কাজ করে না। এবং বেশির ভাগ তরুণ ভোটার, তাদের মধ্যে '৭১ নিয়ে আবেগ তেমন নেই। এটা সার্বিক পরিস্থিতি দেখলেই বোঝা যায়। সম্প্রতি অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ নির্বাচনগুলোয় দেখা গেছে ছাত্রশিবিরের জয়জয়কার। কাজেই বোঝা যায়, তরুণরা আর পুরোনো চিন্তা নিয়ে আঁকড়ে থাকতে চায় না। তারা চায় নতুন রাজনীতি। এখন এই নতুন রাজনীতি জামায়াতে ইসলামী কতটুকু দিতে পারবে, সেটা জানি না। কারণ বাংলাদেশে এর আগে আওয়ামী লীগের শাসন তারা দেখেছে, বিএনপির শাসন মানুষ দেখেছে। জাতীয় পার্টির শাসন মানুষ দেখেছে। জামায়াতেরটা দেখেনি। কাজেই জামায়াতকে যারা দেখার তারা একাত্তরেই দেখেছে; কিন্তু পরবর্তী প্রজন্ম তো দেখেনি। এবারের ভোটে সেটা নিয়ে একটা হিসাব আছে।

এবারের নির্বাচনে আরেকটা বড় চমক ছিল, জাতীয় পার্টির মোটামুটি নিশ্চিহ্ন হয়ে যাওয়া। তাদের তো কেউই জিততে পারেনি, এমনকি ভোটও তারা পেয়েছে এত কম যে, উল্লেখ করার মতো নয়। আমরা দেখেছি, জাতীয় পার্টি গত রেজিমে আওয়ামী লীগের বাফার হিসাবেই কাজ করেছিল। এবারের নির্বাচনে যে ফল দেখা যাচ্ছে, এই পার্টিটার কোনো অবস্থানগত ভিত্তি আর থাকল না। যেভাবে সমীকরণটা দাঁড়িয়ে গেছে, মেরুকরণটা হয়েছে এবারের ভোটে, সেটা হয়েছে আসলে ইসলামিস্ট পার্টি বনাম লিবারেল ডেমোক্রেটিক পার্টি। এখন এটা দ্বিদলীয় রাজনীতিতে রূপান্তরিত হবে কি না, সেটার জন্য আরও একটা-দুটা নির্বাচন অপেক্ষা করতে হবে। আবার চালচিত্র পালটে যেতে পারে, যদি আওয়ামী লীগ আবার ফিরে আসে এবং পরবর্তী নির্বাচনে অংশগ্রহণ করে। তাহলে হয়তো দেখা যাবে, ব্যাপারটা ত্রিমুখী লড়াইয়ের মধ্যে চলে যাবে।

২.

মঙ্গলবার শপথগ্রহণের পর বিএনপির নতুন মন্ত্রিসভা হয়েছে। নাম ঘোষণার আগে এ নিয়ে জল্পনা-কল্পনা কম হয়নি। মন্ত্রিসভায় তরুণ, প্রবীণ, অনভিজ্ঞ, অভিজ্ঞ সবাই আছেন। এক্ষেত্রে একটা বিষয় প্রশংসনীয়, বিএনপি যাদের সঙ্গে আসন সমঝোতা করেছিল, তাদেরকে ভুলে যায়নি। তাদের কয়েকজন মন্ত্রিসভায় জায়গা পেয়েছেন। তবে মন্ত্রিসভায় নারীর সংখ্যা দৃষ্টিকটুভাবে কম। একজন পূর্ণমন্ত্রী আর দুজন প্রতিমন্ত্রী বোধহয়। এ বিষয়টি খুব নজরে পড়ে। এ সংখ্যা আরেকটু বেশি হলে ভালো হতো। এখানে আরেকটা চমক আছে, সেটা হচ্ছে মন্ত্রিসভায় এরপর ২৮ পৃষ্ঠায়

# বাড়ি ক্রয়-বিক্রয়ের কথা ভাবছেন?

## সিদ্ধান্ত নেয়ার এখনই সঠিক সময়

আমরা কম সময়ের মধ্যে আপনার বাড়ি সর্বোচ্চ মূল্যে বিক্রয় করতে সহায়তা করতে পারি।



MLS

ISLAND ADVANTAGE REALTY

360 Motor Parkway Suite 200A, Hauppauge, NY 11788, 631.351.6000

আপনি (০% থেকে ৩.৫% ডাউন পেমেন্টে) FHA লোন
সেলফ এমপ্লয়িরা ৫% ডাউন পেমেন্টে (শুধু ২০২৫ সালের ট্যাক্স ফাইল দিয়ে)
এবং ইনকাম না থাকলেও ২০% ডাউন পেমেন্ট দিয়ে বাড়ি কিনতে পারেন।

কামরুজ্জামান বাচ্চু
KAMRUZ ZAMAN BACCU
Licensed Real Estate Salesperson

**347.465.3220**
kamruzbaccu1@gmail.com

**Buying/Selling:**
Residential, Commercial Investment, HUD Auctions, Foreclosures REO/Bank Owned Houses, Short Sale & Stop Foreclosure.

**Rental:**
Cash, W-2
CityPHEPS
PHEPS
Section-8 & other programs



## House & Co-Ops For Sale

| | | |
|---|---|---|
| 3321 Fish Ave, Bronx, NY 10469 (2 Family) | 4 Beds over 3 Bedrooms+Semi Basement | $995,000 |
| 1715 St Peters Ave, Bronx, NY 10461 (4 Family) | 10 Bedrooms, 6 bathrooms 4 Family House | $1,499,000 |
| 163 Emily Avenue, Elmont, NY 11003 | 4 Bedrooms, 2 bathrooms | $850,000 |
| 8 Patricia Court Bethpage NY11714 | 5 Bedrooms, 5 bathrooms | $1,099,000 |
| 21 Piper Lane, Levittown, NY 11756 | 4 Bedrooms, 2 bathrooms Renovated | $799,000 |
| 114-88 177th Place, Jamaica, NY (2 Family) | 5 Beds, 4 Bathrooms+Basement | $749,000 |
| 787 Stewart Avenue, Bathpage, NY (Long Island) | Single Family | $649,000 |
| 111-32 116th St, Jamaica, NY 11420 | 3 Bedrooms, 2 bathrooms | $799,000 |
| 1067 Mirabelle Ave, Westbury, NY 11590 | 4 Bedrooms, 2 bathrooms | $770,000 |
| 166-25 Powells Cove Blvd #4D Whitestone, NY 11357 | 2 Bedrooms, 2 bathrooms (CO-OP) | $675,000 |
| 3201 Grand Concourse #4M, Bronx, NY 10468 | 1 Bedroom, 1 bathroom (CO-OP) | $175,000 |
| 825 Morrison Avenue #12F, Bronx, NY 10473 | 2 Bedrooms, 1 bathroom (CO-OP) | $319,000 |
| 715 Fox Street #5J, Bronx, NY 10455 | 1 Bedroom, 1 bathroom (CO-OP) | $154,900 |
| 208 Myrtle Avenue, Staten Island, NY | Two Family | $690,000 |
| 140 Arlington Avenue, Valley Stream, NY | Single Family | $704,900 |
| 1326 College Avenue, Bronx, NY | Two Family | $499,000 |

**We Have 200+ Regular, REO and Auction Houses For Sale**

আজই কল করুন, কামরুজ্জামান বাচ্চু (আইল্যান্ড এ্যাডভেন্টেজ রিয়েলটি)- ৩৪৭-৪৬৫-৩২২০

# বিশ্ব ভালোবাসা দিবসে "ভালোবাসার ছোয়া'য়" মুগ্ধ দর্শক

(শেষের পাতার পর)
বিশেষ করে বাংলাদেশ ও প্রবাসের অনেক নামি-দামি তারকাদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো যেমন চলচিত্র তারকা শাকিল খান, অমিত হাসান, আলিশা প্রধান, জনপ্রিয় ক্লোজ-আপ সুপার ষ্টার লুইপা। প্রবাস তথা নিউ ইয়র্কের শিল্পীদের মধ্যে উপস্থিত ছিলেন কামরুজ্জামান বকুল, শামীম সিদ্দিকী, রায়ান তাজ ও প্রমি তাজ এবং কামরুল ইসলাম, লিমন প্রমুখ।রাখি মমতাজ এর সাবলীল উপস্থানায় এদিনের প্রোগ্রামের শুরুতে শুভেচ্ছা বক্তব্যে সকলকে ভালোবাসা দিবসের শুভেচ্ছা জানান আয়োজোক মোঃ সেলিম ইব্রাহিম এবং জাহাঙ্গীর আলম জয় ও সাদিয়া আফরিন সনি। তার পর রায়ান তাজ এর গান দিয়ে শুরু হয় এবং একে একে অন্নান্য শিল্পীরা গান গেয়ে সবাইকে মাতিয়ে রাখেন। বিশেষ বিনোদন হিসাবে ছিল ব্যালে ডান্স যা উপস্থিত নারী -পুরুষসহ সকলের দৃষ্টি আকর্ষণ ও আনন্দ প্রদান করে। এছাড়া কমিউনিটির বিশেষ ব্যক্তিত্ব ও বিশেষ অতিথিদের মঞ্চে আমন্ত্রণ জানিয়ে পরিচয় করিয়ে দেয়া হয় এদের মধ্যে ছিলেন তরিকুল ইসলাম বাদল, মাহফুজা সাথী, মোঃ তুহিন, রিদওয়ান রাজ্জাক সেতু, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, আহসান হাবিব, নাসির খান পল, লিটন চৌধুরী, এন হায়দার মুকুট, আব্দুর রাশিদ বাবু, ডাঃ সরওয়ার হাসান, আবুবক্কর সিদ্দিক, খাইরুল ইসলাম খোকন প্রমুখ। সকল অতিথীরা বিশ্ব ভালবাসা দিবসে এমন একটি বর্ণাঢ্য সাংস্কতি সন্ধা উপহার দেয়ার জন্য আয়োযকদের ভুয়সি প্রসংশা করেন। সব শেষে ছিল আকর্ষণীয় রেফেল ড্র , এতে প্রথম পুরুস্কার দেয়া হয় ডায়মন্ড রিং। সকলকে ডিনার পরিবেশন এর মাধ্যমে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।





























## গাজীপুর সোসাইটির নতুন কমিটি গঠন

৩ পৃষ্ঠার পর

ইসলাম বকসি।

আরো উপস্থিত ছিলেন আসাদুজ্জামান ভূইয়া শাহীন, চাঁন মিয়া, কবির হোসেন, মশিউর আহমেদ, ওলী উল্যাহ, পিন্টু, লুৎফর নায়ার, মামুন বকসী, মোস্তফা, নাসির উল আলম বকসী, সুলতান আহমেদ উপদেষ্টা জাহিরুল হকের পরিচালনায় সাত সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করে নতুন কমিটি ঘোষণা করা হয়।

উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান নব নির্বাচিত সভাপতি হুন মোমেন সরকার। তিনি ঐক্যবদ্ধভাবে, ভ্রাতৃত্ববোধ জায় রেখে কমিউনিটিকে এগিয়ে নিয়ে যেতে সবার সহযোগীতা চান।



## উনবাঙালের মাতৃভাষা দিবস উৎযাপন

৩ পৃষ্ঠার পর

নিয়ে একুশের আবহ তৈরি হয়। সঙ্গীত পরিবেশন করেন মিতা হোসেন, মুক্তি জহির, ঝুমা আফরোজ, মোহাম্মদ শানু, সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল, রেণু রোজা, মুন্না চৌধুরী, রওশন হক, শামীমা শাম্মী, শাহীদুর নবী, আবিদা সুলতানা, দেলোয়ারা কামাল, চমক ইসলাম ও নাসিরুল ইসলাম। এরপর শুরু হয় স্বরচিত কবিতা পাঠ করেন রওশন হক, দেওয়ান নাসের রাজা, শাহীদুর নবী, নুরুল মোস্তফা রহিনী, নাসী, নজরুল ইসলাম, রেণু রোজা, শেলী জামান খান ও মিতা হোসেন। বিখ্যাত কবিদের কবিতা থেকে আবৃত্তি পরিবেশন করেন আহসান হাবিব, মোহাম্মদ শানু, এম এ সাদিক, সুমন শামসুদ্দিন, শামীমা শাম্মী, মুক্তি জহির, মোহাম্মদ শানু এবং মুন্না চৌধুরী। এর পরপরই মঞ্চস্থ হয় মিতা হোসেন রচিত এবং শামীমা শাম্মী পরিচালিত একুশের নাটিকা 'শফের একুশে ফেব্রুয়ারি'। মূল চরিত্র শফের ভূমিকায় অভিনয় করে শিশুশিল্পী আরহাম, শিক্ষকের ভূমিকায় ছিলেন সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল এবং শফের মায়ের ভূমিকায় ছিলেন চমক ইসলাম।

অনুষ্ঠানের শেষ পর্বে ছিল কবি কাজী জহিরুল ইসলামের একক কবিতা পাঠ 'মহাকালের ঘড়ি'।

## শিবলী প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রেস সচিব

৩ পৃষ্ঠার পর

সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে সরকারের সচিব পদমর্যাদা ও বেতন (৭৮ হাজার টাকা) সহ প্রধানমন্ত্রীর প্রেস সচিব পদে চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হলো। এই নিয়োগ হবে প্রধানমন্ত্রীর মেয়াদকাল অথবা তার সন্তুষ্টি সাপেক্ষে। অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনের নিয়োগের প্রজ্ঞাপনে বলা হয়েছে, তিনি অন্য যেকোনো পেশা, ব্যবসা বা সরকারি/আধা-সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব পদে গ্রেড-২ বেতন স্কেলের সর্বশেষ ধাপের বেতনে যোগদান করবেন। এ নিয়োগও প্রধানমন্ত্রীর মেয়াদকাল অথবা তার সন্তুষ্টি সাপেক্ষে (যেটি আগে ঘটে) চুক্তিভিত্তিক। শিবলী ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক সাধারণ সম্পাদক। পেশাগত জীবনে দৈনিক বাংলাবাজার, মানবজমিন, ইউএনবি, চ্যানেল আই টেলিভিশন ও কলকাতায় বাংলাদেশ ডেপুটি হাই কমিশনে ডেপুটি প্রেস সেক্রেটারি হিসেবে দায়িত্ব পালন করেছেন।






## শরণার্থী শিবিরে গাজাবাসির কষ্টের রমজান শুরু

৩ পৃষ্ঠার পর

তীব্রতা নেই। বাস্তুচ্যুত হিসেবে এবার নিয়ে টানা তিনটি রমজান শরণার্থী শিবিরে কাটাচ্ছেন মাইসুন। যুদ্ধের শুরুতে দক্ষিণ-পূর্ব গাজায় নিজের বাড়ি হারান তিনি। স্বামী হাসনুনা ও দুই সন্তানকে নিয়ে এক শিবির থেকে আরেক শিবিরে ঘুরে অবশেষে নুরেইজে আশ্রয় নেন। তবুও শিবিরে এক ধরনের সামাজিক বন্ধন গড়ে উঠেছে। রমজানের প্রথম দিনে ইফতারের আজানের আগে তিনি শরণার্থী শিবির প্রশাসনের কাজে অংশ নেন। তিনি বলেন, আমরা ঘর হারিয়েছি, স্বজন হারিয়েছি। কিন্তু এখানে প্রতিবেশীরা একই কষ্টের ভাগীদার। আমরা একে অপরকে সামাজিকভাবে সমর্থন করতে চাই। একটু থেমে মাইসুন ভারী কণ্ঠে বলেন, আমরা শূন্য থেকে জীবন আর আনন্দ তৈরি করার চেষ্টা করছি। রমজান আসে, ঈদ আসে, আবার চলে যায়। কিন্তু আমাদের বাস্তবতা একই রয়ে গেছে। তবুও যুদ্ধবিরতির ছায়ায় গাজায় রমজান তাই শুধু ইবাদতের মাস নয়, এটি বেঁচে থাকার লড়াইয়ের মধ্যেও ছোট ছোট আনন্দ ধরে রাখার এক মানসিক প্রয়াস।

## এসেমব্লিতে লড়ছেন জাকির, সানী ও শামসুল

১ পৃষ্ঠার পর

হবে। জাকিরকে জিততে হলে প্রায় ৮ হাজার ভোট পেতে হবে। সেখানে এককভাবে বাংলাদেশি ভোটারই রয়েছে প্রায় ৫ হাজার। এই বিশাল ভোট ব্যাংক বাংলাদেশি প্রার্থীকে ভোট দিলে জাকির এগিয়ে যাবেন অনেকদূর। অন্যান্য কমিউনিটির ভোট প্রয়োজন হবে ৩ হাজারের মতো। জাকির বাংলাদেশি ভোটারদের ঐক্যবদ্ধ করে অন্যান্য কমিউনিটিতে কাজ করছেন। এই নির্বাচনী এলাকায় ৫৩ শতাংশ ভোটার রয়েছেন হিসপানিক। ২৯ শতাংশ আফ্রিকান-আমেরিকান। জাকির চৌধুরী আজকালকে বলেন, আমি দিনরাত এই ২টি কমিউনিটির সাথে কাজ করছি। জাকিরকে প্রাইমারিতে বর্তমান এসেমব্লিওম্যান ক্যারিবেল রয়েস এর মুখোমুখি হতে হবে। রেড মোল্লা সানী কুইন্সের জামাইকা এলাকায় পরিচিত মুখ। জামাইকা বাংলাদেশী ফ্রেন্ডস সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক। কমিউনিটি বোর্ড সদস্য। কমিউনিটিতে দীর্ঘদিন ধরে কাজ করছেন। স্টেট এসেমব্লি ডিস্ট্রিক্ট-৩২ থেকে প্রার্থী হয়েছেন। তার বিপরীতে লড়তে যাচ্ছেন কংগ্রেসম্যান গ্রেগরি মিক্সের ডেপুটি চিফ অব স্টাফ সাথে নিকোল হেজভিয়া, লাটোয়া শিয়ার্ড, কুইন জনসন ও কুলিনিয়া মরিসন। নির্বাচনী এলাকাটি কুইন্সের হিলসাইড, জামাইকা এভিনিউ, ১৩৭এভিনিউ, মার্কিন বুলার্ড, অ্যানডাইক এক্সপ্রেসওয়ে ও সাউথ জামাইকা নিয়ে গঠিত। এই এলাকায় প্রায় ৫ হাজার বাংলাদেশি ভোটার রয়েছেন। দক্ষিণ এশীয় ভোটারের পরিমান প্রায় ১৫ হাজার। এই ডিস্ট্রিক্টের বর্তমান এসেমব্লিওম্যান ভিভিয়ান কুক। ২ যুগেরও বেশি সময় ধরে তিনি নির্বাচিত হয়ে আসছেন। ৮১ বছর বয়সী ভিভিয়ান অবসরে যাচ্ছেন। তার এই শূন্য আসনে বাংলাদেশি রেড মোল্লাহ সানী প্রার্থী হয়েছেন। এখনও কোন প্রার্থী আনুষ্ঠানিকভাবে প্রার্থীতা ঘোষণা করেননি। তবে সানী জনমত গড়তে মাঠে সক্রিয় রয়েছেন। ডেমোক্রেটিক প্রাইমারি নির্বাচন অনুষ্ঠিত হবে জুন মাসে। ভিভিয়ান কুক ২০২২ সালে ডেমোক্রেটিক প্রাইমারিতে ৪,৩৮৪ ভোট পেয়ে দলীয় মনোনয়ন পেয়েছিলেন। এই ডিস্ট্রিক্ট ডেমোক্রেটিক অধ্যুষিত হওয়ায় প্রাইমারিতে যিনি জয়লাভ করে তাকেই চূড়ান্ত বিজয়ী বলে ধরে নেয়া হয়। বাংলাদেশিরা সানীর পক্ষে একযোগে ভোট দিতে গেলে এই আসনে সানীর বিজয়ের সম্ভাবনা উজ্জ্বল।

শামসুল হক সাবেক পুলিশ অফিসার। মেয়র মামদানির ইনাগুরেশন টিমের সদস্য ছিলেন। কমিউনিটিতে সক্রিয়। তিনি এসেমব্লিতে লড়তে চাচ্ছেন ডিস্ট্রিক্ট-৩৩ থেকে। উডসাইড, এলমহার্স্ট মেরুপাথ, জ্যাকসন হাইটস ও গ্রান্ড এভিনিউ এলাকা নিয়ে তার নির্বাচনী এলাকা। শামসুল হকের প্রার্থীতা ঘোষণার ১ ঘন্টার মধ্যেই প্রচুর বাংলাদেশি কমিউনিটি নেতৃবৃন্দ সোশাল মিডিয়ায় তাকে স্বাগত জানিয়েছেন। তাদের মধ্যে উল্লেখযোগ্যরা হলেন এটর্নি মঈন চৌধুরী, জয় চৌধুরী, জাকির কবির, খায়রুল ইসলাম খোকন, এম এন মজুমদার, মোহাম্মদ আমিন, কাজি খান, সাংবাদিক ও মাওলানা শফিকুল্লাহ, জালালাবাদের মইনুল ইসলাম ও কামরুল ইসলাম সনি। ডিস্ট্রিক্ট এসেমব্লিম্যান স্টিভেন রাগা এই পদে নির্বাচন করছেন না। তিনি লড়বেন স্টেট সিনেটে। শামসুল হক রাগার ছেড়ে দেয়া আসনে নির্বাচনের আগ্রহপ্রকাশ করেছেন।

# এই সপ্তাহের কবিতা






## ফেব্রুয়ারির একুশ
কনক কুমার প্রামানিক

বছর ঘুরে বাংলার মাঝে
ফেব্রুয়ারির শোক আসে,
তাই হারানোর শত কষ্টে
নয়ন জলে ভাসে।

বায়ান্নর সেই একুশ তারিখ
রক্ত বন্যা দেশে,
অকুতোভয় বীর শহীদরা
প্রাণ দেয় হেসে হেসে।

মায়ের ভাষার মানটা রাখতে
জীবন রাখে বাজী,
শত্রুর বুলেট রুখে দিতে
এক কথাতে রাজী।

প্রভাতফেরীর করুণ সুরে
স্মরণ করি মোরা,
ভাষার মাসে ছিন্ন হৃদয়
মনে শোকের ধারা।



## ধুসরিত বাংলা
বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

মেঘের পানসি ভাসা
রৌদ্র কাঁপানো আসমান,
পুঁইশাক ঢাকা ঘরের চাল,
লাউয়ের মাচায় লেজ নাচায়
হলদে পাখি।

বাংলার উক্তি ছাওয়া মনে
আটকানো পোস্টার-
রাষ্ট্রভাষা বাংলা।
বর্ণোচ্ছ্বাসে ভাসে বাংলা ভাষা।
রক্তক্ষয়ে আসে স্বাধীনতা।

তবুও থেকে থেকে রক্তমাখা
শার্টের আহবানে কেঁদে উঠে
দুঃখিনী মায়ের বুক।

নিদারুন মনস্তাপে চুল ছিড়ে
কন্যার শ্লীলতাহারা পিতা।

শহীদদের আত্মা কাঁদে
রাতের দীর্ঘশ্বাসে,
মুক্তিযোদ্ধারা মাথা ঠুকে
বিবেকহীন কারাগারের
দেয়ালে দেয়ালে।

বহুরূপি নেকড়ের সাথে
নিত্য লড়াইয়ে বাঁচার তাগিদে
বেঁচে থাকে-
অশ্লীল,অনৈতিক  নজরে বন্দী
আজকের সব কন্যা-জায়া-জননী।

উদার নিলীমা যায় গুটিয়ে,
বাতাস হয় ভারি।
ধ্বংসস্তূপে দাঁড়িয়ে আর্তনাদ করে
স্বাধীনতা।
নৈতিক অবক্ষয়ের শবানুগমনে
বাংলা হয় ধুসরিত।



## নিঃশব্দ আলো
ইকবাল খান

তোমার অঙ্গভঙ্গি জাপানি পুতুলের মতো,
নীরব, নিখুঁত, যেন সময় থমকে গেছে।
চোখের প্রান্তে ছায়া জমে,
শ্বাসে নাড়া দেয় অচেনা স্বপ্ন।
তুমি হাসো না, শুধু কুঁচকানো পাতার মতো
ঝরে পড়ে অনুভূতির অমোঘ ঝরনা।
তোমার হাতের নড়াচড়া-
নীরব কথোপকথন, নিখুঁত নিঃশ্বাস।
জীবনের শব্দগুলো যেন তোমার পায়ের কাছে হেঁটে আসে,
প্রতিটি মুহূর্তের ভেতর তুমি খুঁজে নাও আলো।
কোথাও ব্যথা নেই, কোথাও আনন্দের শব্দ নেই,
তবু ভেতরকার আলো ছিঁড়ে যায় অচেনা অন্ধকার।
তুমি সেখানে, স্থির, নিখুঁত,
এক অচেনা জগতে ভেসে যাওয়া পুতুলের মতো।
আমার চোখ ধরা দেয় না, তুমি ধরা দাও না,
শুধু ভাবের ছায়া থেকে যায়, চিরন্তন ও নীরব।



## জীবনে সন্ধ্যা
আনজানা ডালিয়া

একদিন আমার সব হবে,
সব মানে সবই হবে এই আশায় জীবনে সন্ধ্যা নেমেছে
ডায়রীর পাতায় হিসেব কষতে বসে ভাবে
কই নিজস্ব বারান্দা?
যেখানে ছিক্কায় মাটির পাতিল ভরা ধান থাকতো,
না নেই,হয়নি কোন নিজস্ব বারান্দা।
নিজস্ব একটা রুম দরকার ছিলো,
যে রুমে পান্ডুলিপি গুলো ছড়িয়ে থাকতো,
সেখানে কারো প্রবেশাধিকার থাকতো না,
দখিনের জানলায় জুঁই,বেলীর গাছ থাকতো।
উদাসীন মনটা ওই নীল দিগন্ত হারাতো।
পৃথিবীতে আশা নামক কোন শব্দের অস্তিত্ব নেই।



## একুশ আমার
ভীষ্মদেব মণ্ডল

একুশ আমার কবিতার খাতা
হৃদয়ের কথা বলা,
মুক্ত মনের চেতনায় ভেসে
আলোকিত পথে চলা।
একুশ আমার ফসলের মাঠ
সুরভিত এক ফুল,
জাতীয়তাবাদী সেতু বন্ধন
নব চেতনার মূল।
একুশ আমার জীবনের পথে
রবি শশী তারা হয়ে,
নব কলতানে সাম্যের গানে
চলেছে আমাকে লয়ে।
একুশ আমার মহা ইতিহাস
সারা বিশ্বের কাছে,
জীবনের সব আলো হাসি গানে
একাকার হয়ে আছে।
একুশ আমার বাঁচতে শেখার
অমর গানের সুর,
সব বাধা ঠেলে সামনের দিকে
নিয়ে যাবে বহু দূর।



## রইনা আমি ওদের সাথে
সুজন দাশ

যাদের হৃদয়ে বিভেদের সুর ধর্মে বানায় ঢাল,
তাদেরকে আমি মানুষ বলি না একেবারে জঞ্জাল।
মানবতা যদি ধারে কাছে থাকে ভাবতে পারেনা তারা,
যে কোন কর্মে তারা আগে চায় দেয় কী বিবেক সাড়া?

বিবেক ছাড়া তো হয় না মানুষ পরিচয় বয় তার,
মানুষ পশুতে থাকে না তফাৎ মিলেও চমৎকার।
ধর্ম বর্ণ যার যেটা হোক মানুষ থাকুক আগে,
না থাকলে প্রেম অন্তরে প্রীতি ধর্মটা কিসে লাগে?

মহত্ব ন্যায় না থাকলে মনে ধর্ম দিয়ে কী হবে?
একচোখা নীতি মূর্খরা যত অশান্তি করে ভবে।
ওরা পুড়ে শুধু ঘৃণার অনলে মানে না মর্ম তার,
ধর্ম কখনো সয়না কিন্তু এমন পাপের ভার।

অন্তরে যার দয়া প্রীতি আছে মহত্বে জাগে প্রাণ,
আমার কাছেতে তিনিই মানুষ আমি গাই তার গান।
বিভাজনে যারা মানুষকে ঠেলো ভাসো কর্মের রাগে,
কর্মে মানুষ দেবতা দৈত্য এ যেন হৃদয়ে জাগে।

মানুষের মাঝে সেই বেঁচে থাকে কর্মটি যার ভালো,
যুগে যুগে তিনি সবার হৃদয়ে ছড়ান নিজের আলো।
ঘৃণা দিয়ে মিলে ঘৃণায় কেবল হারায়ও পাপে খেই,
হোক সে স্রষ্টা কিংবা মানুষ আমি তার সাথে নেই।



## ঝলসে যাওয়া বিকেল
অনিক খুরশীদ

আমার পাপের ভাগ তুমি নেবে না
পাপের অন্য পিঠে যে আনন্দ ভোগ বিলাসিতা প্রাচুর্য
দারুণ দক্ষতায় শুধু রপ্ত করতে পারো
বসন্তের সুবাসে আনন্দধারা হয়ে ফুটো।

অনুচ্চারিত বোঝাপড়ার হাহাকারে পাতারা ঝরে পড়ে
সারি সারি উলঙ্গ বৃক্ষরাজি নিরব দাঁড়িয়ে থাকে
শীতের আবহ পিছনে ফেলে
একটা বিক্ষুব্ধ বিকেল কেমন পুড়ে যাচ্ছে
ফুল পাখিদের কলরবে ব্যাকুল তোমরা
সখ্যতা গড়ার বাসনায় সঞ্চিত করে উড়ার ক্ষমতা।

আর তুমি তো এমনিতেই উড়তে পারো
লাল টকটকে ফুল ফোঁটাও ঠোঁটে
হাই সোসাইটিতে হরদম ওঠা বসা রাত বিরাতে
সভ্যতাকে তুড়ি মেরে অঙ্গে পেঁচাও ডিজিটাল ধারা

তুমি কি করে বুঝবে
ঝলসে যাওয়া বিকেলের গল্পের কথা?



## সুফিয়ান আহমদ চৌধুরীর একুশের কবিতা

আমার ভাষা
একুশ আসে ভাষার গানে
প্রভাতফেরি যায়,
একুশ ভোরে কুয়াশ ভেঙ্গে
শহীদ মিনার যায়।
শহীদ মিনার ফুলের মেলা
শপথ কী যে হয়,
ভাষার মান রাখবে সবে
নেই তো কোন ভয়।
আগুন জ্বলে দু'চোখে ওই
আগুন জ্বলে মনে,
আগুন জ্বলে কেমন ওই
লাল পলাশ বনে।
বাংলা ভাষায় বলছি কথা
মনের সুখে রোজ,
দেশ বিদেশে বাঙালি যত
আমার ভাষা খোঁজ।
আমার ভাষা বাংলা ভাষার
তুলনা নেই বুঝি,
গরবে বুক ভাষা আমার
সবার সেরা বুঝি।

ভাষার টানে
এই ফাগুনে ভাষার টানে
ভাষার জয় জয়,
শহীদ মিনার জেগেছে ওই
আলোর বান বয়।
সবার মুখে ভাষার গান
উজালা মনে হাঁটে,
কবিতা গান ছড়ার পাঠে
ভাষা দিবস কাটে।
মিছিলে মিছিলে জাগে দেশ
দেয় তো মন সাড়া,
শহীদ মিনার ভরেছে ফুলে
ভাষায় দেয় নাড়া।
মায়ের ভাষা মুখের ভাষা
কদর কী যে পায়,
বর্ণমালায় সাজে স্বদেশ
ভাষায় কী রাঙায়!
ভাষার মান রাখতে সবে
দৃপ্ত শপথ করে,
লেখা পড়ায় আর কর্মে
দেশটা যেন গড়ে।

আসুক জোরে ভাষার ডাক
আলোর হাসি চাই,
বীর বাঙালি একতা গড়ে
গড়তে দেশ যাই।

একুশ এলো পড়ছে মনে
অনেক স্মৃতি ঘেরা।
অমর দিনে অমর স্মৃতি
একুশে গর্বে রয়,
ভাষার জয় অমর একুশে
ভাষার জয় জয়।

প্রভাতফেরি
একুশ ভোরে প্রভাতফেরি
শহীদ মিনার আসে,
ফুলের ডালি সাজে মিনার
আলোর হাসি হাসে।
পণটা করে সবাই করে
দাঁড়িয়ে হাত তুলে,
শহীদদের ছবি দু'চোখে

কেমন করে ভুলে।
একুশ ভোরে দেশটা জাগে
স্বপ্নটা আঁকে তাই,
প্রভাতফেরি ভালোবাসায়
ছুটলো সবে তাই।
শহীদদের গল্প শুনে
সাহসে বুক ভরে,
একুশে গান চারদিকেতে
একুশে ছড়া পড়ে।
প্রভাতফেরি শহর ঘুরে
পাখিরা গাছে ডাকে,
খোকন সোনা প্রভাতফেরি
খোকন আগে থাকে।

## সুমন বিপ্লবের একুশের ছড়া

সালাম
বায়ান্নতে শহিদ সালাম
শহীদ হয়েছিলেন,
ভাষার জন্য রাজপথে যে
আপন জীবন দিলেন।

ফেনী জেলায় জন্মেছিলেন
পিতা ফজলু মিয়া,
তখন তিনি ঢাকায় থাকতেন
হৃদয় স্বপ্ন নিয়া।

জানোয়ারদের ওই গুলিতে
করেন মৃত্যুবরণ,
বাঙালিরা চিরদিন যে
রাখবে তাঁকে স্মরণ।

বরকত
আবুল বরকত শহিদ হলেন
একুশে ফেব্রুয়ারি,
মুর্শিদাবাদে বাড়িতে তাঁর
ভুলিতে কি পারি?

ঢাকা বিশ্ববিদ্যালয়ে
পড়তেন তিনি তখন,
মারা গেলেন ,শয়তানেরা
গুলি করলো যখন,

আজিমপুরের গোরস্থানে
দিলেন তাঁকে কবর,
ভাষা দিবস এলে পরে
আমরা নিচ্ছি খবর।

রফিক
শহীদ রফিক উদ্দিন আহমদ
মানিকগঞ্জে বাড়ি,
ভাষার জন্য জীবন দিয়ে
গেলেন স্বজন ছাড়ি।

মাথার খুলি উড়ে গিয়ে
মগজ পড়ে রয়,
মেডিকেলে নিয়েছিল
তবুও মৃত্যু হয়।

পাকিস্তানের জানোয়ারে
গুলি করেছিল,
ফেব্রুয়ারির ২১ তারিখ
রফিক জীবন দিল।

জব্বার
আব্দুল জব্বার শহীদ হলেন
২১ ফেব্রুয়ারি,
ভাষার জন্য জীবন দিলেন
ভুলিতে কি পারি?

ময়মনসিংহে জন্মেছিলেন
১৯১৯ সালে,
মৃত্যুবরণ করেন তিনি
পড়ে শয়তানের জালে।

আজিমপুরের গোরস্থানে
তিনি শুয়ে আছেন
দেশের কাজে  দিলেন
অমর হয়ে বাঁচেন।

রাষ্ট্র ভাষার জন্য
উর্দু হবে রাষ্ট্র ভাষা
যখন বলেছিল,
দামাল ছেলেরা রাজপথে
জীবন দিয়ে দিল।

সালাম বরকত রফিক জব্বার
আরো অনেক ছাত্র,
বন্দুকের সেই নলের সামনে
দাঁড়ায় মিনিট মাত্র।

রাজপথ সেদিন হয়েছিল
রক্তে ভিজে লাল,
আজও তাঁদের স্মরণ করি
জানাই যে সালাম।


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
☐ Personal Tax Filing
☐ Business Tax Filing
☐ New Business Setup
☐ Home & Business Insurance
☐ Immigration Services
☐ ITIN Number Application
☐ Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# NY COVID-19 Fraud: 9 Bangladeshi Plead Guilty

Ajkal Desk




Nine New York residents have pleaded guilty to defrauding the state's COVID-19 Pandemic Small Business Recovery Grant Program, with restitution orders totaling over $470,000, authorities announced Friday. The guilty pleas mark a significant development in the ongoing effort to recoup funds lost to fraud during the pandemic.

The individuals submitted fraudulent applications claiming funds for businesses that were either nonexistent or already defunct, according to Queens District Attorney Melinda Katz and New York State Inspector General Lucy Lang. The scheme exploited a program designed to provide a lifeline to struggling small businesses during the height of the COVID-19 pandemic.

Three of the defendants reside on Long Island: Tanvir Milon, 55, of Farmingdale, ordered to pay $280,512 in restitution; Juned Khan, 56, of Deer Park, ordered to pay $70,000; and Nadeem Sheikh, 56, of New Hyde Park, ordered to pay $46,208. The remaining six defendants are residents of Queens: Mahbub Malik, Yousuf Md, Mohammed Chowdhury, Zakir Chowdhury, Tufail Ahmed, and Mohammad Khan.

Investigators found that Milon's fraud extended beyond the state program, with claims submitted for nine fraudulent businesses and over $2.5 million obtained through the federal COVID-19 Economic Injury Disaster Loan Program. Khan used eight businesses to steal $127,300 from the state program and $72,000 federally, while Sheikh stole $96,208 in state recovery grants through two fraudulent businesses.

The guilty pleas, entered in Queens Supreme Court, involve charges of grand larceny in the fourth degree and petit larceny. To date, the state has recovered $760,000 of the nearly $1.1 million in restitution ordered.

The case highlights a broader issue of pandemic relief fraud, with a June 2025 audit by the state Comptroller's office revealing nearly $4.1 million in grant funds erroneously awarded to 101 entities statewide. Authorities emphasize that recovering these funds can be a lengthy and complex process, with no guarantee of full recovery.

The COVID-19 Pandemic Small Business Recovery Grant Program was established to help small enterprises cover expenses like wages, overhead, and personal protective equipment. As the state continues to pursue misused funds, questions remain about preventative measures for future relief programs.



# Immigration officers seem to be trained to be 'nasty, mean and cruel: Senator Schumer

Ajkal Desk

Senate Minority Leader Chuck Schumer on Sunday questioned the Department of Homeland Security's training of immigration officers, calling Immigration and Customs Enforcement a "rogue force."

"They're almost trained, it looks like, to be nasty and mean and cruel and go way beyond what ordinary police departments do," the New York Democrat told CNN's "State of the Union."

"They need to be reined in and they need to stop the violence," Schumer added. Schumer's comments come after Democrats refused to fund the Department of Homeland Security without extensive changes to ICE and Customs and Border Protection following the deaths of Renee Good and Alex Pretti last month. Their demands include strengthening warrant requirements, unmasking federal immigration officers and ending roving patrols.

Congressional Republicans and the White House have largely rejected the demands, arguing things like unmasking agents could lead to an increase in doxxing officers. But Schumer on Sunday said the argument "makes no sense." "Every other police department in America is unmasked. ICE can do the same," he told host Jake Tapper.

Still, the partial government shutdown won't immediately impact some parts of the Department of Homeland Security, like ICE and CBP. Both agencies received billions last summer as part of Trump's Continued on page 26



# Indonesian 8,000 troops ready for peacekeeping mission in Gaza

Ajkal Desk

Indonesia's military said Sunday that up to 8,000 troops are expected to be ready by the end of June for a potential deployment to Gaza as part of a humanitarian and peace mission, the first firm commitment to a critical element of U.S. President Donald Trump's postwar reconstruction plan.

The Indonesian National Armed Forces, known as TNI, has finalized its proposed troop structure and a timeline for their movement to Gaza, even as the government has yet to decide when the deployment will take place, army spokesperson Brig. Gen. Donny Pramono said.

"In principle, we are ready to be assigned anywhere," Pramono told The Associated Press, "Our troops are fully prepared and can be dispatched at short notice once the government gives formal approval."

Pramono said the military prepared a composite brigade of 8,000 personnel, based on decisions made during a Feb. 12 meeting for the mission.

Under the schedule, troops will undergo health checks and paperwork throughout February, followed by a force readiness review at the end of the month, Pramono said. He also revealed Continued on page 26

# Tania Brishty diagnosed with brain tumour, undergoes surgery

Anik Raj



As the afterglow of Valentine's Day fades, troubling news has emerged from one of the industry's busiest actresses, Tania Brishty. She revealed that she spent Valentine's Day in a hospital bed.

The General Secretary of the Actors Equity, Rashed Mamun Apu, has confirmed that a tumour has been detected in her brain. She has been admitted to the hospital, and her surgery is scheduled to take place today.

Earlier, on Saturday evening (14 February), the actress shared news of her illness in a Facebook post, although she did not disclose details at the time.

In the post, the actress was seen sitting on a hospital bed, her face and head covered with a bouquet. In the caption, she wrote that that Valentine's Day had received Valentine's Day flowers from her family and requested prayers from everyone. She also mentioned that she would undergo head surgery the following day (15 February).

Meanwhile, Rashed Mamun Apu stated that Tania Brishty's brain tumour operation is being carried out at a private hospital in the capital. Considering her current physical condition, a statement has been issued on her behalf from the hospital. It requests that she not be disturbed with calls or messages regarding shooting schedules or work commitments during this period of illness. The statement adds that she requires complete rest and medical care, and that she will personally get in touch with everyone once she has recovered.



*(Source-Daily Star)*

# Governor Hochul Concerns over Auto Insurance Fraud in Queens

Shah Nawaz




Governor Kathy Hochul earlier this week cited a sprawling insurance fraud ring run by two Queens women when pushing for a slate of auto insurance reforms she hopes to pass in the state budget.

Hochul said Wednesday on Long Island that staged accidents and the fraudulent medical insurance claims that follow are to blame for New York's highest-in-the-nation auto insurance rates, and that her package of insurance reform bills is the way to bring prices down.

While making her argument, the governor pointed to a fraud ring run by Carolina Veronica Rodriguez-Moran and Ruth Stefany Rodriguez-Mora, who both live in Queens. A Long Island judge ruled in December that Integon National Insurance Company didn't need to pay out claims to the women and a large group of co-defendants who colluded to stage eight car crashes and collect the insurance payouts.

Suffolk County Supreme Court Justice Maureen Liccione found that the women directed a group of drivers and passengers to buy cars with cash, quickly get temporary insurance policies from Integon, then deliberately get into rear-end collisions with commercial trucks on major roads. After the crashes, the group would nearly always go to one of two medical offices – both in Queens – for treatment. There, they received unnecessary therapy, expensive diagnostic tests and prescriptions for unneeded medical equipment, the judge found. The doctor's offices would then get kick backs from the group, according to the suit brought by Integon.

Because the group never paid the premiums on the short-lived insurance policies, they would be canceled, leaving the insurers on the hook for the fraudulent claims, according to the ruling.

But the scheme wasn't unique, Hochul claimed. Over the past five years, suspected motor vehicle insurance fraud cases have increased by 80 percent in New York, according to the governor's office. In 2023, the year the eight crashes in the Suffolk County case were staged, there were 1,729 staged crashes in New York. Hochul said on Wednesday that the "rampant fraud and runaway litigation costs that are jacking up the prices for everyone."

"They're the result of a flawed system, one that rewards greed and dangerous behavior, a system that's exploited by a lot of bad actors and criminals — and this is criminal behavior," the governor said.

The case has also been highlighted by Citizens for Affordable Rates, a group of business owners that supports Hochul's reform efforts. The group's supporters include Continued on page 26



# Excavation set to begin for 124-unit residential building in Astoria

Ajkal Desk

Excavation will soon start for the construction of a 9-story residential building with 124 housing units at 30-11 12th St. in Astoria.

The former low-rise commercial building that occupied the site has been cleared out, with only piles of concrete rubble remaining. Machinery is already at the site to clear out the rubble. The building being constructed at 30-11 12th St. will be 91 feet tall and span 94,474 square feet. The 124 rental apartments will have an average unit scope of 761 square feet. Additionally, the property will feature a rear yard 31 feet in length. Residential amenities have not yet been announced.

Renderings of the building show a multifaceted massing, with alternating volumes of five stories and nine stories. The 5-story volumes will have decorative metal beams lining the edges and rising up with a slope to the corners. The sixth floor will have setbacks to make room for private terraces. There will also be multiple balconies that protrude from the northern and western elevations of the structure.

Red brick will make up most of the facade, surrounding floor-to-ceiling windows and glass balcony doors with protruding frames. More expansive glass will be on the ground floor. Contrasting gray paneling Continued on page 26

# State Senator Gianaris will not seek reelection

Ajkal Desk



State Senator Michael Gianaris, one of Queens' most powerful envoys in Albany, will not run for reelection, he announced. Gianaris has represented Western Queens since 2001, and has served as deputy majority leader of the Senate, the second-most powerful position in the upper chamber, since 2019. The longtime senator was about as far left as a progressive Democrat could be while not being a member of the Democratic Socialists of America, who now have a solid shot of getting their own candidate to succeed Gianaris in the progressive district.

Gianaris did not say exactly what his next career move would be, but said he was retiring to spend more time with his family. "Public service is a tremendous and often thankless sacrifice, even more so in today's divisive climate," Gianaris said in a statement on Monday. "I honor all those who dedicate their lives to making things better for their neighbors. I tried my best to do that during my decades in public life and am proud of the contributions – large and small – I was able to make."

Gianaris previously served in the State Assembly in Astoria, in the seat later held by Zohran Mamdani before he was elected mayor last year. Continued on page 26

# 'Eta Amaderi Golpo' hits one million views in 35 minutes

Anik Raj



The latest episode of "Eta Amaderi Golpo", directed by Mohammad Mostafa Kamal Raz, has crossed one million views on YouTube within 35 minutes of its release — a new milestone for a Bangladeshi drama serial online.

The 30th episode premiered on the Cinemawala YouTube channel on Friday at 3:00pm, after being postponed by a day due to the national election. Within just over half an hour, the episode surpassed the one-million mark, according to the platform's live view counter.

Previous episodes had already demonstrated the serial's strong digital pull. The first episode reached one million views in three hours, while later episodes achieved the milestone in 69 minutes and 57 minutes, respectively. The latest release has now set the fastest record for the series.

Producers say this is the quickest any Bangladeshi showbiz content has crossed one million views on YouTube. Each episode consistently draws millions of views, with thousands of comments from the audience following every release.

The ensemble cast includes Irfan Sajjad, Keya Payel, Khairul Basar, Sunerah Binte Kamal, Intekhab Dinar, Deepa Khandakar, Monira Akter Mithu, Nader Chowdhury, Shilpi Sarkar Apu, Dikon Noor and Mahmudul Islam Mithu. "Eta Amaderi Golpo" airs on Channel i on Tuesdays and Wednesdays at 9:30pm, and streams on the Cinemawala YouTube channel on Wednesdays and Thursdays at 12:00pm. This week's Thursday episode was rescheduled and released on Friday due to the national election.



# স্থূলতা জন্ম দেয় বহু ক্রনিক রোগ

প্রফেসর ডা. এইচ. এন. সরকার



প্রতি বছর বিশ্বে ২৮ লাখেরও বেশি মানুষ স্থূলতা বা শরীরে অতিরিক্ত ওজন হওয়ার জন্য মৃত্যুবরণ করে। শরীরে অতিরিক্ত মেদ অনেক ক্রনিক রোগ যেমন হৃদরোগ, ডায়াবেটিস, যকৃতের রোগ, নানা ধরনের ক্যান্সারের কারণ। ধারাবাহিক এ প্রতিবেদনটির প্রথম পর্বে স্থূলতার কারণ ও প্রাথমিক প্রতিরোধ নিয়ে আলোচনা করা হলো। লিপিড বা চর্বি শরীরের জন্য অপরিহার্য; তবে অতিরিক্ত চর্বি স্থূলত্ব সৃষ্টি করে। স্থূলত্ব মানে শরীরে অতিরিক্ত মেদ। যদি কোনো ব্যক্তি দীর্ঘদিন ধরে ক্যালরি ব্যয়ের চেয়ে অতিরিক্ত ক্যালোরি গ্রহণ করে, তবে সে মোটা হয়ে যায় অর্থাৎ স্থূলত্ব দেখা দেয়। এই অতিরিক্ত ক্যালরি শরীরে ফ্যাট হিসাবে জমা হয়। স্থূলতা একটি শারীরিক ব্যাধি। স্থূলতা বিভিন্ন পরিমাপ দিয়ে যেমন বিএমআই, কোমর পরিধি, কোমর-নিতম্বের অনুপাত এবং চর্মের পুরুত্ব ইত্যাদি দ্বারা নির্ণয় করা যায়। অধিকাংশ ক্ষেত্রে স্থূলতার কারণ অজানা, যাকে আমরা ইডিওপ্যাথিক বা প্রাইমারি স্থূলতা বলি; তবে জেনেটিক ফ্যাক্টরটি এ ইডিয়োপ্যাথিক স্থূলতায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কোনো একক জিনই এজন্য দায়ী নয়, স্থূলত্বার জন্য বহু জিন দায়ী। কিছু কিছু ক্ষেত্রে স্থূলতার জন্য হরমোনজনিত ব্যাধি এবং ওষুধ দায়ী, যা পরিবর্তনযোগ্য। এগুলো হলো-

হরমোনজনিত ব্যাধি

* হাইপোথাইরয়েডিজম
* কুশিং সিন্ড্রোম
* ক্রানিওফ্যারিঞ্জিওমা

ওষুধ: স্টেরয়েড, সোডিয়াম ভ্যালপ্রয়েট, বিটা ব্লকার, ইনসুলিন, সালফোনাইলইউরিয়া ও থায়াযলিডিভিয়ন। স্থূলত্ব এরপর ৫১ পৃষ্ঠায়



# আশঙ্কাজনক হারে বাড়ছে ঘুমের ওষুধ বিক্রি

জাহিদ হাসান

দেশে ঘুমের ওষুধ বিক্রি আশঙ্কাজনক হারে বাড়ছে। একাধিক হাসপাতালে চিকিৎসা নিতে আসা রোগী, সেবাদাতা চিকিৎসক ও ওষুধ বিক্রেতাদের সঙ্গে কথা বলে এর সত্যতা পাওয়া গেছে। সংশ্লিষ্টরা জানান, প্রতিযোগিতামূলক বিশ্বের সঙ্গে তাল মেলাতে গিয়ে সব শ্রেণি-পেশার মানুষের মধ্যে আধুনিক যান্ত্রিকজীবনের প্রভাব পড়ছে। এর সঙ্গে নতুন যোগ হয়েছে সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাওয়া নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য। অর্থনৈতিক সংকট ছাড়াও রয়েছে দ্রুত নগরায়ণ, জলবায়ু পরিবর্তনজনিত সংক্রামক-অসংক্রামক রোগের উপদ্রব, সামাজিক, রাজনৈতিক ও আন্তর্জাতিক অস্থিরতা। বিভিন্ন ধরনের পারিপার্শ্বিক চাপ, শোক-তাপ মানুষের মনে বিষণ্ণতা বাড়াচ্ছে। মনোদৈহিক অসুস্থতা তৈরি করছে। কেড়ে নিচ্ছে শান্তির ঘুম।

গবেষণায় দেখা গেছে, পর্যাপ্ত ঘুমের অভাবে ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, হৃদরোগ, ক্যানসার ও ওজন বৃদ্ধির সম্পর্ক রয়েছে। ডিমেনশিয়া (স্মৃতিভ্রংশতা) এবং ডিপ্রেশনে (বিষণ্ণতা) ইনসোমনিয়া (অনিদ্রা) বাড়ে। এমন বাস্তবতায় ঘুমের সমাধানের জন্য চিকিৎসকের কাছে গেলেই ব্যবস্থাপত্রে লিখে দিচ্ছেন ঘুমের ওষুধ। অনেকে চিকিৎসকের পরামর্শ ছাড়াই ফার্মেসি থেকে মুঠো-মুঠো ওষুধ কিনে খাচ্ছেন। স্লিপিং পিল ও অ্যান্টি-ডিপ্রেসেন্ট জাতীয় ওষুধগুলো সঠিক মাত্রা ও ডোজ অনুযায়ী সেবন না করায় দীর্ঘমেয়াদি জটিল স্নায়ুবিক ও মানসিক রোগে আক্রান্তের ঝুঁকিতে পড়ছেন অনেকে।

বিশেষজ্ঞরা যুগান্তরকে বলেন, সাধারণত রোগীদের ঘুমের সমস্যা দূর করতে চিকিৎসক স্লিপিং পিল (ঘুমের ওষুধ) ও অ্যান্টি-ডিপ্রেসেন্ট মেডিসিন গ্রহণের পরামর্শ দিয়ে থাকেন। মানসিক চাপ, অবসাদ ও দুশ্চিন্তা থেকে মুক্তি পেতে ভালো ঘুমের আশায় অনেকেই এসব ওষুধ সেবন করেন। কিন্তু নিয়মিত সেবনে একটা সময় শরীর ওই ওষুধটির ওপর নির্ভরশীল হয়ে পড়ে। ঘন ঘন ঘুমের ওষুধ ও অ্যান্টি-ডিপ্রেসেন্ট সেবন শরীরে মারাত্মক ক্ষতিকর প্রভাব ফেলে। মানুষের হার্ট ও মস্তিষ্কের রক্তনালির রক্ত চলাচল বন্ধ করে দেয়। ঘুমের ওষুধে আসক্ত হয়ে পড়লে পিপাসা কমে শরীরে পানিশূন্যতা তৈরি করে কিডনি ও লিভারে প্রভাব ফেলে।

জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালের সাবেক পরিচালক অধ্যাপক ডা. মুহিত কামাল বলেন, পরিমিত ঘুম হৃদরোগসহ এরপর ৫১ পৃষ্ঠায়

# ওষুধ কতটুকু নিরাপদ?

মুনীরউদ্দিন আহমদ



রোগ-বিমারিতে আক্রান্ত না হলে সচরাচর আমরা কেউ স্বাস্থ্যসচেতন হই না এবং সুস্থ থাকার জন্য অসুস্থ হওয়ার আগে যেসব নিয়মকানুন মেনে চলা দরকার, তার বেশিরভাগই মেনে চলি না। সবাই ভাবেন- আমি সুস্থ আছি, সুস্থই থাকব, কোনোদিন রোগাক্রান্ত হব না। এ রকম ধারণা অমূলক। এমন কিছু রোগ-বিমারি আছে, যা একবার শরীরে বাসা বাঁধলে আমৃত্যু তা আমাদের বয়ে বেড়াতে হয়। ডায়াবেটিস, হৃদরোগ, স্ট্রোক, উচ্চ রক্তচাপ, আর্থ্রাইটিস, হাঁপানি- এমন কিছু রোগের উদাহরণ। অথচ সময়মতো সচেষ্ট হলে, পরিমিত সুষম স্বাস্থ্যকর খাবার খেলে, প্রচুর পানি পান করলে, লাইফস্টাইল পরিবর্তন, নিয়মতান্ত্রিক জীবনযাপন এবং ব্যায়ামের মাধ্যমে মানুষ অতি সহজে এসব রোগ থেকে নিষ্কৃতি পেতে পারে।

আমরা খুব কমই ভাবি, রোগাক্রান্ত হলে শারীরিক ও মানসিক বিড়ম্বনা ছাড়াও রোগ নির্ণয়, চিকিৎসা ও ওষুধপথ্যের পেছনে হাজার হাজার টাকা ব্যয় করতে হয়। তারপরও কাঙ্ক্ষিত ফল পাওয়া যাবে- এমন নিশ্চয়তা কেউ দিতে পারে না। সুস্থ থাকা এ পৃথিবীর সবচেয়ে বড় নিয়ামক- এ কথাটি আমরা তখনই বুঝি, যখন আমরা অসুস্থ হই। তাই তরুণ-তরুণী, যুবক-যুবতীদের উদ্দেশে এরপর ৫১ পৃষ্ঠায়

# ডায়াবেটিসে কী খাবেন

আখতারুন্নাহার আলো



* বিশ্বে প্রতি সাত সেকেন্ডে একজন মানুষ ডায়াবেটিস রোগে আক্রান্ত হচ্ছে
* ডায়াবেটিসের কারণে বিশ্বে প্রতি বছর ১০ লাখেরও বেশি মানুষের মৃত্যু হয়
* যে কোন ব্যক্তিই ডায়াবেটিসে আক্রান্ত হতে পারেন
* শরীর যখন রক্তের সব চিনিকে (গ্লুকোজ) ভাঙতে ব্যর্থ হয়, তখনই ডায়াবেটিস হয়। এই জটিলতার কারণে মানুষের হার্ট অ্যাটাক, স্ট্রোক হতে পারে
* ডায়াবেটিসের কারণে মানুষ অন্ধ হয়ে যেতে পারে, নষ্ট হয়ে যেতে পারে কিডনি এবং অনেক সময় শরীরের নিম্নাঙ্গ কেটেও ফেলতে হতে পারে।

বদলে যাওয়া লাইফ স্টাইলের কারণে আমাদের জীবনে অন্য জটিলতার পাশাপাশি ব্যাপকহারে ডায়াবেটিস বেড়ে যাচ্ছে। একে আয়ত্তে রাখার জন্য প্রথমেই ভাবতে হবে খাবারের কথা। কারণ পথ্য ব্যবস্থাপনার মাধ্যমেই ডায়াবেটিসকে নিয়ন্ত্রণে রাখা সম্ভব।

রক্তে শর্করার মাত্রা সঠিক রাখার উদ্দেশ্য হলো-

* দেহের স্বাভাবিক বিপাক ক্রিয়া বজায় রাখা
* দেহের ওজন স্বাভাবিক রাখা
* ডায়াবেটিসের জটিলতাগুলো প্রতিরোধ করা
* কর্মক্ষম থাকা, প্রজনন ক্ষমতা ঠিক রাখা, সামাজিক জীবন বাধাগ্রস্ত না হওয়া ইত্যাদি।

নিয়ন্ত্রিত খাবারের মধ্যে প্রথমেই আসে মিষ্টি খাবার। যেমন- চিনি, গুড়, মধু, গ্লুকোজ না খাওয়া। এ ছাড়া আমিষ বা প্রোটিন এবং চর্বি বা ফ্যাট স্বাভাবিক মাত্রায় গ্রহণ করা। সকালের নাস্তার সময় থেকে রাতে ঘুমাতে যাওয়ার পূর্ব পর্যন্ত প্রতি তিন থেকে সাড়ে তিন ঘণ্টা এরপর ৫১ পৃষ্ঠায়

# প্রাথমিক পর্যায়ের স্তন ক্যানসার নিরাময় সম্ভব



আরাফাত রহমান পলক



দেশে প্রতি বছর ১২ থেকে ১৫ হাজার নারী স্তন ক্যানসারে আক্রান্ত হচ্ছে। এ রোগে বছরে প্রায় আট হাজারের মতো নারী মারা যাচ্ছে। তবে প্রাথমিক পর্যায়ে রোগটি শনাক্ত হলে নিরাময় সম্ভব। আর এ ক্ষেত্রে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

বুধবার জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত স্তন ক্যানসার সচেতনতায় গণমাধ্যমের ভূমিকা শীর্ষক এক অনুষ্ঠানে বক্তারা একথা বলেন। সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবি আর) অতিরিক্ত কর কমিশনার আয়েশা সিদ্দিকা শেলী।

তিনি বলেন, দেশে প্রতি আটজন নারীর মধ্যে একজন স্তন ক্যানসার বহন করে। রোগটি প্রাথমিক পর্যায়ে নির্ণয় করা গেলে তা সম্পূর্ণ নিরাময় সম্ভব। তবে বাংলাদেশের প্রেক্ষাপটে রোগ নির্ণয় হচ্ছে একেবারে শেষে তথা চতুর্থ স্তরে গিয়ে। ৩০ বছরের পর থেকে নারীরা স্তন ক্যানসারের ঝুঁকিতে থাকেন। স্তন ক্যানসার আক্রান্ত নারী মানসিক, সামাজিক ও ব্যক্তি পর্যায়ে সমস্যায় পড়েন। এজন্য স্ক্রিনিং জরুরি হয়ে পড়েছে।

ঢাকা মেডিকেল কলেজের সার্জারি বিভাগের সহকারী অধ্যাপক ডা. এ জেড মাহমুদুল হাসান বলেন, মায়েরা এখনো স্তন শব্দটা উচ্চারণ করতেই লজ্জাবোধ করেন। অথচ প্রত্যেক এরপর ৫১ পৃষ্ঠায়


Mybestfly
الكويتية
KUWAIT
AIRWAYS
SUMMER SALE - 2026
New York - Dhaka - New York
Starting From
$590+
One-Way
$1190+
Round Trip
KUWAIT
Scan Me
mybestfly.com
718 406 9745
Sister Concern Company of
Global Tours & Travel
World Tours & Travel
37-12 75th St, 2nd floor Suite # 206. Jackson Heights, NY-11372, USA

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

| | |
|---|---|
| FRANCHISE | L1A VISA |
| | E2 VISA |
| POLITICAL ASYLUM | |

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা

# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

## দলীয় প্রভাবে রাষ্ট্র চলবে না

৬৪ পৃষ্ঠার পর

টেলিভিশনসহ বেসরকারি টেলিভিশন চ্যানেলগুলোয় এ ভাষণ প্রচারিত হয়।

গত মঙ্গলবার বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। পরে বুধবার বেলা তিনটায় সচিবালয়ে নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠক হয়। রাতে জাতির উদ্দেশে ভাষণ দেন নতুন প্রধানমন্ত্রী।

ভাষণে তারেক রহমান বলেন, 'হাজারো শহীদের প্রাণের বিনিময়ে আমরা দেশ ও জনগণের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষা করতে পেরেছি। স্বৈরাচারমুক্ত বাংলাদেশে জনগণের ভোটে জনগণের কাছে জবাবদিহিমূলক একটি নতুন সরকার যাত্রা শুরু করেছে। দেশে গণতন্ত্র ও মানুষের অধিকার পুনঃপ্রতিষ্ঠার এ যাত্রালগ্নে আমরা দেশবাসীকে শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন জানাই। আমি দেশবাসীর উদ্দেশে একটি বার্তা দিতে চাই, মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান তথা দল-মত, ধর্ম-বর্ণনির্বিশেষে পাহাড় কিংবা সমতলে বসবাসকারী, এই দেশ আমাদের সবার। প্রতিটি নাগরিকের জন্যই এই দেশকে আমরা একটি নিরাপদ ভূমিতে পরিণত করতে চাই। একটি স্বনির্ভর নিরাপদ মানবিক গণতান্ত্রিক বাংলাদেশ প্রতিষ্ঠাই বিএনপি সরকারের লক্ষ্য। তারেক রহমান ভাষণে ফ্যাসিবাদের সময়কালের দুর্নীতি-দুঃশাসনে পর্যুদস্ত ভঙ্গুর অর্থনীতি, দুর্বল শাসনকাঠামো আর অবনতিশীল আইনশৃঙ্খলা পরিস্থিতির মধ্য দিয়ে নতুন সরকার যাত্রা শুরু করেছে বলে উল্লেখ করেন। তিনি বলেন, 'আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি এবং কঠোরভাবে দুর্নীতি নিয়ন্ত্রণের মাধ্যমে জনগণের মনে শান্তি-নিরাপত্তা ফিরিয়ে আনাই হচ্ছে আমাদের সরকারের প্রধান অগ্রাধিকার।'

**পবিত্র রমজানের শুভেচ্ছা :** দেশবাসীকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা জানিয়ে তারেক রহমান বলেন, 'সবার প্রতি আমার বিনীত আহ্বান, রমজানের পবিত্রতা রক্ষার স্বার্থে এই মাসটিকে আপনারা ব্যবসায় মুনাফা লাভের মাস হিসেবে পরিগণিত করবেন না। দ্রব্যমূল্য যাতে সাধারণ মানুষের নাগালের বাইরে না যায়, এ ব্যাপারে ব্যবসায়ীরা দয়া করে সতর্ক থাকবেন।' তারেক রহমান বলেন, রমজান মাসে রোজাদারেরা, বিশেষ করে ইফতার, তারাবিহ, সাহরি-এই সময়গুলোতে নিরবচ্ছিন্নভাবে গ্যাস, পানি ও বিদ্যুৎ সরবরাহ পেতে চান। বিষয়টি নিশ্চিত করতে এরই মধ্যে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দিয়েছেন। বিএনপির চেয়ারম্যান বলেন, হাজারো প্রাণের বিনিময়ে একটি মাফিয়া সিন্ডিকেটের পতন ঘটিয়ে রাষ্ট্র ও সরকারের জনগণের অধিকার প্রতিষ্ঠার অঙ্গীকার নিয়েই বিএনপি রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছে। বিএনপি সরকার সব ক্ষেত্রেই অনাচার-অনিয়মের সব সিন্ডিকেট ভেঙে দিতে বদ্ধপরিকর বলে উল্লেখ করেন তারেক রহমান।

নতুন প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার ব্যবসায়ী ও ক্রেতাসাধারণ উভয়ের স্বার্থ রক্ষা করেই প্রয়োজনীয় পদক্ষেপ নিতে চায়। সুতরাং সরকারের পক্ষ থেকে কী ধরনের উদ্যোগ নিলে বাজার পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকবে কিংবা ক্রেতা-বিক্রেতা উভয়ের স্বার্থ রক্ষা হবে, এ ব্যাপারে যেকোনো ধরনের পরামর্শ কিংবা অভিযোগ শুনতে সরকার প্রস্তুত। ক্রেতা-বিক্রেতা, গ্রহীতা-এই সরকার সবারই সরকার।

**সবার অধিকার সমান :** দীর্ঘ প্রায় ১৮ বছরের নির্বাসিত জীবন শেষে গত বছরের ২৫ ডিসেম্বর বাংলাদেশে ফিরেছিলেন বিএনপির শীর্ষ নেতা তারেক রহমান। সেদিনের কথা উল্লেখ করে ভাষণে তারেক রহমান বলেন, 'সেদিন আমি বলেছিলাম, দেশ এবং জনগণের জন্য "আই হ্যাভ এ প্ল্যান"। ১২ ফেব্রুয়ারির জাতীয় নির্বাচনের আগে দেশের বিভিন্ন স্থানে ঘুরে আমার "প্ল্যান-পরিকল্পনার" অনেক কিছুই আমি আপনাদের সামনে তুলে ধরেছিলাম।...আমরা আমাদের পরিকল্পনা এবং প্রতিশ্রুতি বাস্তবায়নের কাজ শুরু করে দিয়েছি, ইনশা আল্লাহ।' এ ক্ষেত্রে সবার সমর্থন প্রত্যাশা করেন তিনি।

দেশের নতুন প্রধানমন্ত্রী ভাষণে বলেন, 'সরকারপ্রধান হিসেবে আমি দেশবাসীর উদ্দেশে একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, নবগঠিত সরকার গঠনের সুযোগ দিতে যাঁরা বিএনপিকে ভোট দিয়েছেন কিংবা দেননি অথবা কাউকেই ভোট দেননি, এই সরকারের প্রতি আপনাদের সবার অধিকার সমান। বিএনপি সরকার বিশ্বাস করে, দল-মত, ধর্ম-দর্শন যার যার, রাষ্ট্র সবার। এই দেশে, এই রাষ্ট্রে একজন বাংলাদেশি হিসেবে, আপনার আমার আমাদের প্রতিটি বাংলাদেশি নাগরিকের অধিকার সমান।' শিক্ষার্থী ও তরুণসমাজের উদ্দেশে নতুন প্রধানমন্ত্রী বলেছেন, মেধায়, জ্ঞান-বিজ্ঞানে নিজেদের যোগ্য করে গড়ে তোলার জন্য যত রকমের সহযোগিতা দেওয়া যায়, সব রকমের সহযোগিতা দিতে বর্তমান সরকার প্রস্তুত। কর্মসংস্থান ও কর্মপরিবেশ নিশ্চিত করার সুনির্দিষ্ট অঙ্গীকার নিয়ে বর্তমান সরকার যাত্রা শুরু করেছে।

**'ন্যায়পরায়ণতার আদর্শ' :** ভাষণে তারেক রহমান বলেন, 'দেশের সব সরকারি-বেসরকারি কর্মকর্তা-কর্মচারী ও জনসাধারণের প্রতি কৃচ্ছ্রসাধনের আহ্বান জানানোর আগে আমি সরকারের মন্ত্রী ও বিএনপির সংসদ সদস্যদের দিয়েই একটি দৃষ্টান্ত স্থাপন করতে চেয়েছি। বিএনপির সংসদীয় দলের প্রথম সভাতেই আমরা সিদ্ধান্ত নিয়েছি, বিএনপি থেকে নির্বাচিত কোনো সংসদ সদস্য সরকারি সুবিধা নিয়ে ট্যাক্স ফ্রি (করমুক্ত) গাড়ি আমদানি করবেন না এবং প্লট-সুবিধা নেবেন না।' তারেক রহমান বলেন, 'আমি আপনাদের সামনে বলেছিলাম, রাষ্ট্র পরিচালনার সুযোগ পেলে বিএনপি সরকার মহানবীর ন্যায়পরায়ণতার আদর্শ অনুসরণ করবে। আমি মনে করি, বিএনপির সংসদীয় দলের এসব সিদ্ধান্ত ন্যায়পরায়ণতার আদর্শেরই প্রতিফলন।'

**জুয়া-মাদক নিয়ন্ত্রণে কঠোর পদক্ষেপ :** সারা দেশে জুয়া ও মাদকের বিস্তারকে বর্তমান সরকার আইনশৃঙ্খলা অবনতির অন্যতম কারণ হিসেবে চিহ্নিত করেছে উল্লেখ করে ভাষণে তারেক রহমান বলেন, জুয়া ও মাদক নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সব রকমের কঠোর পদক্ষেপ নিচ্ছে। জনজীবনে শান্তি ও নিরাপত্তা নিশ্চিত করতে সরকার সর্বোচ্চ উদ্যোগ নিচ্ছে। নতুন প্রধানমন্ত্রী বলেন, দেশের প্রতিটি সাংবিধানিক এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান চলবে বিধিবদ্ধ নীতি-নিয়মে। দলীয় বা রাজনৈতিক প্রভাব-প্রতিপত্তি অথবা জোরজবরদস্তি নয়, আইনের শাসনই হবে রাষ্ট্র পরিচালনার শেষ কথা।

**রেলব্যবস্থা ঢেলে সাজানোর চিন্তা :** জাতির উদ্দেশে দেওয়া ভাষণে বিএনপির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, বিভাগীয় শহরগুলোয়, বিশেষ করে রাজধানী ঢাকায় যানজট প্রায় নিয়ন্ত্রণহীন। হাটে, মাঠে, ঘাটে, অফিস-আদালতে জনগণের ভোগান্তির শেষ নেই। জনজীবনের নানা ক্ষেত্রে জনদুর্ভোগ লাঘব করা না গেলে জনমনে স্বস্তি ফিরবে না। রাজধানীতে জনসংখ্যার চাপ কমাতে বিকল্প ব্যবস্থা নেওয়া জরুরি হয়ে পড়েছে।

মানুষ তাঁর নিজ জেলা কিংবা নিজের বাসাবাড়িতে থেকেও যাতে সহজভাবে সঠিক সময়ে অফিস-আদালত, ব্যবসা-বাণিজ্য করতে পারেন, সেই লক্ষ্য সামনে রেখে সারা দেশে রেল যোগাযোগব্যবস্থা ঢেলে সাজানোর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান তারেক রহমান। তিনি বলেন, এই পরিকল্পনার অংশ হিসেবে প্রথমেই রেল, নৌ, সড়ক ও সেতু মন্ত্রণালয়ের কার্যক্রম পুনর্বিন্যাস ও সমন্বয় করা হচ্ছে। সারা দেশে রেল যোগাযোগব্যবস্থাকে সহজ, সুলভ ও নিরাপদ করা গেলে একদিকে যেমন জনগণের শহর-নগরকেন্দ্রিক নির্ভরতা কমবে, অন্যদিকে পরিবেশেরও উন্নতি হবে।

## আশা জাগানিয়া তারেক রহমান!

১ পৃষ্ঠার পর

আঘাত করে কোন বক্তব্য দেয়। পেছনের কাসুন্দি নিয়ে সময় ব্যয় করেননি। শুধুই সামনে এগিয়ে যাবার পরিকল্পনা। বরং নির্বাচনের পরদিনই বিজিত দল জামায়াত ও এনসিপি নেতাদের বাসায় গিয়ে সৌজন্যতা প্রকাশ করেছেন। দেশ পরিচালনায় সহযোগিতা চেয়েছেন। প্রধানমন্ত্রীত্বের ৩ দিনের মাথায় কর্মপরিকল্পনা চূড়ান্তকরণে ও তা বাস্তবায়নের ঘোষণা দিয়েছেন। বিজয় উল্লাস বারণ করে কর্মীদের মানুষের পাশে দাঁড়াতে নির্দেশ দিয়েছেন। তার প্রতিশ্রুত 'ফ্যামিলি কার্ড' ঈদের আগেই চালুর ঘোষণা দিলেন। জানালেন শনিবারও অফিস করার কথা। প্রতিবছর ৫ কোটি গাছ রোপন শুরুর নির্দেশনা দিলেন। আন্তমন্ত্রণালয় বৈঠকে খাল খনন কর্মসূচি চালুর নির্দেশনা দেয়া হলো। ভারত-বাংলাদেশের মধ্যে পুনরায় ট্রেন চালুর ব্যাপারেও সিদ্ধান্ত এলো। আসলো 'মব সন্ত্রাস' বন্ধে জিরো টলারেন্সের ঘোষণা। বাংলাদেশের মানুষ এমনই কর্মতৎপরতা দেখার জন্য অপেক্ষা করছিলেন।

নবনির্বাচিত প্রধানমন্ত্রী তারেক রহমান এখন থেকে শনিবারও অফিস করবেন। প্রশাসনে গতি আনার লক্ষ্যে তিনি এই সিদ্ধান্ত নিয়েছেন। ওদিকে দায়িত্ব পাওয়ার পর তিনি এমপিদের শুল্কমুক্ত গাড়ি ও প্লট না নেয়ার ব্যাপারে সিদ্ধান্ত দিয়েছেন। যা বেশ প্রশংসিত হয়েছে। মন্ত্রীদেরকে বাহুল্য খরচ না করার জন্যও নির্দেশনা দিয়েছেন।

শিগগির সারা দেশে খাল খনন কর্মসূচি শুরু করবে নতুন সরকার। ১৮০ দিনের মধ্যে কর্মসূচির আওতায় বেশির ভাগ খাল খনন করা হবে। পাশাপাশি 'ফ্যামিলি কার্ড' চালু করার লক্ষ্যে ১৫ সদস্যের কমিটি গঠন করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে দেশের আটটি বিভাগের প্রতিটিতে একটি করে উপজেলায় এই কার্ড চালুর ব্যবস্থা করা হবে। তা হবে ঈদের আগেই। বৃহস্পতিবার সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আন্তমন্ত্রণালয় সভায় এই সিদ্ধান্ত হয়। এ ছাড়া একই সভায় প্রতিবছর পাঁচ কোটি করে বৃক্ষরোপণের সিদ্ধান্ত হয়েছে।

ভারত-বাংলাদেশ রেলযোগাযোগ পুনরায় চালুর বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা চলছে বলে জানিয়েছেন সড়ক, রেল ও নৌপরিবহনমন্ত্রী শেখ রবিউল আলম। তিনি বলেছেন, দেশের স্বার্থ বিবেচনায় ১৫ দিনের মধ্যে সিদ্ধান্ত আসতে পারে। বৃহস্পতিবার ১৯ ফেব্রুয়ারি সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সম্মেলনকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ কথা বলেন মন্ত্রী। সদ্য দায়িত্ব নেওয়া শিক্ষামন্ত্রী এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, মব করে পরীক্ষা বন্ধ করে দেওয়া, অটো পাশ নেওয়া কখনোই কাঙ্ক্ষিত ছিল না। বর্তমান সরকার এসব বিষয়ে জিরো টলারেন্স নীতি অনুসরণ করবে। এদিকে বাংলাদেশের নতুন প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে চিঠি পাঠিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। চিঠিতে যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া বাণিজ্য চুক্তি বাস্তবায়ন এবং প্রতিরক্ষা চুক্তি করার আহ্বান জানিয়েছেন তিনি। ওয়াশিংটনের স্থানীয় সময় বুধবার, ১৮ ফেব্রুয়ারি হোয়াইট হাউস এ চিঠি পাঠায়। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বৃহস্পতিবার ট্রাম্পের ওই চিঠি তাদের এক্স হ্যান্ডলে প্রকাশ করেছে।

দেশে একটি জাতীয় নির্বাচনের পর অনেক অঘটনার আশংকা থাকে। প্রতিপক্ষদের মধ্যে হামলা-পাল্টা হামলা চলে। নির্ঘুম রাত কাটান সংখ্যালঘুরা। কখটি লাশ পড়বে তা গুণতে থাকেন অনেকে। কিন্তু বাংলাদেশের ইতিহাসে একটা ব্যতিক্রমই ঘটলো এবার। বিচ্ছিন্ন দু একটা ঘটনার খবর মিডিয়ায় আসলেও তা গুরুত্ব পায় নি। নোয়াখালির হাতিয়ায় এনসিপির এক মহিলা কর্মীকে ধর্ষণের অভিযোগ এনে রাজনৈতিক উত্তাপ ছড়ানোর উদ্যোগ বাতাস পায় নি। পরের দিনই তা 'অসত্য' বলে খবর এসেছে প্রশাসন ও মিডিয়ায়।

সংসদের বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ড. শফিকুর রহমান বলেছেন, দেশের মানুষের বিপরীতে কোনো কার্যক্রম হলে জামায়াত ১৮ কোটি মানুষের পক্ষে দাঁড়াবে। তিনি জানান, একটি দায়িত্বশীল বিরোধীদল হিসেবে দেশের অগ্রগতি ও দুর্নীতিমুক্ত দেশ গড়তে সরকারকে সর্বাত্মক সহায়তা করবে তাদের দল বৃহস্পতিবার (১৯ ফেব্রুয়ারি) রাজধানীর মিরপুরে এতিমদের সম্মানে আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ডা. শফিকুর রহমান। এ রিপোর্ট লেখা পর্যন্ত দেশের রাজনীতিতে সুবাতাস বইছে। জনকাংখিত বাংলাদেশ এগিয়ে যাক প্রত্যাশা সবার। যাত্রা শুভ হোক তারেক রহমানের। (১৯ জানুয়ারি, ২০২৬)

## আগামীর বাংলাদেশ ও তারেক রহমান: নির্যাতিত মজলুম থেকে রাষ্ট্রনায়ক

১০ পৃষ্ঠার পর

যায়, আগামীর বাংলাদেশে তার নেতৃত্বে জুলুমের অবসান ঘটবে। রাষ্ট্রযন্ত্র আর কোনও নাগরিকের ওপর অন্যায়ের খড়্গ চালাবে না। ক্ষমতার অপব্যবহার রোধে তিনি হবেন এক অতন্দ্র প্রহরী। মব জাস্টিস বা গুপ্ত বাহিনীর দৌরাত্ম্য বন্ধ করে একটি সুশৃঙ্খল রাষ্ট্র গঠিত হবে।

**শেষ কথা :** দীর্ঘ নির্বাসন কাটিয়ে তারেক রহমানের স্বদেশ প্রত্যাবর্তন কেবল একজন ব্যক্তির ফেরা নয়, বরং এটি গণতন্ত্রের পুনর্জন্মের সংকেত। বাংলাদেশের মানুষ আজ তার দিকে তাকিয়ে আছে- শ্রদ্ধায় এবং প্রত্যাশায়। যে নেতা নিজের হাড় ভাঙার ব্যথা সয়ে দেশপ্রেমকে বিসর্জন দেননি, তিনিই পারবেন একটি বৈষম্যহীন, মানবিক ও সমৃদ্ধ বাংলাদেশ গড়তে। সর্বশক্তিমান সৃষ্টিকর্তার নিকট আকুল ফরিয়াদ, তার হাত ধরেই বাংলাদেশ পাক প্রকৃত মুক্তির স্বাদ। আমিন।

জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ
এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।
Cell: 718-864-8882
আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine
Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com
718-526-0700

অভিজ্ঞ ডেন্টিস্ট
Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.
We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.
Dental Office
Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700
Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)
Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# রমজানের প্রয়োজনীয় মাসয়ালা-মাসায়িল

মুফতি তোফায়েল গাজালি

রোজার নিয়ত : নাওয়াইতু আন আছুমা গাদাম মিন শাহরি রমাদানাল মুবারাকি ফারদাল্লাকা, ইয়া আল্লাহু ফাতাকাব্বাল মিন্নি ইন্নাকা আনতাস সামিউল আলিম।

বাংলা নিয়ত : হে আল্লাহ! আমি আগামীকাল পবিত্র রমজানের তোমার পক্ষ থেকে নির্ধারিত ফরজ রোজা রাখার ইচ্ছা পোষণ (নিয়্যত) করলাম। অতএব, তুমি আমার পক্ষ থেকে (আমার রোজা তথা পানাহার থেকে বিরত থাকাকে) কবুল কর, নিশ্চয়ই তুমি সর্বশ্রোতা ও সর্বজ্ঞানী।

রোজা ভঙ্গের কারণগুলো : রোজা অবস্থায় অসুস্থতার কারণে ইনহেলার ব্যবহারের দ্বারা রোজা ভেঙে যায় [শামি ৩/৩৬৬]। রোজা অবস্থায় ইচ্ছাকৃত বমি করা বা মুখে বমি চলে আসার পর তা পরিমাণে অল্প হলেও ইচ্ছাকৃত গিলে ফেললে রোজা ভেঙে যাবে [মুসান্নাফে আব্দুর রাজ্জাক ৪/১৯৭]। যদি নাশিকা দিয়ে রক্ত বের হওয়ার পর মুখে চলে যায়, তাহলে রোজা ভেঙে যাবে [তাতারখানিয়া ৩/৩৮৩]।



রোজাদার যদি মুখে পান রেখে ঘুমিয়ে পড়ে আর এমতাবস্থায় সুবহে সাদিক হয়ে যায় ও পানের কিছু অংশ পেটে চলে যায়, তাহলে তার রোজা হবে না। পরে কাজা করতে হবে। কাফফারা দেওয়া লাগবে না [শামি ৩/৩৭৪]। কুলি করার সময় যদি অনিচ্ছাকৃত পানি গলা দিয়ে পেটে চলে যায় তাহলে রোজা কাজা করতে হবে। কাফফারা ওয়াজিব হবে না। আর যদি রোজার কথা স্মরণই না থাকে, পানি মুখে নিয়ে খেয়ে ফেলে তাহলে রোজা ভাঙবে না [তাতারখানিয়া ৩/৩৭৮]।

নাক অথবা কানের মধ্যে তেল দেওয়ার দ্বারা রোজা ভেঙে যাবে। তবে কাফফারা ওয়াজিব হবে না [হেদায়া ১/২২০]। যদি কোনো ব্যক্তি কারও ধমকের কারণে অথবা ভুল করে যেমন রোজার কথা ভুলে গিয়ে পানাহার করে ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়

## মহানবীর প্রধান নীতি অসহায় মানুষকে সাহায্য করা

মো. আবদুল মজিদ মোল্লা

মুসলমানের জন্য সর্বোচ্চ অনুসৃত ব্যক্তি হলেন মহানবী (সা.)। তাঁর জীবন আদর্শই মুসলমানের জন্য চির অনুসরণীয়। আর মহানবী (সা.)-এর অন্যতম প্রধান নীতি ছিল অসহায় মানুষকে সাহায্য করা। নবুয়ত লাভের আগেও তিনি মানুষকে সর্বাত্মক সহযোগিতা করতেন।

এ জন্য প্রথম ওহি অবতীর্ণ হওয়ার পর তিনি ভয় পেলে খাদিজাতুল কুবরা (রা.) তাঁকে অভয় দিয়ে বলেছিলেন, আল্লাহর কসম, কখনই নয়। আল্লাহ আপনাকে কখনো লাঞ্ছিত করবেন না। আপনি তো আত্মীয়-স্বজনের সঙ্গে সদাচরণ করেন, অসহায় দুস্থদের দায়িত্ব বহন করেন, নিঃস্বকে সহযোগিতা করেন, মেহমানের আপ্যায়ন করেন এবং হক পথের দুর্দশাগ্রস্তকে সাহায্য করেন। (*সহিহ বুখারি, হাদিস : ৩*)। জীবনের প্রতি পর্যায়ে মহানবী (সা.) অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছেন। যার কয়েকটি বিবরণ তুলে ধরা হলো-

১. হিলফুল ফুজুল : হিলফুল ফুজুল হলো মক্কায় সংঘটিত একটি সামাজিক অঙ্গীকার। এতে কুরাইশের সম্ভ্রান্ত ১০ ব্যক্তি অংশগ্রহণ করেন। রাসুলুল্লাহ (সা.) এই উদ্যোগ নিয়েছিলেন। তাঁদের লক্ষ্য ছিল জনকল্যাণ, ন্যায়প্রতিষ্ঠা ও অসহায় মানুষকে সাহায্য করা। মক্কায় আগমনকারী একজন বিদেশির অধিকার প্রতিষ্ঠার প্রেক্ষাপটে এই ↘ এরপর ৩৬ পৃষ্ঠায়



## আত্মশুদ্ধির ফুল ফুটুক রোজাদারের রুহে



সৈয়দ এ. এফ. এম. মঞ্জুর-এ-খোদা

বছর ঘুরে আবারও এলো পবিত্র মাস, আত্মসংযমের মহান বার্তা নিয়ে মহিমান্বিত মাহে রমজান। মহান আল্লাহর অশেষ মেহেরবানিতে ফিরে আসা এ বরকতময় মাস মুমিন হৃদয়ে ছড়িয়ে দিয়েছে অনাবিল শান্তির পরশ। রোজা ফার্সি শব্দ, আরবি ভাষায় যাকে সাওম বলে; সিয়াম হলো এর বহুবচন। ইসলামি শরিয়তের পরিভাষায় সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত নিয়তসহকারে পানাহার এবং কামাচার থেকে বিরত থাকাকে 'সাওম' বা রোজা বলা হয়। ইসলামের পাঁচটি স্তম্ভের মধ্যে রোজা এমন এক অনন্য ভিত্তি, যা মুমিনকে সরাসরি আল্লাহর প্রতি সমর্পিত হতে শেখায়। আর রোজার এ বিধান প্রসঙ্গে পবিত্র কুরআনে আল্লাহতায়ালা নিজেই বলেন-

'হে ইমানদারগণ, যারা ইমান এনেছ! তোমাদের ওপর সিয়াম ফরজ করা হলো, যেরূপ ফরজ করা হয়েছিল তোমাদের পূর্ববর্তী লোকদের ওপর, যেন তোমরা মুত্তাকি (খোদাভীরু) হতে পার। (সূরা আল বাকারাহ-২ : আয়াত-১৮৩।)

এ আয়াতের মাধ্যমেই স্পষ্ট হয় যে, পবিত্র রমজানে রোজা রাখা কোনো ঐচ্ছিক বিষয় নয়, বরং এটি রাব্বুল আলামিনের পক্ষ থেকে সব মুমিনের জন্য একটি ফরজ বা অলঙ্ঘনীয় ইবাদত। সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত শুধু পানাহার ও কামাচার থেকে দূরে থাকাই রোজার মূল লক্ষ্য নয়; বরং এর প্রকৃত উদ্দেশ্য হলো অন্তরে খোদাভীতি বা তাকওয়া জাগ্রত করা। পবিত্র মাহে রমজানের রোজা পাপের পঙ্কিলতা মুছে আত্মশুদ্ধি লাভ করার এক স্বর্গীয় সুযোগ; যা আমাদের ফিরিয়ে নিয়ে যায় মহান আল্লাহর অবারিত রহমতের ছায়াতলে। এ প্রসঙ্গে হাদিস শরিফে এসেছে, হজরত আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত হয়েছে, আল্লাহর রাসুল (সা.) বলেছেন-

'যে ইমানের সঙ্গে ও সওয়াবের নিয়তে রমজানের রোজা রাখবে, তার পূর্বের সগিরা (ছোট) গুনাহগুলো মাফ করা হবে এবং যে ইমানের সঙ্গে ও সওয়াবের নিয়তে রমজানের রাত ইবাদতে কাটাবে, তার পূর্বের গুনাহগুলো মাফ ↘ এরপর ৩৮ পৃষ্ঠায়



## মানবতার কল্যাণে মুসলিম যুবকের দায়িত্ব ও কর্তব্য

মুহাম্মদ মনজুর হোসেন খান

মানুষের জীবন সীমিত সময়ের জন্য আবদ্ধ। একদিন এ জীবন শেষ হবে, মৃত্যুর বিন্দুতে মিলিত হবে এবং শুরু হবে পরকালের অনন্ত জীবন। সেখানে আর মৃত্যু নেই। তবে সব জীবনই সফল হয় না। মৃত্যুর পর যে জীবন পরকালের অনাবিল সুখ লাভে ধন্য হবে, সেই জীবন সত্যিই মূল্যবান। যে ব্যক্তি তার যৌবনকাল আল্লাহর দাসত্বে অতিবাহিত করবে, কিয়ামতের ছায়াহীন, রৌদ্রতপ্ত প্রান্তরে তিনি আল্লাহর আরশের ছায়া পাবেন।

এ আরশের ছায়ার আশাকে পাথেয় করে যদি যুবসমাজ কুরআন ও সুন্নাহর বিশ্বজনীন আদর্শ প্রতিষ্ঠায় আত্মনিয়োগ করে, মানবতার উন্নয়ন অসম্ভব হবে না। এভাবে যুবসমাজের সক্রিয় অংশগ্রহণ সমাজ থেকে হতাশা, নৈরাশ্য, অত্যাচার ও অমানবিকতার কালো মেঘ দূর করবে। মানব জীবনের মূল্য এবং মানবতার চিরন্তন নৈতিক আদর্শ শুধু তখনই প্রতিষ্ঠিত হবে যখন যুবসমাজের কর্মমুখী উদ্যোগ সমাজের নান্দনিক ও নৈতিক মানকে সমৃদ্ধ করবে। ↘ এরপর ৩৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City ফেব্রুয়ারি ২০২৬

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 20 | 5:28 | 6:43 | 12:10 | 3:10 | 5:37 | 6:52 |
| 21 | 5:26 | 6:42 | 12:10 | 3:10 | 5:38 | 6:54 |
| 22 | 5:25 | 6:40 | 12:09 | 3:11 | 5:39 | 6:55 |
| 23 | 5:24 | 6:39 | 12:09 | 3:12 | 5:40 | 6:56 |
| 24 | 5:22 | 6:37 | 12:09 | 3:13 | 5:42 | 6:57 |
| 25 | 5:21 | 6:36 | 12:09 | 3:14 | 5:43 | 6:58 |
| 26 | 5:19 | 6:34 | 12:09 | 3:14 | 5:44 | 6:59 |

source: salahtimes.com

## Excavation set to begin for 124-unit residential building in Astoria

Continued from page 19

will clad the upper levels, above the setback. The roof will feature a landscaped terrace. The new building was designed by Nikolai Katz Architect for Samuel Teitelbaum of Palm Tree Consulting. While the listed estimated completion date is October 2026, it is more likely that the structure will be done in 2027, based on the fact that the excavation stage is only just now beginning.
Multiple forms of mass transportation are within close proximity to the property. This includes the Astoria Boulevard and 30th Avenue subway stations, which both provide service for the N and W trains, bus stops for the Q18, Q19, Q69, Q100, Q103, Q104 and B62 lines and the Astoria Ferry. *(Source-Astoria Post)*

## State Senator Gianaris will not seek reelection

Continued from page 19

He was a close ally of Mamdani, and one of the first elected officials to endorse him at the beginning of his mayoral run. The two partnered on legislation in Albany that led to the city's first free bus pilot, which then became a hallmark of the younger legislator's citywide campaign. A son of Greek immigrants, Gianaris was first elected to office during a bygone era of Astoria Democratic politics that has now been largely replaced by young progressives who belong to the DSA.
The DSA, which has already tied up continuity in Mamdani's district, is also taking a swing at Assembly District 34, which overlaps with Gianaris' Senate boundaries. The leftist group is also running Assemblymember Claire Valdez in the 7th Congressional District, and Samantha Kattan in Valdez's 37th district, both of which also overlap with Gianaris.
In his announcement, Gianaris thanked the people of Western Queens, and said he hopes to enjoy more time with his family. "While the State Senate's future is in good hands with the current members of the Democratic conference, it is time for me to embrace a new role as the best father I can be," he said. "Children grow in the blink of an eye and mine are no exception. The fact is that working in my district, leading the majority's efforts on the floor of the Senate, and steering our conference's campaign arm are intensely time-consuming tasks. But so is being a husband and father. I cherish my time with my family as much as any political success I have experienced, and after a quarter century as a legislator I simply do not want to miss another moment."
Gianaris' retirement will set up the sixth open race for a seat in Queens in this upcoming election cycle.

## Immigration officers seem to be trained to be 'nasty, mean and cruel: Senator Schumer

Continued from page 18

"One Big Beautiful Bill."
White House border czar Tom Homan said in a separate interview with Tapper that while immigration efforts will continue, "ICE officers won't be getting paid. But they're getting used to that." Part of that immigration crackdown could be seen at polling places this year. DHS Secretary Kristi Noem on Friday said the department would "make sure that we have the right people voting, electing the right leaders." Schumer on Sunday issued a sharp rebuke of Noem's statement.
"That's a lot of bull," he said. "They show no evidence of voter fraud. They show there's so little in the country and to have ICE agents, these thugs, be by the polling places, that just flies in the face of how democracy works, of how we've had elections for hundreds of years very successfully."
He added that Democrats' legislation would include language forbidding ICE agents being anywhere near polling places.
Still, Schumer on Sunday vowed that if Republicans agree to Democratic demands, "We'll fund the whole Department of Homeland Security bill."

## Governor Hochul Concerns over Auto Insurance Fraud in Queens

Continued from page 19

Uber, the Trucking Association of New York, and the National Action Network, according to reporting by Streets blog and New York Focus.
"This case perfectly illustrates why New York families pay up to four times more for auto insurance than drivers in other parts of the country," said José Bayona, a spokesperson for Citizens for Affordable Rates. "Organized fraud rings operating out of metro area medical clinics and facilitated by insurance brokers are driving up costs for every honest policyholder in the state." "These aren't victimless crimes — when fraudsters steal from insurance companies, working families in Astoria, Flushing, and Corona pay the price through higher premiums," he added.
As a solution, Hochul has proposed working a number of reforms into the state's budget. Among them is a bill that would increase the time insurers have to investigate cases of suspected fraud. Currently, the time to investigate is capped at 30 days.
A separate bill would cap the insurance payout for non-economic damages, like pain and suffering and emotional distress, for drivers who were engaging in unlawful behavior at the time of the crash, like driving drunk or driving without insurance.
"Imagine this: a drunk driver crashes into somebody. They're under the influence. They made the decision to drive while intoxicated," Hochul said. "They cause an accident, cause harm and they can recover fully for emotional distress. They can end up suing the person they hit — got this?" But Hochul's bills aren't without opposition, and her effort to push them through with the budget may end up being the biggest budget fight in Albany this year.
While her legislation is backed by the New York Insurance Association and Citizens for Affordable Rates, it's been opposed by the New York State Trial Lawyers Association, which argue several of Hochul's bills will only "limit access to the courts and access to justice for New Yorkers." "These proposals really take away access to justice for many underprivileged, underrepresented individuals," Sabrina Rezzy, a spokesperson for the NYSTLA, told the Eagle. "We're going to keep fighting to see that they have their day in court, that they receive accountability and that they're not revictimized by a system that often helps out corporations and not New Yorkers." The attorney group is not opposed to the entire slate of bills but has taken issue with a few, including the measure to cap non-economic damage claims for those who are committing a crime at the time of the crash.
They also oppose a proposal that would change the legal definition of what amounts to a serious injury by, in part, eliminating a section that stipulates that a serious injury can be determined if someone misses 90 out of 180 days of work.
Rezzy said her colleagues have represented clients who may work on their feet and, as a result of their injury, miss work. However, they don't meet the other current definitions of serious injury, like visible scarring or a fracture.
"I just tend to see this apply more to the working class, like teachers, like drivers, people that are on their feet all day making a living," Rezzy said.
The NYSTLA also disputes Hochul's claim that the insurance fraud is as rampant in New York as she says it is. Rezzy said it's difficult to know exactly how prevalent fraudulent claims are because data from regulators and insurance companies aren't made public.
Nonetheless, Rezzy said the attorney group supports efforts to tamp down insurance fraud and lower insurance rates in New York.
"I think there are many, many approaches to looking at what's causing high insurance rates for consumers outside of taking away their access to the courts and to justice," she said.
*(Source-Daily Eagle)*

## Indonesian 8,000 troops ready for peacekeeping mission in Gaza

Continued from page 18

that about 1,000 personnel are expected to be ready to deploy as an advance team by April, followed with the rest by June.
Pramono said that being ready does not mean the troops will depart. The deployment still requires a political decision and depends on international mechanisms, he said.
Indonesia's Foreign Ministry has repeatedly said any Indonesian role in Gaza will be strictly humanitarian. Indonesia's contribution would focus on civilian protection, medical services, reconstruction, and its troops would not take part in any combat operations or actions that could lead to direct confrontation with armed groups.
Indonesia would be the first country to formally commit troops to the security mission created under Trump's Board of Peace initiative for Gaza, where a fragile ceasefire agreement between Israel and Hamas has held since Oct. 10 following two years of devastating war.
Indonesia, the world's most populous Muslim majority nation, does not have formal diplomatic relations with Israel and has long been a strong supporter of a two-state solution. It has been deeply involved in providing humanitarian aid to Gaza, including funding a hospital.
Indonesian officials have justified joining the Board of Peace by saying it was necessary to defend Palestinian interests from within, since Israel is included on the board but there is no Palestinian representation.
The Southeast Asian country has experience in peacekeeping operations as one of the top 10 contributors to United Nations missions, including in Lebanon.

## সোনিয়ার শাড়ির আঁচল

৭ পৃষ্ঠার পর

বন্ধুদের সঙ্গে আড্ডায় মেতেছি। সেই এক স্পেশাল আড্ডা!
নিউ ইয়র্ক শহরের বিশিষ্ট ব্যক্তিবর্গও ধীরে ধীরে বিয়ে অনুষ্ঠানে আসা শুরু করেছেন। অনেকের সঙ্গেই কুশল বিনিময় হচ্ছে। বর কনে এসেছে। বরের সাথে এসেছে বরের বন্ধুরা। আর কনের সাথে কনের বান্ধবীরা। সবাই স্টেজে বসে হই-চই করছে। ফটোসেশন চলছে। সবার হাসি হাসি মুখ।সবাই সেজেগুজে হাসি তামাশায় মত্ত । এরকম অনুষ্ঠানে আসলে আমার মনটা মুহূর্তেই রঙিন হয়ে ওঠে...।
৪
বিয়ে অনুষ্ঠানে বসে আছি, হঠাৎ খেয়াল হলো পাশের চেয়ারে বউ নেই। ভাবলাম সে হয়তো ওয়াশরুমে গেছে। কিন্তু অপেক্ষা দীর্ঘ থেকে দীর্ঘতর হওয়ায় আমার উৎকণ্ঠা বাড়তে থাকে। হঠাৎ দেখি বউয়ের সঙ্গে বউয়ের বিদেশিনী বান্ধবী সোনিয়া। কিন্তু এ কী! নিজের চোখকে বিশ্বাস করতে পারছি না। সোনিয়া শাড়ি পরেছে! বউয়ের নিখোঁজ হওয়ার কারণটি, এতক্ষণে আমার কাছে পরিষ্কার হলো।
শাড়ির সামনের কুচিটা সামলে নিয়ে ধীর পায়ে এগিয়ে আসছে সোনিয়া। আমার নিজের চোখকে যেন বিশ্বাস করতে পারছি না। মিটিমিটি করে হাসছে সে। এদিকে হাসছে আমার বউ। আমি তখন মুহূর্তেই অপলক নয়নে এক ফর্সা বিদেশিনীর শাড়ির রূপ- সৌন্দর্যে অবগাহন করেছিলাম!
সোনিয়া আমার কাছে এসে হাসি মুখে বাঁকা নয়নে জিজ্ঞেস করলো, বলো তো কে বেশি সেক্সি? আমি না তোমার বউ? সরাসরি এমন প্রশ্নের জন্য মোটেও প্রস্তুত ছিলাম না।
তাই একটু সময় নিয়ে সোনিয়ার হাত ধরে পাশের চেয়ারে বসতে দিয়ে বললাম, দেখো সোনিয়া, সেক্স তো কারো পোশাকে থাকে না, সেক্স থাকে শরীরে। কাজেই সেটা এই মুহূর্তে আমার পক্ষে বলা বড় মুশকিল। আর তুমি যদি আজকের এই অনুষ্ঠানে শুধু সেক্সি দেখানোর জন্যই শাড়ি পরে থাকো, তাহলে সেটা তোমার ভুল। আমাদের শাড়ির ভেতরে শুধু সেক্স নয়, আরো অনেক কিছু থাকে।
সোনিয়া আমার চোখে চোখ রেখে বলল, যেমন?
আমি হাসতে হাসতে বললাম, দেখো সোনিয়া, শাড়ি যেমন আমাদের সংস্কৃতিকে বহন করে, তেমনি শাড়ি আমাদের নির্ভরতার পোশাক। শাড়ি নির্ভরযোগ্য ব্যক্তিত্বের পোশাক এবং ভিন্ন রুচিতে আত্মবিশ্বাসীদের পোশাক।
সোনিয়া আমার মুখের দিকে চেয়ে বলল, কী রকম? আমি ঠিক বুঝতে পারলাম না, আমাকে আর একটু খুলে বলবে প্লিজ।
পাশের টেবিলে বসে থাকা আমার এক পরিচিত খালাআম্মাকে দেখিয়ে দিয়ে বললাম, ঐ যে বয়স্ক মহিলার পরনের শাড়িটা দেখেছো?
সোনিয়া মাথা নেড়ে বলল, হ্যাঁ, দারুণ মিষ্টি।
বললাম, আসলেই, তবে মিষ্টি তিনি না যতটা, তার চেয়ে মিষ্টি তাঁর শাড়ির রঙ। তাঁর শাড়ির আঁচল। তোমার শাড়ির আঁচল এবং আমার বউয়ের আঁচলের মধ্যেও কিন্তু বিস্তর ব্যবধান। একটু দূরে অনুষ্ঠানে বর-কনের পাশে বসে থাকা মেয়েদের দিকে আঙুল তুলে বললাম, ঐ যে দেখ মেয়েরা শাড়ি পরেছে। ওদের শাড়িগুলি কিন্তু আমার মেয়ের আঁচল। পার্থক্যটা বুঝতে পেরেছ?
সোনিয়া উচ্ছ্বসিত হয়ে বলল, সব মেয়েরাই দারুণ সুন্দর! অপূর্ব! দেখেছ বাবু?
আমি মাথা নেড়ে বললাম, অবশ্যই সুন্দর, তবে সে যার অবস্থানে থেকে।
সোনিয়া মুচকি হেসে বলল, সত্যি বাবু, আমি কখনো এভাবে ভাবিনি। আজকে তুমি আমাকে আর একটা নতুন ধারণা দিলে।
আমার কথা শেষ হয়েছে একটু আগে। সোনিয়া তখনো আমার মুখের দিকে চেয়ে আছে দেখে আমি হেসে বললাম, তবে শাড়ি অত্যন্ত ধারালো পোশাক জানো সোনিয়া?
সোনিয়া চোখ বড় করে বলল, সে আবার কী রকম?
হেসে বললাম, তোমরা তোমাদের পার্টিতে কি পোশাক পরবে তা নিয়ে তীব্র ভাবনায় থাক তাই না? কোনটি মানাবে, আর কোনটি নয়, এ নিয়ে বড় হিমশিম খাও তোমরা।
সোনিয়া মাথা দুলিয়ে সম্মতি জানালো।
আমি তখন বললাম, কিন্তু শাড়ি এমনি একটি পোশাক, যেটা তুমি পৃথিবীর যে কোন অনুষ্ঠানে চোখ বন্ধ করে নির্দ্বিধায় পরতে পারো।
সোনিয়া বাঁকা চোখে হাসতে হাসতে বলল, চোখ বন্ধ করে কেন বাবু?
আমিও হাসতে হাসতে বললাম, কারণ ছেলেরা যেন চোখ খোলা রেখে, এক দৌড়ে শাড়িপরা মেয়েটির কাছে গিয়ে হাত ধরতে পারে।
তুমিও দৌড়াও নাকি বাবু? তির্যকদৃষ্টিতে সোনিয়ার প্রশ্ন।
আমিও সেজন্যেই উত্তরে বললাম, অবশ্যই দৌড়াই এবং আমৃত্যু দৌড়াব সোনিয়া....
আমাদেরকে হাসিতে ফেটে পড়তে দেখে বউ কাছে এসে বললো, আজকের সব সময়টুকু তুমি যে আমার বান্ধবীকে দিলে, আমার জন্যে ছিটেফোঁটা কিছু রেখো গো।
আমিও হাসতে হাসতে বললাম, তোমার জন্য তো সারাটা জীবন গচ্ছিত রেখেছি জান...
যাও, তোমার আর মিঠা কথায় চিড়া ভিজাতে হবে না- বলে বউ সোজা বর-কনের স্টেজের দিকে চলে গেল। আমি মনে মনে বললাম, বউ কিন্তু আজ [illegible]!
বউয়ের টিপ্পনিকাটার জবাব না দিয়ে সোনিয়াকে বললাম, শাড়িতে কিন্তু তোমাকে দারুণ মানিয়েছে। তুমি বিদেশিনী মেম, কিন্তু তোমাকে একদম বোঝাই যাচ্ছে না।
সোনিয়া হাসি মুখে বলল, তাই নাকি? আমি তো আমার বিয়েতে শাড়ি পরবো মনস্থির করেছি। সেজন্যেই আমি তোমার বউয়ের কাছে শাড়ি পরা শিখছি।
আমি বললাম, কিন্তু তোমার স্বামী যদি সেটা পছন্দ না করে?
কেন করবে না? বলে সে চেয়ার থেকে ওঠে গিয়ে পাশেই দাঁড়িয়ে থাকা এরিখ (ওর বয়ফ্রেন্ড)-কে হাত ধরে হিড়হিড় করে টেনে এনে বলল, এরিখ মাই ডার্লিং সত্যি করে বলো, আমি দেখতে কেমন? সেক্সি? তোমার পছন্দ হয়েছে এ ড্রেস? আমাদের বিয়েতে আমি শাড়ি পরতে চাই মাই লাভ।
এরিখ হাসি মুখে সব অতি মানুষের ভেতরেই সোনিয়াকে জড়িয়ে ধরে চুমু খেলো। ওদের কালচারে এটাই স্বাভাবিক।
এমনি মজারো কথা, আর হাসি-তামাশায় কাটলো সময়। রাতের খাবার শেষে বর-কনের সাথে সোনিয়া ও এরিখ জড়াজড়ি করে ধরে নাচে অংশ নিল। ওদের চমৎকার দৃষ্টিনন্দন নৃত্যে মুগ্ধ হলো সকলে। গভীর রাত পর্যন্ত চললো সেই আনন্দ উৎসব।
৫
এবারে ঘরে ফেরার পালা। একে একে বর-কনের পরিবারের সাথে সবাই বিদায় নিচ্ছে।
সোনিয়া ও এরিখের কাছে আমি শুভ রাত্রি জানাতে গেলে, সোনিয়া আবারও বাচ্চাদের মতো বায়না ধরে বলে, প্লিজ, বলো না বাবু, আমাকে সত্যি সেক্সি দেখাচ্ছে কি না?
আমি হাসতে হাসতে বললাম, দেখাচ্ছে মানে, আজকে তোমাদের বাসায় কিন্তু ভূমিকম্প হবে।
সোনিয়া চমকে ওঠে বলে, বলো কী! ভূমিকম্প! সে আবার কেন?
আমি এরিখের দিকে চেয়ে বললাম, তুমি জানো না কিন্তু এরিখ নিশ্চয় জানে...
দুষ্টুমিপূর্ণ হাসি হাসতে হাসতে গাড়ি স্টার্ট করলো এরিখ। যতদূর দৃষ্টি যায় আমি ওদের গাড়ির পেছনের লাল বাতির দিকে তাকিয়ে রইলাম। মনে হলো সোনিয়াকে আর একটা ফোন করা দরকার। তাই মুঠোফোনটা পকেট থেকে বের করে সোনিয়াকে ফোন করলাম।
সোনিয়া একটু অবাক হয়ে বলল, হ্যালো বাবু, কী ব্যাপার? ফোন করেছ কেন?
আমি গম্ভীর হয়ে বললাম, শোনো সোনিয়া, আজ রাতে যদি সত্যি সত্যি তোমাদের বাসায় ভূমিকম্প হয়, তাহলে প্লিজ আমাকে একটা ফোন করো কেমন? আমি জেগে থাকবো..বলেই হো হো করে হেসে উঠলাম।
ফোনের ওপার থেকে সোনিয়াও হাসতে হাসতে বলল, তুমি খুব দুষ্টু আছো বাবু।
এমন সময়ে বউ খুব কাছে এসে আমার হাত ধরে বলল, অনেক রাত হল, ঘরে ফিরি চলো।
বউয়ের শাড়ির ভাঁজে ভাঁজে লুকানো সুগন্ধির সুবাস নিতে নিতে, আমি যখন গাড়ি স্টার্ট করলাম, তখন নিউ ইয়র্কের অন্তরিক্ষে কৃষ্ণপক্ষের চাঁদের ভেতরে, সোনিয়ার শাড়ির আঁচল হাওয়ায় দুলছে অবিরাম...।

## মার্কিন বৃহৎ যুদ্ধজাহাজের নজরদারি ইরানে

৬২ পৃষ্ঠার পর

৭০০ কিলোমিটার দূরে ওমান উপকূলে অবস্থান করছে। মার্কিন যুক্তরাষ্ট্র বিশ্বের বৃহত্তম যুদ্ধজাহাজ ইউএসএস জেরাল্ড আর ফোর্ডকেও মধ্যপ্রাচ্যে পাঠিয়েছে বলে জানা গেছে, যা আগামী তিন সপ্তাহের মধ্যে এই অঞ্চলে পৌঁছাতে পারে।

আব্রাহাম লিংকন তিনটি গাইডেড মিসাইল ডেস্ট্রয়ারসহ একটি স্ট্রাইক গ্রুপের নেতৃত্ব দিচ্ছে। এতে রয়েছে ৯০টি বিমান। এর মধ্যে এফ-৩৫ যুদ্ধবিমান এবং ৫৬৮০ জন ক্রু আছেন। জানুয়ারির শেষ দিকে এটি উপসাগরীয় অঞ্চলে মোতায়েন করা হয় বলে জানা গেলেও এতদিন স্যাটেলাইট ছবিতে দেখা যায়নি। এখন এটি ওমান উপকূলের কাছে, ইরান থেকে প্রায় ৭০০ কিলোমিটার দূরে শনাক্ত হয়েছে। এছাড়া বিশ্বের সবচেয়ে বড় যুদ্ধজাহাজ ইউএসএস জেরাল্ড আর ফোর্ডকেও মধ্যপ্রাচ্যে পাঠিয়েছে যুক্তরাষ্ট্র। যা আগামী তিন সপ্তাহের মধ্যে ওই অঞ্চলে পৌঁছাতে পারে।

গত কয়েক সপ্তাহে মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্রের সামরিক উপস্থিতি বৃদ্ধির যে তথ্য পাওয়া গেছে, আব্রাহাম লিংকনের অবস্থান তা আরও স্পষ্ট করেছে। বিবিসি ভেরিফাই ওই অঞ্চলে মার্কিন ডেস্ট্রয়ার, যুদ্ধজাহাজ ও যুদ্ধবিমানের সংখ্যা বৃদ্ধির বিষয়টি নজরদারি করেছে। ইউরোপীয় সেন্টিনেল-২ স্যাটেলাইটের উন্মুক্ত চিত্রে দেখা গেছে, আব্রাহাম লিংকন আরব সাগরে ওমান উপকূল থেকে প্রায় ২৪০ কিলোমিটার দূরে অবস্থান করছে।

স্যাটেলাইট চিত্রের মাধ্যমে এ পর্যন্ত মধ্যপ্রাচ্যে ১২টি মার্কিন জাহাজ শনাক্ত করা হয়েছে- আব্রাহাম লিংকন। এটি একটি নিমিটজ শ্রেণির পারমাণবিক শক্তি চালিত বিমানবাহী রণতরী। তিনটি আরলেই বার্কি শ্রেণির ডেস্ট্রয়ার, দুটি সুরপ্রহার ক্ষেপণাস্ত্র হামলায় সক্ষম ডেস্ট্রয়ার, উপকূলীয় যুদ্ধে ব্যবহৃত তিনটি বিশেষায়িত জাহাজ (যা বাহরাইনের নৌঘাঁটিতে আছে), পূর্ব ভূমধ্যসাগরে সৌদা বেতে ঘাঁটির কাছে দুটি ডেস্ট্রয়ার ও লোহিত সাগরে আরও একটি ডেস্ট্রয়ার।

এছাড়া জর্ডানের মুওয়াফফাক সালটি ঘাঁটিতে এফ-৫ ও ইএ-১৮ যুদ্ধবিমানের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। যুক্তরাষ্ট্র ও ইউরোপ থেকে মধ্যপ্রাচ্যের দিকে কার্গো বিমান, রিফুয়েলিং ও যোগাযোগ বিমানও বৃদ্ধি পেয়েছে।

## জেএমসি'র উদ্যোগে প্রি রমাদান কনফারেন্স

৬২ পৃষ্ঠার পর

কনফারেন্সে রমজান মাস জুড়ে সিটির বিভিন্ন মসজিদ ও মসজিদ সংলগ্ন আশ-পাশের এলাকায় আইনশৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণ সহ নানা সমস্যা নিয়ে আলোচনা করা হয়।

ব্যতিক্রমী এই কনফারেন্সে আমন্ত্রিত অতিথি ছিলেন এনওয়াইপিডি'র এ্যাসিসটেন্ট কমিশনার আলাদিন ফোস্টার, ইন্সপেক্টর আদেল রানা, বরো কমান্ডার অব কুইন্স সাউথ'র ক্রিস্টোফার ম্যাকেন্টাচ ও পিএস ১০৭-এর কমান্ডিং অফিসার লার্কিং।

কনফারেন্সে অন্যান্যের মধ্যে জেএমসি'র ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান ডা. মাহমুদুর রহমান তুহিন, মুনা'র এক্সিকিউটিভ ডিরেক্টর আরমান চৌধুরী, ইকনা মসজিদের ইমাম মাওলানা সাঈদুর রহমান, রিয়াজুল জান্নাহ মসজিদ পরিচালনা কমিটির সভাপতি নুরুল হক, মসজিদ আলেমীনের ইমাম সাফরাজ, কমিউনিটি অ্যাক্টিভিস্ট সালেহ আহমেদ সহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে রাখেন জেএমসি'র সভাপতি ডা. নাজমুল এইচ খান। পবিত্র রমাজানের গুরুত্ব নিয়ে আলোচনা করেন জেএমসি'র পরিচালক ইমাম শামসী আলী। এছাড়াও উপস্থিত ইমামদের পরিচয় করিয়ে দেন মওলানা শহীদুল্লাহ। সবশেষে বিশেষ মুনাজাত পরিচালনা করেন ইমাম এহতেশামুল হক। কনফারেন্স পরিচালনা করেন জেএমসি'র সেক্রেটারী রুখসুল ইসলাম সেলোয়ার।

কনফারেন্সে বিভিন্ন মসজিদের ইমাম ও প্রতিনিধিরা পবিত্র রমাজান মাসে মসজিদ এলাকায় সকাল-সন্ধ্যা পুলিশী পেট্রোল জোরদার করার পাশাপাশি নামাজের সময় বিশেষ করে তারাবিহ নামাজের সময় এক/দেড় ঘন্টা গাড়ী পার্কিং ব্যবস্থায় বিশেষ সুবিধার দাবী জানান। পাশাপাশি জেএমসি'র এমন উদ্যোগ ও আয়োজনের প্রশংসার পাশাপাশি মাঝেমধ্যে এই ধরণের কনফারেন্সের দাবী জানান। যাতে সময়ে সময়ে পুলিশ প্রশাসনের সাথে সাথে বিভিন্ন সমস্যা নিয়ে কথা বলা যাবে এবং মসজিদ কেন্দ্রীক সমস্যার সমাধান করা যায়।







## মিরসরাই এসোসিয়েশনের নতুন কমিটির অভিষেক

৬২ পৃষ্ঠার পর

অতিথিবৃন্দের শপথবাক্য পাঠ করান অনুষ্ঠানের প্রধান অতিথি কাজী আশরাফ হোসেন নয়ন। অভিষিক্তরা হলেন– সভাপতি আবু তাহের মিয়া, সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন সেলিম, সহ সভাপতি মোঃ আরিফুল আলম, সাজেদা বেগম সাম্মু, সহ সাধারণ সম্পাদক শান্ত বিশ্বাস, ফারহানা শারমিন মুমি, কোষাধ্যক্ষ মাঈনুদ্দিন খন্দকার, সাংগঠনিক সম্পাদক জি এম মোর্শেদ, সহ সাংগঠনিক সম্পাদক হায়দার মাহমুদ টিপু, প্রচার ও প্রকাশনা সম্পাদক সানজিদা খোন্দকার, সমাজকল্যাণ সম্পাদক রোজিনা মনজুর মিনু, ক্রীড়া সম্পাদক আলী শাওন, সাংস্কৃতিক সম্পাদক উৎপল শর্মা, মহিলা সম্পাদিকা নুর জান্নাত পুরবী, সহ মহিলা সম্পাদিকা ফারজানা ইয়াসমিন মুমি, ধর্ম বিষয়ক সম্পাদক নজরুল ইসলাম চৌধুরী, সদস্য মেজবাহ উদ্দিন, সুলতানা আক্তার শাকি, বিপুল দে, নায়েম উদ্দিন লিপন, শপন রায়, ইয়াসমিন সুলতানা উর্মি।

নবগঠিত কমিটির সভাপতি আবু তাহের মিয়া এবং সাধারণ সম্পাদক সাখাওয়াত হোসেন সংগঠনকে আরও গতিশীল, ঐক্যবদ্ধ ও কার্যকরভাবে পরিচালনা এবং প্রবাসে মিরসরাইবাসীর সামাজিক, সাংস্কৃতিক ও মানবিক কার্যক্রম আরও বেগবান করার অঙ্গীকার ব্যক্ত করেন। আহ্বায়ক কমিটির সদস্য মোহাম্মদ হানিফ চৌধুরীর সভাপতিত্বে ও কাউসার চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানস্থলে সংগঠনের সদস্য, শুভানুধ্যায়ী ও কমিউনিটির বিভিন্ন পর্যায়ের ব্যক্তিদের উপস্থিতিতে এক উষ্ণ ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ সৃষ্টি হয়। দীর্ঘদিন পর একত্রিত হয়ে অনেকেই একে অপরের সাথে কুশল বিনিময় করেন, স্মৃতিচারণ করেন এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করেন।

## তারেক রহমানের শপথ ও এক অনুপস্থিতির অনুভব

৫ পৃষ্ঠার পর

তারেক রহমানের রাজনৈতিক পরিচয় গড়ে উঠেছে দীর্ঘ সাংগঠনিক সম্পৃক্ততার মধ্য দিয়ে। তরুণ বয়সে তিনি দলের কার্যক্রমে সক্রিয় ভূমিকা রাখেন। তৃণমূল পর্যায়ে যোগাযোগ বৃদ্ধি, নতুন প্রজন্মকে রাজনীতিতে আগ্রহী করা এবং অর্থনৈতিক উন্নয়ন নিয়ে দৃষ্টিভঙ্গি উপস্থাপন তার কর্মকাণ্ডের অংশ ছিল। তিনি ধারাবাহিকভাবে দলীয় কাঠামোকে শক্তিশালী করার ওপর গুরুত্ব দিয়েছেন, যা তাকে নেতৃত্বের একটি সুসংহত অবস্থানে নিয়ে আসে।

প্রধানমন্ত্রী হিসেবে এখন তার সামনে রয়েছে বিস্তৃত দায়িত্ব। অর্থনীতি, কর্মসংস্থান, প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, শিক্ষা ও স্বাস্থ্যখাতের উন্নয়ন এবং আন্তর্জাতিক সম্পর্কের ভারসাম্য রক্ষা তার অগ্রাধিকারের বিষয় হবে। দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা তাকে বিভিন্ন বাস্তবতার সঙ্গে পরিচিত করেছে। এখন সেই অভিজ্ঞতাকে রাষ্ট্র পরিচালনায় কার্যকরভাবে প্রয়োগ করাই হবে তার মূল লক্ষ্য। মঙ্গলবারের শপথ অনুষ্ঠান ছিল একটি আনুষ্ঠানিক রাষ্ট্রিক প্রক্রিয়া, তবে ব্যক্তিগতভাবে এটি তার জীবনের এক গুরুত্বপূর্ণ অধ্যায়। রাজনৈতিক জীবনের বিভিন্ন পর্যায়ে তার মায়ের পরামর্শ ও সমর্থন তার জন্য মূল্যবান ছিল। দলের নেতৃত্বে তার প্রতিষ্ঠা পাওয়ার পেছনে খালেদা জিয়ার আস্থা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। সেই মানুষটির অনুপস্থিতিতে এই সাফল্য নিঃসন্দেহে আবেগে পূর্ণ।

বাংলাদেশের রাজনীতি প্রতিযোগিতামূলক ও গতিশীল। সেই প্রেক্ষাপটে দীর্ঘ পথচলার পর নেতৃত্বের আসনে পৌঁছানো রাজনৈতিক স্থিতিশীলতা ও ধারাবাহিকতার ইঙ্গিত বহন করে। তারেক রহমান এখন এমন একটি অবস্থানে, যেখানে তাকে নিজস্ব দৃষ্টিভঙ্গি ও কর্মপরিকল্পনার মাধ্যমে জাতীয় অগ্রগতির রূপরেখা তুলে ধরতে হবে। তিনি যদি অন্তর্ভুক্তিমূলক ও সংলাপনির্ভর নেতৃত্ব প্রদর্শন করতে পারেন, তবে তা দেশের জন্য ইতিবাচক দিক নির্দেশ করবে।

খালেদা জিয়ার রাজনৈতিক উত্তরাধিকার আজ তার হাতে। এই ধারাবাহিকতা একদিকে ঐতিহ্যের প্রতিফলন, অন্যদিকে নতুন দায়িত্বের সূচনা। প্রধানমন্ত্রী হিসেবে তার প্রথম দিনগুলো তাই তাৎপর্যপূর্ণ। তাকে প্রমাণ করতে হবে যে তিনি শুধু একটি ঐতিহ্যের ধারক নন, বরং নিজস্ব দক্ষতা ও পরিকল্পনার মাধ্যমে এগিয়ে যেতে প্রস্তুত একজন নেতা।

মানুষ হিসেবে প্রত্যেকেরই কিছু ব্যক্তিগত আকাঙ্ক্ষা থাকে। হয়তো তারেক রহমানও চেয়েছিলেন, তার মা তাকে দেশের নেতৃত্বে দেখতে পাবেন। সেই আকাঙ্ক্ষা পূরণ হলেও প্রিয়জনের অনুপস্থিতি এই অর্জনকে আরও সংবেদনশীল করে তুলেছে। এই মানবিক অনুভূতিই আজকের দিনের সবচেয়ে গভীর দিক।

বাংলাদেশের ইতিহাসে আজকের(মঙ্গলবারের) দিনটি দায়িত্ব গ্রহণের দিন, ধারাবাহিকতার দিন এবং নতুন প্রত্যাশার দিন। তারেক রহমানের প্রতি এই স্বীকৃতি তার দীর্ঘ রাজনৈতিক সম্পৃক্ততা, ধৈর্য এবং নেতৃত্বের দক্ষতার প্রতি এক ধরনের আস্থা। এখন সামনে কাজের সময়। ভবিষ্যৎ নির্ধারিত হবে তার সিদ্ধান্ত, নীতি ও কর্মপরিকল্পনার মাধ্যমে। ইতিহাস শেষ পর্যন্ত নেতৃত্বের প্রতিশ্রুতি নয়, তার বাস্তবায়নকেই মূল্যায়ন করে।

**লেখক- প্রফেসর ড. খালিদুর রহমান, পরিসংখ্যান বিভাগ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।**

## এ মন্ত্রিসভার সামনে অনেক চ্যালেঞ্জ

১২ পৃষ্ঠার পর

খলিলুর রহমানের ডাক পাওয়া। অনেকদিন ধরেই কিন্তু সামাজিক যোগাযোগমাধ্যমের আলোচনায় ছিল যে, তিনি মন্ত্রিসভায় জায়গা পাবেন। তার মন্ত্রী হওয়ার বিষয়ে ধরে নেওয়া হয়, তিনি নানা দিক দিয়ে দূতিয়ালি করেছেন; ফলে তারেক রহমানের ফেরত আসা সহজ হয়েছে বাংলাদেশে, এরকম একটা আলোচনাও আছে।

এ মন্ত্রিসভার সামনে অনেকগুলো চ্যালেঞ্জ, বড় বড় সব চ্যালেঞ্জ। প্রথম চ্যালেঞ্জটা হচ্ছে ল অ্যান্ড অর্ডার রিস্টোর তথা আইনশৃঙ্খলা পরিস্থিতি পুনরুদ্ধার করা। এটা একেবারে ইমিডিয়েটলি করতে হবে। দ্বিতীয়ত, বৈদেশিক সম্পর্কের ব্যাপারটি। ভারতের সঙ্গে সম্পর্কটি মেরামত করতে হবে এবং এটা যতদূর সম্ভব স্বাভাবিক করে নিতে হবে। এখন যে পরিস্থিতি আছে, এটা অস্বাভাবিক। এতে দুই দেশের জনগণই কিন্তু ক্ষতিগ্রস্ত হচ্ছে।

এ দুটো মূল কারণের বাইরে আরেকটি বিষয়ে আমি মনে করি নজর দেওয়া প্রয়োজন। সেটা হচ্ছে, সংস্কার প্রস্তাব যেগুলো ছিল, সেগুলো ধীরে ধীরে বাস্তবায়ন করা। কারণ এর মধ্যে জন-আকাঙ্ক্ষা আছে। জুলাই গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে যে আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেছিল, তার বাস্তবায়ন যদি না হয়, তাহলে মানুষ আবার আশাহত হবে। আরেকটা বিষয় এ সরকারকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করতে হবে। সেটা হচ্ছে, আন্তর্জাতিক আদালতে যে বিচার প্রক্রিয়া চালু আছে, সেই বিচার প্রক্রিয়াটি চলমান রাখতে হবে এবং এখানে কোনো শৈথিল্য দেখানো উচিত হবে না।

সংস্কার প্রক্রিয়ার ব্যাপারে দৃশ্যত সব দলই 'হ্যাঁ' বলেছে, অর্থাৎ যারা নির্বাচনে অংশগ্রহণ করেছে। তারপরও কিন্তু জুলাই সনদের যত ধারা ছিল, এর অনেকগুলোতে কোনো কোনো দল আপত্তি দিয়েছিল। এর মধ্যে বেশ কতগুলো বিষয়ে বিএনপিও আপত্তি দিয়েছে। এখন বিএনপি জুলাই সনদে স্বাক্ষর করেছে, যদিও কিছু কিছু আপত্তি তারা দিয়েছে, কিন্তু তারা আবার নির্বাচনের আগে ভোটারদের আহ্বানও জানিয়েছে 'হ্যাঁ' ভোট দেওয়ার জন্য। কাজেই সব মিলিয়ে আমি বলব, একটা খটকা এখানে আছে, বিএনপি যেসব প্রস্তাবে আপত্তি দিয়েছিল, সেগুলোর ব্যাপারে কী হবে। এমন হতে পারে যে, তারা হয়তো বলবে, এসব বাস্তবায়নের ব্যাপারে তাদের বাধ্যবাধকতা নেই। তখন এটা নিয়ে রাজনীতির মাঠ একটু উত্তপ্ত হবে এবং বিরোধী দলে যারা আছে, বিশেষ করে জামায়াতে ইসলামী এবং এনসিপি হয়তো বিএনপিকে প্রচণ্ড চাপে রাখবে এ নিয়ে।

৩.

বিএনপি সরকার গঠন করল ২৫ বছর পর। এবং বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে। এই ২৫ বছরের মধ্যে ১৭ বছর তো গেছে একটা অস্বাভাবিক পরিস্থিতির মধ্য দিয়ে। এবং গত তিনটা নির্বাচনে মানুষ ভোটই দিতে পারেনি। কাজেই বিএনপির ওপর সাধারণ নাগরিকদের অনেক প্রত্যাশা। মানুষের আসলে খুব বেশি চাওয়া নেই। মানুষ শান্তিতে থাকতে চায়, স্বস্তিতে থাকতে চায়, তাদের সন্তানদের জন্য কর্মসংস্থান চায়। কাজেই অনাবশ্যক প্রতিশ্রুতির ফুলঝুরি যে বইয়ে দেওয়া হয়েছিল, সবাইকেই সেখান থেকে একটু সরে আসতে হবে এবং যেগুলো বাস্তবায়নযোগ্য সেগুলো দ্রুত বাস্তবায়ন করতে হবে।

**মহিউদ্দিন আহমদ : লেখক ও গবেষক।**

## ব্যর্থ হওয়ার সুযোগ নেই

১২ পৃষ্ঠার পর

তরুণের বিদ্রোহ ২০২৪-এর জুলাই-আগস্টের গণ-অভ্যুত্থানের মধ্য দিয়ে। শেখ হাসিনা তার প্রভুর দেশ ভারতে পলায়ন করে। আওয়ামী লীগের অনেক নেতা ও কর্মী ভারতে পালিয়ে যায়। দেশের ভেতরে সুপ্রিমকোর্টের বিচারক এবং পুলিশবাহিনী পালিয়ে যায়, এমনকি বায়তুল মোকাররমের খতিবও পালিয়ে যায়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও উপ-উপাচার্যসহ কর্মকর্তারা কর্মস্থল থেকে পালিয়ে যায় ও পদত্যাগ করতে বাধ্য হয়। এমন ঘটনা অতীতের কোনো অভ্যুত্থানে ঘটেনি। অভ্যুত্থান-পরবর্তীকালে প্রফেসর মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে একটি অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়। এ সরকারের বেশকিছু সাফল্য যেমন আছে, তেমনই ব্যর্থতাও আছে। তবে সবচেয়ে উল্লেখযোগ্য সাফল্য হলো, গত ১২ ফেব্রুয়ারি একটি সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠান করা। এ নির্বাচনকে সফল করার জন্য প্রফেসর ইউনূসের সরকার সামরিক বাহিনীসহ সরকারের সমুদয় শাসনযন্ত্রকে সার্থক ও সাফল্যজনকভাবে ব্যবহার করে। এ নির্বাচনে বিএনপি দুই-তৃতীয়াংশেরও বেশি আসনে জয়ী হয়ে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। এর পাশাপাশি ১১ দলীয় জোট, বিশেষ করে জামায়াতে ইসলামীর প্রবল উত্থান ঘটেছে। জামায়াতে ইসলামী অতীতের নির্বাচনগুলোয় সর্বাধিক ১৮টি আসন পেয়েছিল। কিন্তু এবার তাদের বহুগুণ উত্থান ঘটেছে। বহু আসনে তারা বিএনপির সঙ্গে হাড্ডাহাড্ডি লড়াই করেছে। দেশের এ বাস্তবতা বিএনপিকে বুঝতে হবে। বিএনপি যদি এ যাত্রায় বড় ধরনের ভুল করে, তাহলে পরবর্তী সময়ে এর দ্বারা লাভবান হবে জামায়াত। সংসদ-সদস্য হিসাবে শপথ নেওয়ার আগে তারেক রহমান জামায়াত নেতা ডা. শফিকুর রহমান ও এনসিপি নেতা নাহিদ ইসলামের বাসভবনে গিয়ে আন্তরিক শুভেচ্ছা ও সৌজন্য প্রকাশ করেছেন। আমাদের দেশের গণতান্ত্রিক চর্চার ইতিহাসে এটি একটি নজিরবিহীন শুভ দৃষ্টান্ত। দেশ সংঘাত ও সংঘর্ষের রাজনীতিতে বারবার ক্ষতিগ্রস্ত হয়েছে-প্রায় ধ্বংসের চূড়ান্ত সীমায় পৌঁছে গেছে। এ রকম অবস্থা চলতে দেওয়া যায় না। তারেক রহমানের এই শুভ উদ্যোগে সুবাতাস বইতে শুরু করেছিল। তাতে ছন্দপতন ঘটল জামায়াত নেতৃত্বাধীন ১১ দলীয় জোট কর্তৃক মন্ত্রিসভার শপথ অনুষ্ঠান বর্জন। কেন জানি মনে হয়, অজানা আশঙ্কা হাতছানি দিচ্ছে। শুধু তাই নয়, এর আগের দিন ১১ দলীয় জোট নির্বাচনে কারচুপি হয়েছে বলে প্রতিবাদ, বিক্ষোভ করেছে। নানাভাবে প্রচারণা চালানো হচ্ছে 'ডিপ স্টেটের' অদৃশ্য হস্তক্ষেপের নির্বাচনি ফল বিএনপির পক্ষে বদলে দেওয়া হয়েছে। বলা হচ্ছে, '৩' কে '৪' করে দেওয়ার মতো কাণ্ড ঘটিয়ে ভোটের ফল পালটে দেওয়া হয়েছে। অবশ্য যুক্তি দিয়ে দেখলে এসব অভিযোগ যে অন্তঃসারশূন্য, তাতে কোনো সন্দেহ নেই। এক জায়গায় বা একাধিক জায়গায় সংখ্যার পরিবর্তন করতে হলে গ্র্যান্ড টোটালেও পরিবর্তন করতে হয়। এবারের নির্বাচন হয়েছে নির্বাচনি এজেন্টদের শ্যেনদৃষ্টিতে। গণনাও করা হয়েছে একই ধরনের কড়া নজরদারিতে। সুতরাং এ কায়দায় কারচুপি অসম্ভব। তবুও কারচুপির অভিযোগ করা হচ্ছে। বলা যায়, নির্বাচনি ফলাফলকে গ্রহণ না করার সংস্কৃতি এখনও বদলায়নি।

জামায়াতে ইসলামীর আরেকটি অভিযোগ, বিএনপি সংসদ-সদস্যদের দ্বিতীয় শপথটি গ্রহণ করতে রাজি হয়নি। এ শপথটি ছিল সংবিধান সংশোধনীসংক্রান্ত সংসদ গঠনবিষয়ক। আমি যখন লিখছি, তখন পর্যন্ত আমার কাছে পরিষ্কার নয়, বিএনপি কী কারণে দ্বিতীয় শপথ থেকে দূরে থেকেছে। হতে পারে কোনো সাংবিধানিক যুক্তিতে। কিন্তু জুলাই গণ-অভ্যুত্থানের পর অনেক কাজ হয়েছে, যা আওয়ামী লীগ কর্তৃক বরবাদকৃত সংবিধানের সঙ্গে মেলানো কঠিন। হয়তো পরিবর্তনের স্বার্থে মেকানোটাও সংগত নয়। এক্ষেত্রে সব দলের সমঝোতাই সর্বোচ্চ আইন। আমরা দেশে একটি নতুন সামাজিক চুক্তি হোক দাবি করেছিলাম। এখন দেখছি সামাজিক চুক্তির পথটিও বাধাহীন নয়।

যা হোক, শুরু করেছিলাম এই কথা বলে যে, আমাদের দেশে গণতন্ত্রের পথে বিভিন্ন সময়ের অভিযাত্রা বারবার ব্যাহত হয়েছে। এবার ১৪০০ মানুষের আত্মদান ও হাজার হাজার মানুষের আহত হওয়া ও পঙ্গুত্বরণের পর যদি আশাহত হওয়ার মতো ক্ষুদ্রতম কোনো ঘটনা ঘটে, তাহলে এর চেয়ে দুঃখের আর কিছু হবে না। কথায় বলে, 'ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ভয় পায়'। ১২ ফেব্রুয়ারির নির্বাচনের পর কিছু ঘটনা সিঁদুরে মেঘ দেখার মতো অশুভাশঙ্কিয়া বলে মনে হয়। হয়তো কেউ এটাকে বলবেন বিভ্রম। তা-ই যেন সত্য হয়।

**ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।**

## জামায়াতের 'ঢাকা দখল' ও বড় উত্থান এবং কিছু ইঙ্গিতের ভোট

৬ পৃষ্ঠার পর

বছরে মাজার ভাঙা, বাউলদের ওপর আক্রমণ থেকে শুরু করে নারী, সংখ্যালঘুরা আক্রান্ত হয়েছেন। সামাজিক যোগাযোগমাধ্যমে লাগামছাড়া ঘৃণাচর্চা হয়েছে। তবে ২০০৮ সালের পর গ্রহণযোগ্য কোনো নির্বাচন না হওয়ায় দক্ষিণপন্থী রাজনীতির প্রকৃত চিত্র জানা যাচ্ছিল না। যদিও নির্বাচন দিয়েই দক্ষিণপন্থী রাজনীতির প্রকৃত চিত্র বোঝাটা কঠিন। কেননা, এর একটি অংশ প্রকাশ্যেই গণতন্ত্র ও নির্বাচনবিরোধী। বাস্তবে এই অতি দক্ষিণপন্থী অংশ সমাজে কতটা, সেই চিত্র অধরাই থেকে যাচ্ছে। নির্বাচনের আগে থেকেই আসিফ মোহাম্মদ শাহানের মতো পর্যবেক্ষকেরা ধারণা দিয়েছিলেন, উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গে ভালো করবে জামায়াত। ফলাফলেও দেখা গেল খুলনা, রংপুর ও রাজশাহী বিভাগে জামায়াত পরিষ্কারভাবে ভালো ফল করেছে। সবচেয়ে ভালো করেছে খুলনায়। ৩৬টি আসনের মধ্যে ২৫টি জিতেছে তারা। রংপুরের ৩৩টির মধ্যে ১৬টি এবং রাজশাহীর ৩৯টির মধ্যে ১১টি আসন জিতেছে। জামায়াতের জয় পাওয়া আসনগুলোর বেশির ভাগই ভারতীয় সীমান্তের কাছাকাছি। বিশ্লেষকেরা মনে করছেন, এই অঞ্চলগুলোতে সাতচল্লিশের দেশভাগের পর থেকে পশ্চিমবঙ্গ ও ভারতের অন্য অঞ্চল থেকে মাইগ্রেট করে আসা জনগোষ্ঠীর ভোট এ ক্ষেত্রে একটা ভূমিকা পালন করে থাকতে পারে।

উত্তরবঙ্গে বিশেষ করে রংপুর বিভাগের ক্ষেত্রে এটা স্পষ্ট যে ঐতিহ্যগত জাতীয় পার্টির ভোটারদের একটি বড় অংশ এবার জামায়াতের দিকে ঝুঁকেছে। এর একটা বড় কারণ হলো, জাতীয় পার্টি যে ভাসাভাসা বিশেষে জাতীয়তাবাদী রাজনীতি করে, তার সঙ্গে জামায়াতের রাজনীতি অনেকটা মিলে যায়। প্রতিষ্ঠার পর এবারই প্রথম জাতীয় পার্টি একটি আসনও পায়নি। রংপুরের আসনগুলোতেও তারা বড় ব্যবধানে হেরেছে এবং অনেক আসনে তৃতীয় হয়েছে। দলটির প্রতিষ্ঠাতা হুসেইন মুহম্মদ এরশাদের মৃত্যু এবং গত ১৭ বছরে আওয়ামী লীগের বি-টিম হওয়ার রাজনীতি জাতীয় পার্টিকে রাজনীতিতে অপ্রাসঙ্গিক করে তুলেছে। দক্ষিণবঙ্গ ও রাজশাহীর যেসব আসনে বিএনপি পরাজিত হয়েছে, তার অনেকগুলোই দলটির ঐতিহ্যবাহী ঘাঁটি হিসেবে পরিচিত। এসব আসনে হারার পেছনে বড় একটি কারণ হতে পারে বিএনপি তার প্রথাগত সমর্থকদের একটি অংশকে হারিয়েছে। কিছু আসনে বিএনপির বিদ্রোহী প্রার্থীরাও জয়-পরাজয় নির্ধারণে ভূমিকা রেখেছে। কোথাও কোথাও দুর্বল ও নিষ্ক্রিয় নেতাকে প্রার্থী করায় তারা হেরেছে। কিন্তু এটাই সবটা কারণ নয়। এখানকার অনেক আসনে প্রথাগত আওয়ামী লীগের যেসব ভোটার এবার ভোট দিয়েছেন, তাঁদের একটা অংশ জামায়াতকে ভোট দিয়ে থাকতে পারেন।

এর পেছনে বিএনপির স্থানীয় নেতা-কর্মীদের চাঁদাবাজি ও মামলাবাজিও একটা ভূমিকা রেখেছে। দক্ষিণবঙ্গের অন্তত দুটি আসনের কয়েকজন ভোটারের সঙ্গে কথা বলে জানা গেছে, কোথাও পাড়া, কোথাও গ্রাম ধরে আওয়ামী লীগের প্রথাগত ভোটাররা জামায়াতের প্রতি সমর্থন দিয়েছেন। গ্রামগুলোতে যে গোষ্ঠীভিত্তিক বিরোধ থাকে, সেখানে বিভাজনটা অনেকটাই আওয়ামী লীগ বনাম বিএনপি। মেরুদাগে এই সূত্রই এখানে কাজ করেছে

চার.

ঢাকা মহানগরের আসনগুলোতে জামায়াতের উত্থান সবচেয়ে বিস্ময়ের। অতীতে কখনোই জামায়াত ঢাকার কোনো আসন পায়নি। ঢাকার ভোটারদের মধ্যে জামায়াতের গ্রহণযোগ্যতাও খুব বেশি দেখা যায়নি। এবারের নির্বাচনে ঢাকা মহানগরের ১৫টি আসনের মধ্যে ৬টিতেই জামায়াত জোট জিতেছে। হেরে যাওয়া আসনগুলোর কয়েকটিতে ভোট ব্যবধান খুব সামান্য। এনসিপির সঙ্গে জোট করায় তরুণ ভোটারদের একটা বড় সমর্থন জামায়াত পেয়ে থাকতে পারে। গত দেড় বছরে বিএনপির বিরুদ্ধে ওঠা চাঁদাবাজির অভিযোগও ভোটারদের একটা অংশকে জামায়াতের দিকে ঝুঁকিয়েছে। বলা হয়ে থাকে ঢাকা যার দখলে পুরো দেশের রাজনীতির নিয়ন্ত্রণ সেই দলের হাতে। ঢাকা দখলের জন্য জামায়াত যে দীর্ঘদিনের প্রস্তুতি নিয়েছে, সেটা ফলাফলই বলে দিচ্ছে। কিছু আসনে ভোটার জুনায়েরের কৌশল কাজ করেছে। ভোটের অনেক আগে থেকেই, রিকশাচালক, সিএনজিচালক, ফুটপাতের দোকানিদের একটা অংশ জামায়াতের পক্ষে সরব প্রচারণা চালিয়েছেন।

পাঁচ.

জাতীয় পার্টির অপ্রাসঙ্গিক হয়ে যাওয়াসহ এই নির্বাচন আরও কিছু ইঙ্গিত দিচ্ছে। একানব্বইয়ের নির্বাচনের পর আর কোনো নির্বাচনেই বামপন্থীরা এককভাবে নির্বাচন করে জিততে পারেনি। বরিশাল-৫ আসনে বাসদের প্রার্থী মনীষা চক্রবর্তী ছাড়া বামপন্থীদের কোনো আলোচিত প্রার্থী ছিলেন না। নির্বাচনে তিনি ২২ হাজার ভোট পেয়ে তৃতীয় হয়েছেন। তিনি ছাড়া উল্লেখ করার মতো কেউই ভোট পাননি। এবারের সংসদে বামপন্থীদের কোনো প্রতিনিধি থাকছে না। নারী ও সংখ্যালঘু জনপ্রতিনিধিও এবারের সংসদে অনেক কম। বিএনপি থেকে হয়জন ও স্বতন্ত্র হিসেবে রুমিন ফারহানা এবার জিতেছেন।

জাতিগত সংখ্যালঘু ২ জন ও ধর্মীয় সংখ্যালঘু ২ জন প্রতিনিধি এবার এমপি হয়েছেন। এর পেছনেও সাম্প্রতিক বছরগুলো, বিশেষ করে গত ১৮ মাসের নারীবিদ্বেষী প্রচার ও ডানপন্থী জোয়ার কাজ করেছে। ফলে ৭ জন নারী আর ৪ জন সংখ্যালঘু সংসদ সদস্য নিয়ে কতটা অন্তর্ভুক্তিমূলক সংসদ হতে চলেছে, সেটা নিয়ে বড় প্রশ্নই থেকে যাবে। নির্বাচনে বিএনপি তার ইতিহাসে সবচেয়ে ভালো ফলাফলে জিতলেও জামায়াতের বড় উত্থান ঘটেছে। ভোট দেওয়া ভোটারদের মধ্যে প্রায় ৩২ শতাংশ সমর্থন দিয়েছে জামায়াতকে। বিএনপি প্রতি সমর্থন দিয়েছে ৪৯ দশমিক ৬০ শতাংশ ভোটার। নারীদের, বিশেষ করে শহর অঞ্চলের ও কর্মজীবী নারী ভোটার এবং গত দেড় বছরে নানাভাবে আক্রান্ত জাতিগত, ধর্মীয় ও সম্প্রদায়গত সংখ্যালঘুদের ভোট বিএনপিকে অনেক আসনে জিততে সহায়তা করেছে। বাংলাদেশের রাজনীতিতে দক্ষিণপন্থার উত্থানের পেছনে যুক্তরাষ্ট্রের সন্ত্রাসবাদবিরোধী যুদ্ধ প্রকল্প, ভারতের শাসক দল বিজেপির হিন্দুত্ববাদী রাজনীতি এবং আওয়ামী লীগের দমনমূলক শাসনের প্রতিক্রিয়া সবচেয়ে বড় ভূমিকা রেখেছে। বাংলাদেশ শুধু রাজনৈতিকভাবে নয়, সামাজিক মেরুকরণের দিক থেকেও সন্ধিক্ষণে দাঁড়িয়ে। একটি পরিচ্ছন্ন ভোট বাংলাদেশের মুমূর্ষু গণতন্ত্রকে আপাতত বাঁচিয়ে দিয়েছে, কিন্তু মূল চ্যালেঞ্জের শুরুটা এখন থেকেই।

**মনোজ দে: প্রথম আলোর সম্পাদকীয় সহকারী।**


LAW OFFICE OF ALBERT GHUNNEY

ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।

ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com

37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372



KARNAFULLY
TRAVEL INC.

**বিশেষ সুবিধা:**
মহিলাদের জন্য আলাদা
মহিলা গাইডের
সুব্যবস্থা রয়েছে।

# এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
## নভেম্বর ২০২৬

### ভ্রমণ তারিখ

| জেএফকে - জেদ্দা | মদিনা - জেএফকে | মোট দিন |
|---|---|---|
| ৪ নভেম্বর | ১৪ নভেম্বর | ৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়) |

### প্যাকেজে অন্তর্ভুক্ত:

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

**KARNAFULLY TRAVEL INC.**
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372
facebook Karnafully Hajj & Umrah service
Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)
karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC. BO2902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR




## বাংলাদেশ সোসাইটির কমিটির মেয়াদ ৩ বছর

১ পৃষ্ঠার পর

সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর পরিচালনায় বিশেষ সাধারণ সভা অনুষ্ঠিত হয়। বিশিষ্ট ব্যবসায়ি বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, সংবিধান সংশোধনী কমিটির চেয়ারম্যান মোহাম্মদ হোসেন খান, বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহ-সভাপতি আখতারুজ্জামান কামরুল, সংবিধান সংশোধনী কমিটির সদস্য আব্দুল ইসলাম, সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, এমএমএ রহমান খান সেলিমসহ আরও অনেকে মঞ্চে উপবিষ্ট ছিলেন। বাংলাদেশ সোসাইটির কমিটির মেয়াদ ২ বছর থেকে ৩ বছর বর্ধিত করা হয়েছে গঠনতন্ত্র সংশোধনের মাধ্যমে। সাধারণ সভায় স্বাগত বক্তব্য রাখেন সভাপতি আতাউর রহমান সেলিম। তিনি বলেন, এ সাধারণ সভা আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। কারণ আজকে সভায় আমাদের সংবিধান সংশোধন করা হবে। এজন্য কমিটি করা হয়েছে। তারা তাদের সংশোধনী উপস্থাপন করবেন। তিনি বলেন, সংগঠনের স্বার্থেই আমরা সংশোধনীগুলো এনেছি। আশা করি, আপনারা সংশোধনীগুলোতে মতামত প্রদান করবেন। তবে আজকের সভায় যা পাশ হবে তা আগামী কমিটির ক্ষেত্রে প্রযোজ্য হবে। আমাদের কমিটি ২ বছরের জন্যই থাকবে।

ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, আমি আপনাদের বলেছিলাম আমরা সোসাইটির জন্য ভবন ক্রয় করতে যাচ্ছি। যে ভবনের জন্য আমরা চুক্তি করতে যাচ্ছিলাম। আমাদের আইনজীবীর মাধ্যমে দেখতে পাই সেই ভবনে ভায়োলেশন রয়েছে, যা আমাদের জন্য সুখকর নয়। আমরা ওই ভবন ক্রয় প্রক্রিয়ায় না গিয়ে আমাদের অর্থ ফেরত এনেছি। এখন আমরা অন্য ভবন দেখছি। মোহাম্মদ হোসেন খান তার বক্তব্যে ধন্যবাদ জানান সংবিধান সংশোধনী কমিটির সদস্যদের। তিনি বলেন, এটি বাংলাদেশ সোসাইটির ৬ষ্ঠ সংবিধান সংশোধনী। আমরা মোট ৪৩ ক্লজে সংশোধনী করেছি। যার মধ্যে ২৪টি মত উপস্থাপন করছি। এক এক করে তিনি সংশোধনী উপস্থাপন করেন। অধিকাংশ সংশোধনীর সঙ্গে সবাই একমত থাকলেও কার্যকরি কমিটির মেয়াদ তিন বছরের বিপক্ষে ছিলেন অনেকে। কিন্তু কৌশলী অবস্থানে পাস করা হলো সব সংশোধনী। যার মধ্যে অন্যতম হচ্ছে- কার্যকরি কমিটির মেয়াদ ২ বছরের পরিবর্তে ৩ বছর। তিন বছরের জন্য চাঁদা ধার্য করা হয়েছে ৩০ ডলার। কার্যকরি পরিষদের ১৯ পদের স্থলে করা হয়েছে ২১ পদ। নতুন পদের মধ্যে মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক ও ইয়ুথ এবং আইটি বিষয়ক সম্পাদক।

## হাসিনার ৩ আত্মীয় তারেকের আস্থায়

১ পৃষ্ঠার পর

সংসদেই ছিল শেখ পরিবারের ২৭ জন এমপি।

৫ আগষ্ট ২০২৪ হাসিনা রেজিমের পতনের পর পুরো সংসদ ও মন্ত্রীসভা নাই হয়ে যায়। শেখ হাসিনা নিজে ভারতে আশ্রয় নেন। ১২ ফেব্রুয়ারি তারেক রহমানের নেতৃত্বে বিএনপি জোটে প্রার্থী হন শেখ হাসিনা পরিবারের ২ জন আত্মীয়। অবশ্য তারা গত ১৭ বছরে শেখ হাসিনার ফ্যাসিবাদী শাসনের বিপক্ষে অবস্থান নিয়ে ছিলেন। রাজপথে ছিলেন বিএনপির নেতৃত্বাধীন জোটে। এই জোটের অন্যতম ছিলেন ব্যারিস্টার আন্দালিব পার্থ (জেপি)। তিনি শেখ হেলালের মেয়ের জামাতা। শেখ হেলাল ও শেখ সেলিম হচ্ছেন শেখ হাসিনার চাচাতো ও ফুফাতো ভাই। পার্থের মা শেখ সেলিমের আপন বোন। এ দিকে থেকে মামা ভাগিনা। অন্যদিকে পার্থ শেখ সেলিমের ভাতিজী জামাই। উল্লেখ্য পার্থ সাবেক আওয়ামী লীগের ও ঢাকা সিটি করপোরেশনের মেয়র (জাতীয় পার্টি) নাজিউর রহমানে মঞ্জুর সন্তান। বিএনপির জোট থেকে এমপি (ভোলা সদর) হয়েছেন তিনি। শেখ সেলিমের বড় ছেলে শেখ ফাহিম বিয়ে করেছেন ববি হাজ্জাজের বোনকে। তারা শালা দুলাভাই। ববি ধানের শীষ প্রতীক নিয়ে মাওলানা মামুনুল হককে হারিয়ে ঢাকা-১৩ আসন থেকে এমপি নির্বাচিত হয়েছেন। তারেকের মন্ত্রীসভায় তিনি শিক্ষা প্রতিমন্ত্রী। এদিক থেকে শেখ হাসিনার আত্মীয় ববি। ববির বাবা ধনকুবের মুসা বিন শমসের। এ ক্ষেত্রে মুসা হচ্ছেন হাসিনা ও সেলিমের বিয়াই। বিএনপির প্রভাবশালী নেতা ও স্থায়ী কমিটির সদস্য তারেকের মন্ত্রীসভায় খনিজ ও জ্বালানীমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু। তিনি সিরাজগঞ্জ-২ (সদর) আসন থেকে নির্বাচিত এমপি। তার মেয়েকে বিয়ে করেছেন শেখ সেলিমের ছোট ছেলে ব্যারিস্টার শেখ নাঈম। এ বিবেচনায় টুকু ও হাসিনা বিয়াই বিয়াইন।

দল-মত আলাদা হলেও ক্ষমতা, রাজনীতি আর সম্পর্ক-সব মিলিয়ে এক অদ্ভুত সমীকরণ বাংলাদেশের রাজনীতিতে।

## জিতেছে বাংলাদেশ, হেরেছে সব সন্ত্রাস

৫ পৃষ্ঠার পর

নারীদের ভোটে এই জয় এসেছে-তাদের প্রত্যাশা ব্যর্থ হলে পরিস্থিতি ভিন্ন হতে পারে। বিদেশি পর্যবেক্ষকদের প্রসঙ্গে জামায়াত আমির ডা. শফিকুর রহমান বলেছেন,পর্যবেক্ষকরা যা দেখেছে তা তারা তুলে ধরবেন, আমরাও তুলে ধরবো। "আমরা কালো অধ্যায়ের রাজনীতি চাই না।" তিনি ঐক্যবদ্ধ বাংলাদেশের কথা বলেছেন, সংবিধানের আলোকে সবার সমতার কথা বলেছেন। ঐক্যবদ্ধ বাংলাদেশ চান জানিয়ে তিনি বলেন, আমাদের ভদ্রতা ও ইতিবাচক আচরণকে দুর্বলতা মনে করলে ভুল করবেন। কারণ ইতিবাচক দৃষ্টিভঙ্গি জানানোর পরেও বাংলাদেশের বিভিন্ন জায়গায় কর্মী সমর্থকদের ওপর হামলা হচ্ছে। এই বক্তব্য আশাব্যঞ্জক-কিন্তু প্রশ্ন হলো, মাঠের কর্মী, অনলাইন অ্যাকটিভিস্ট ও সাংস্কৃতিক অবস্থান কি সেই বক্তব্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ? বিএনপি'র কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র ড. মাহদী আমিন বলেছেন, বাংলাদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব এবং জাতীয়তাবাদের ধারক বিএনপি'র প্রতি জনগণের যে অসাধারণ ভালোবাসা রয়েছে, তারই বহিঃপ্রকাশ এই নির্বাচন। যেখানে আমরা দেখেছি অপ্রতিরোধ্য নিরঙ্কুশ বিজয়। আজকের এই বিজয় শুধু বিএনপি'র না, এই বিজয় গণতন্ত্রের, এই বিজয় বাংলাদেশের। এই নির্বাচনে কোনো দল এককভাবে বিজয়ী নয়। বিজয়ী হয়েছে বাংলাদেশের জনগণ-যারা উগ্রতা প্রত্যাখ্যান করেছে, কিন্তু পরিবর্তনের আকাঙ্ক্ষা ছাড়েনি। যারা এই বার্তা বুঝবে, তারাই টিকে থাকবে। ব্যালট বাক্সে রায় হয়ে গেছে। এবার রাজনীতিবিদদের পালা-এই রায় বোঝার।

লেখক: সিনিয়র সাংবাদিক ও কলামিস্ট।

## মন্ত্রীদের শপথ বর্জন ভুল সংস্কৃতি জামায়াতের

১ পৃষ্ঠার পর

কিন্তু সংসদেরই দক্ষিণ প্লাজায় প্রধানমন্ত্রী হিসেবে সংসদ নেতা ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান এবং তার মন্ত্রিসভার সদস্যদের শপথ অনুষ্ঠান বর্জন করেছেন মি. রহমান ও তার জোট। এদিকে রাজনৈতিক বিশ্লেষকদের কেউ কেউ বাংলাদেশের চিরাচরিত রাজনৈতিক বৈশিষ্ট্য হিসেবে সরকার-বিরোধী দলের পরস্পরকে 'বর্জন' বা 'বয়কটের' যে রাজনীতি তারই ধারাবাহিকতার ইঙ্গিত হিসেবে দেখছেন। আবার কেউ বলছেন, এ ঘটনায় ত্রয়োদশ সংসদের মাধ্যমে সংসদীয় গণতন্ত্রের যাত্রা ক্ষতিকর হয়নি। তবে বিরোধী দলের কার্যকর ভূমিকা রাখার সুযোগ সামনে আসবে এবং তখন দেখার বিষয় হবে সেটি তারা কতটা কাজে লাগাতে পারে।

যদিও জাতীয় সংসদের উপনেতা মনোনীত হওয়া জামায়াতের নায়েবে আমির সৈয়দ আব্দুল্লাহ মুহাম্মদ তাহের বিবিসি বাংলাকে বলেছেন, সংবিধান সংস্কার পরিষদের শপথ বিএনপি নেয়নি বলেই প্রতিবাদ হিসেবে তারা শপথ অনুষ্ঠানে যাননি। 'এটি তাৎক্ষণিক প্রতিবাদ, একে পুরনো সংস্কৃতি হিসেবে দেখা ঠিক হবে না। আমরা দায়িত্বশীল বিরোধী দলই হবো,' বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। এর আগে মঙ্গলবার রাতেই এক বিবৃতিতে জামায়াতের আমির ও বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান বলেছেন, 'গণতন্ত্র কোনো একটি দিন বা একটি নির্বাচনের মাধ্যমে নির্ধারিত হয় না; বরং এটি একটি দীর্ঘ যাত্রা। আমরা দায়িত্বশীল ও গঠনমূলক বিরোধী দল হিসেবে সেই যাত্রা অব্যাহত রাখব ইনশাআল্লাহ'। রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাকে স্বাগত জানায়নি জামায়াত। বরং এর বিরোধিতা করে স্বাধীনতা বিরোধী রাজাকার আলশামস বাহিনী গড়ে তুলেছিল। তার মাশুল তাদের ৫৪ বছর দিতে হয়েছে। ২৪ এর গণঅভ্যুত্থানের পর একটি নির্বাচন হলো। নতুন সরকারের শপথ অনুষ্ঠান বর্জন করে জামায়াত পুরনো পথেই হাঁটলো। ভুলের সংস্কৃতিকেই তারা বেছে নিল।

## প্রধানমন্ত্রীকে অভিনন্দন বার্তা ট্রাম্পের

১ পৃষ্ঠার পর

এ চিঠি পাঠায়। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় বৃহস্পতিবার ট্রাম্পের ওই চিঠি তাদের এক্স হ্যান্ডলে প্রকাশ করেছে।

চিঠিতে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে তারেক রহমানের বিজয়কে 'ঐতিহাসিক' উল্লেখ করে প্রধানমন্ত্রী হিসেবে তাঁর মেয়াদকালের সফলতা কামনা করেন ডোনাল্ড ট্রাম্প। তারেক রহমানের উদ্দেশে চিঠিতে ট্রাম্প লিখেছেন, 'আমাদের দুই দেশের অংশীদারত্ব পারস্পরিক শ্রদ্ধা এবং একটি মুক্ত ও অবাধ ভারত-প্রশান্ত মহাসাগরীয় (ইন্দো-প্যাসিফিক) অঞ্চল গড়ে তোলার অভিন্ন স্বার্থের ওপর ভিত্তি করে প্রতিষ্ঠিত; যেখানে শক্তিশালী, সার্বভৌম দেশগুলো সমৃদ্ধি লাভ করতে পারে। আপনার মেয়াদ শুরুর এই সময়ে আমি আশা করি, আমাদের পারস্পরিক বাণিজ্য চুক্তি বাস্তবায়নের মাধ্যমে বাণিজ্যিক সম্পর্কের দারুণ গতি ধরে রাখতে আপনি আমাকে সাহায্য করবেন। এই চুক্তিতে আমাদের উভয় দেশের কৃষক ও শ্রমিকেরা সুবিধা পাবেন।' চিঠিতে প্রতিরক্ষা সহযোগিতার বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট বলেন, 'আমি আরও আশা করি, আপনি প্রতিরক্ষা চুক্তিগুলো দ্রুত সম্পন্ন করতে কার্যকর পদক্ষেপ নেবেন, যা শেষ পর্যন্ত আপনার সামরিক বাহিনীকে আমেরিকার তৈরি অত্যাধুনিক সামরিক সরঞ্জাম ব্যবহারের সুযোগ করে দেবে।'

ট্রাম্প আরও লিখেন, 'যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের সম্পর্ককে আগের যেকোনো সময়ের চেয়ে আরও শক্তিশালী করতে আমি আপনার সঙ্গে কাজ করার অপেক্ষায় আছি। বাংলাদেশে নিযুক্ত আমার রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনের ওপর আমার পূর্ণ আস্থা রয়েছে। একসঙ্গে কাজ করার মধ্য দিয়ে আমাদের উভয় জাতিকে আরও সমৃদ্ধ ও নিরাপদ করার সুযোগ রয়েছে।' চিঠির শেষে মার্কিন প্রেসিডেন্ট তারেকের আগামী দিনগুলোর জন্য শুভকামনা জানান।





GOLDEN AGE HOME CARE
GOLDEN
HOME
PCA HOME CARE সেবা
আমাদের
আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.
Tel: 718-775-
Cell: 646-591-
Email:
আমাদের নিজস্ব PCA ও HHA
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834
HILLSIDE AVE.
170-18A
Jamaica, NY
Ph: 718-530-
Fax: 917-396-
Email:


AGE
R E
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903









## ইউকে বাংলা রিপোর্টার্স ইউনিটির অভিষেক সম্পন্ন

৩ পৃষ্ঠার পর

বিশিষ্ট নতুন ইসি কমিটিকে পরিচয় করিয়ে দেন। পরে অভিষেক অনুষ্ঠানে রিপোর্টার্স ইউনিটির নতুন প্রেসিডেন্ট, মুহাম্মদ শাহেদ রাহমানের সভাপতিত্বে অনুষ্ঠান শুরু হয়। অভিষেক অনুষ্ঠান পরিচালনা করেন নবনির্বাচিত সেক্রেটারী আব্দুল বাছির। এ অনুষ্ঠানে একটি পর্বে "বিশ্বব্যাপী ঝুঁকিপূর্ণ সাংবাদিকতা ও এআই ভূমিকা শীর্ষক সেমিনারে কী নোট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন - এনজেলা রাসকিন ইউনিভার্সিটি, ক্যামব্রিজের সিনিয়র লেকচারার ড. অসীম চক্রবর্তী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন রুপহল হোসেন চৌধুরী, এমবিই, এমএসপি (মেম্বার অব দ্য স্কটিশ পার্লামেন্ট)। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লন্ডন বারা অব নিউহ্যাম কাউন্সিলের ডেপুটি মেয়র কাউন্সিলর নাহানারা সাদের এবং লন্ডন বারা অব ক্রয়ডন কাউন্সিলের ডেপুটি সিভিক মেয়র কাউন্সিলর মোহাম্মদ ইসলাম।

অতিথিবৃন্দ রিপোর্টার্স ইউনিটির ২ জন সদস্যের সারা বছর সাংবাদিকতায় বিশেষ অবদানের জন্য ইউকে বিআরইউ অ্যাওয়ার্ড ২০২৫ তুলে দেন। এই সংগঠনের সদস্যদের নিজ নিজ পত্রিকায় প্রকাশিত অনুসন্ধানী প্রতিবেদনের জন্য ইউকে বিআরইউ বেস্ট ইনভেস্টিগেটিভ রিপোর্টার অব দ্য ইয়ার ২০২৫ ক্রেস্ট পেয়েছেন, দৈনিক একাত্তরের যুক্তরাজ্য প্রতিনিধি বেলাল আহমেদ বকুল। ইউকে বিআরইউ বেস্ট ফিচার রাইটিং অ্যাওয়ার্ড ২০২৫ পেয়েছেন সংগঠনের সদস্য, সিলেট মিরর এর ভ্রাম্যমাণ প্রতিনিধি শাহ মনসুর আলী নোমান। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন কমনওয়েলথ জার্নালিস্ট এসোসিয়েশনের সহ-সভাপতি সৈয়দ নাহাশ পাশা, গবেষক ফারুক আহমেদ, সাংবাদিক মতিয়ার চৌধুরী, নতুনবাণীর সম্পাদক সৈয়দ আনাস পাশা, জনমতের সহকারী সম্পাদক মোসলেহ উদ্দিন আহমেদ, সাংবাদিক কামাল মেহেদী, পলিটিক্স নিউজের সম্পাদক তানভীর আহমেদ, লন্ডন বাংলা প্রেস ক্লাবের সহ-সভাপতি আহাদ চৌধুরী বাবু, এসিসটেন্ট সেক্রেটারী আব্দুল কাদির চৌধুরী মুরাদ, বাংলাদেশ প্রেসক্লাব ইউকের সভাপতি শাকির হোসেন প্রমুখ।




## বাংলাদেশ সোসাইটির ছয় ইফতার

৩৪ পৃষ্ঠার পর

বাংলাদেশীদের মাদার সংগঠন বাংলাদেশ সোসাইটি। ১ মার্চ থেকে শুরু করে এ ইফতার অনুষ্ঠান চলবে ১৩ মার্চ পর্যন্ত। ইফতার আয়োজনের জন্য একটি কমিটিও গঠন করা হয়েছে। কমিটির আহ্বায়ক সংগঠনের সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল সদস্য সচিব সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ। বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির মাসিক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভা সূত্রে জানা গেছে, সোসাইটি পক্ষ থেকে এবার ছয় জায়গায় আলাদাভাবে ইফতার আয়োজন করা হবে। ১ মার্চ ২০২৬, রবিবার উডহ্যাভেন বুলেভার্ডের জ্যাক হলে প্রধান ইফতার আয়োজন হবে। এর পর ৯ মার্চ সোমবার ওজোন পার্কের বৈঠক খানা রেস্টুরেন্টে দ্বিতীয় ইফতার। ১০ মার্চ মঙ্গলবার ব্রুকলিনের রাধুনি রেস্টুরেন্টে, ১১ মার্চ বুধবার ব্রংক্সের গোল্ডেন প্যালেস, ১২ মার্চ বৃহস্পতিবার জ্যামাইকার ইফসা পার্টি হলে এবং ১৩ মার্চ শুক্রবার জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে শে ইফতার অনুষ্ঠিত হবে।

সভায় আগামী ১ মার্চ রোববার বাংলাদেশের সোসাইটির বার্ষিক কোরআন তেলাওয়াত প্রতিযোগিতা, ইফতার ও দোয়া মাহফিলের আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। আয়োজনকে সফল করতে সংগঠনের সহ-সভাপতি কামরুজ্জামান কামরুল আহবায়ক ও সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজকে সদস্য সচিব করে আহ্বায়ক কমিটি গঠন করা হয় কমিটির অন্যান্য কর্মকর্তারা হলেন যুগ্ম আহবায়ক স্কুল ও শিক্ষা সম্পাদক- মোহাম্মদ হাসান (জিলানী), যুগ্ম সদস্য সচিব কার্যকরী সদস্য আবুল কাশেম চৌধুরী এবং সংগঠনের সাংগঠনিক সম্পাদক ছিদ্দিক খানকে প্রধান সমন্বয়কারী হিসেবে দায়িত্ব দেওয়া হয়।

সোসাইটির মাসিক সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম। সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর পরিচালনায় সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজ্জামান কামরুল, কোষাধ্যক্ষ- মফিজুল ইসলাম ভূঁইয়া, সাংগঠনিক সম্পাদক- ছিদ্দিক খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, জনসংযোগ ও প্রচার সম্পাদক- রিজু মোহাম্মদ, স্কুল ও শিক্ষা সম্পাদক- মোহাম্মদ হাসান (জিলানী), কার্যকরি সদস্য- জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, আবুল কাশেম চৌধুরী ও হাসান খান। শিশুদের কোরআন তেলাওয়াতের প্রতিযোগিতা একই দিন করার সিদ্ধান্ত নিয়ে এব্যাপারে সোসাইটির জনসংযোগ ও প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ কে দায়িত্ব দেওয়া হয়েছে।


বাংলাদেশী আমেরিকান ইউএসপিএস ইমপ্লয়ি এসোসিয়েশন
Bangladeshi American USPS Employee Association
সুন্দর আগামীই আমাদের লক্ষ্য
EXECUTIVE COMMITTEE 2026-2027
President Mohammad M Milon
Vice president Lutfor Rahman
Vice president Shahana Hussain
Vice president Touhidul Chowdhury
Joint Secretary Saima Chowdhury
Joint Secretary M A Wadud
General Secretary A K M Milon
Organizational Secretary Uttam Dutta
Organizational Secretary Md. Hassan
Treasurer Md. Ibrahim Khalil
Registration secretary Mizanur Rahman Shapon
Woman secretary Kakoli
Woman secretary Soma Poddar
Religion Secretary Md. Shuza Uddin
Religion Secretary Dipak Ghosh
Cultural Secretary Pradip Biswas
Sports Secretary Md. Nur Uddin
Sports Secretary Ashim Kumar Das
Media Secretary Dalia Rahman
Office Secretary Sukti Mosammat
Office Secretary Banani Bala
EXECUTIVE MEMBER 2026-2027
Sujan
Md Manikuzzaman
Akhil Ojha
Probir Datta
Abdul Haque
Md. Mezbahur Rahman
Fatema Begum
Md Rasel Ahmed
Dipangkar Mondal
Solaiman
Samiul Alam Suvo
Sunny Hussain
Sonia Mojumder
Tanzin Fargana
Sajal
Mohammad Based
Debel Datta
Ruhul Amin
Ajmarry Akhter
Keshav
Pronoy

## মহানবীর প্রধান নীতি অসহায় মানুষকে সাহায্য করা

২৫ পৃষ্ঠার পর

অঙ্গীকারের উদ্যোগ নেওয়া হয়। রাসুলুল্লাহ (সা.) বলেন, আমি আবদুল্লাহ জুদআনের ঘরে একটি অঙ্গীকারে উপস্থিত ছিলাম, যা আমার কাছে লাল উটের চেয়ে প্রিয়। যদি ইসলাম আগমনের পরও আমাকে এ কাজের জন্য আহ্বান করা হতো তবে আমি সাড়া দিতাম। (খাতামুন নাবিয়িন, পৃষ্ঠা ১৩৫)।

২. ইরাশি ব্যক্তির উটের মূল্য উদ্ধার : আল্লামা ইবনে হিশাম লেখেন, একবার ইরাশ গোত্রের এক ব্যক্তি উট বিক্রির জন্য মক্কায় আসে। আবু জাহেল ওই ব্যক্তির কাছ থেকে উট নেনে, কিন্তু মূল্য পরিশোধে টালবাহানা শুরু করে। অসহায় ইরাশি ব্যক্তি মক্কায় জনসমাগমে উপস্থিত হয়ে সাহায্য প্রার্থনা করে। তখন লোকেরা তাকে রাসুলুল্লাহ (সা.)-এর কাছে যাওয়ার পরামর্শ দেয়। লোকটি রাসুলুল্লাহ (সা.)-এর কাছে সাহায্য চাইলে তিনি আবু জাহেলের বাড়িতে উপস্থিত হন এবং তার কাছ থেকে মূল্য আদায় করে লোকটিকে দেন। (দালায়েলুন নুবুওয়াহ, পৃষ্ঠা ১৬৬)।

৩. দুর্বলের ওপর অত্যাচারীদের মুক্তি নেই : জাবির (রা.) বলেন, সমুদ্রের মুহাজিররা (ব্যবসায় হিজরতকারী প্রথম দল) রাসুলুল্লাহ (সা.)-এর কাছে প্রত্যাবর্তন করলে তিনি বলেন, তোমরা হাবশায় যেসব আশ্চর্যজনক বিষয় দেখেছ তা কি আমার কাছে ব্যক্ত করবে না? তাদের মধ্য থেকে এক যুবক বললেন, হ্যাঁ, হে আল্লাহর রাসুল! একবার আমরা বসা ছিলাম, আমাদের সামনে দিয়ে এক বৃদ্ধা মাথায় পানিভর্তি কলস নিয়ে যাচ্ছিল। তখন এক যুবক তার কাঁধে হাত রেখে ধাক্কা দিলে সে উপুড় হয়ে পড়ে যায় এবং তার কলসটি ভেঙে যায়। সে উঠে দাঁড়িয়ে যুবকের দিকে তাকিয়ে বলল, 'হে দাগাবাজ! তুমি অচিরেই জানতে পারবে যখন আল্লাহ তাআলা ইনসাফের আসনে উপবিষ্ট হয়ে পূর্বাপর সব মানুষকে সমবেত করবেন এবং হাত-পাগুলো তাদের কৃতকর্মের বিবরণ দেবে তখন তুমিও জানতে পারবে সেদিন তোমার ও আমার অবস্থা কী হবে। রাসুলুল্লাহ (সা.) বললেন, এই বৃদ্ধা সত্য কথাই বলেছে। আল্লাহ সেই উম্মতকে কিভাবে গুনাহ থেকে মুক্ত করবেন, যাদের সবলদের থেকে দুর্বলদের প্রাপ্য আদায় করে দেওয়া হয় না। (সুনানে ইবনে মাজাহ, হাদিস : ৪০১০)।

৪. আল্লাহ আরো বেশি শক্তিধর : আবু মাসউদ আনসারি (রা.) বলেন, একবার আমি আমার এক দাসকে প্রহার করছিলাম। এমন সময় পেছন থেকে শব্দ শুনতে পেলাম, হে আবু মাসউদ! জেনে রাখো, আল্লাহ তোমার ওপর এর চেয়ে বেশি ক্ষমতাবান। আমি পেছন থেকে এমন শব্দ দুইবার শুনতে পেলাম। আমি পেছন ফিরে দেখি, নবী (সা.)। আমি বললাম, হে আল্লাহর রাসুল! আল্লাহর সন্তুষ্টির জন্য আমি তাকে মুক্ত করে দিলাম। তিনি (সা.) বললেন, তুমি যদি তাকে মুক্ত করে না দিতে তাহলে জাহান্নামের আগুন তোমাকে গ্রাস করত। (সুনানে আবি দাউদ, হাদিস : ৫১৫৯)

আল্লাহ সবাইকে অসহায় মানুষের পাশে থাকার তাওফিক দিন। আমিন।









## বাংলাদেশী আমেরিকান ইউএসপিএস এসোসিয়েশনের কমিটি গঠন

৬৪ পৃষ্ঠার পর

হয়েছে। ২১ সদস্য বিশিষ্ট এক্সিকিউটিভ কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন মোহাম্মদ এম মিলন এবং সাধারণ সম্পাদক হয়েছেন এ কে এম মিলন। এছাড়াও রয়েছে ২১ সদস্য বিশিষ্ট এক্সিকিউটিভ মেম্বার কমিটি এবং ১৩ সদস্যের এডভাইজার কমিটি। "সুন্দর আগামীই আমাদের লক্ষ্য" এই স্লোগানকে ধারণ করেই নতুন এই কমিটির যাত্রা শুরু করেছে। যাতে করে সকল এর মাঝে একটা সম্প্রীতির বন্ধন তৈরী হয়। যেখানে একে অপরের বিপদে আপদে এবং যে কোনো অসুবিধায় হাতে হাত মিলিয়ে পাশে দাঁড়ানো ও সর্বতোভাবে সহায়তা প্রদান করা যায়। সংগঠনের সভাপতি মোহাম্মদ এম মিলন বলেন, আমরা চাই এই সংগঠনের মাধ্যমে বিভিন্ন স্থানে ছড়িয়ে ছিটিয়ে থাকা সকলকে একই ছাতার নিচে সংঘবদ্ধ করে তাদের দুঃখ সুখের সাথী ও সহায়তার হাত বাড়িয়ে দিতে। অর্থাৎ সকলের মাঝে প্রীতির বন্ধন তৈরী করা। তিনি এ ব্যাপারে সবার সহযোগিতা ও দোয়া কামনা করেন। পবিত্র মাহে রমজান ও অমর একুশে উপলক্ষ্যে তিনি সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

## নিউইয়র্কে কোভিড তহবিল প্রতারণায় ৮ বাংলাদেশি শনাক্ত

৬৪ পৃষ্ঠার পর

গত ১৩ ফেব্রুয়ারি আদালত তাদের মোট ১০ লাখ ৯১ হাজার ৭২০ ডলার পুনঃপ্রদান করার নির্দেশ দিয়েছে। তারা ইতিমধ্যে ৭ লাখ ৬০ হাজার ডলার স্টেটকে ফেরত দিয়েছে। দোষ স্বীকারকৃত আসামিরা হলেন: মাহবুব মালিক (এস্টোরিয়া, কুইন্স), তুফাইল আহমেদ (জ্যামাইকা, কুইন্স), ইউসুফ এমজি (এলমহার্স্ট, কুইন্স), মোহাম্মদ চৌধুরী বা খোকন আশরাফ (জ্যাকসন হাইটস, কুইন্স), নাদিম শেখ (নিউ হাইড পার্ক, নাসাউ), জাকির চৌধুরী (জ্যামাইকা, কুইন্স), মোহাম্মদ খান (জ্যামাইকা হিলস, কুইন্স), আনন্তীর মিলন (ফার্মিংডেল, নাসাউ), জুনেদ খান (সাফোক কাউন্টি)।

তদন্ত সূত্রে জানা গেছে, ২০২০ সালের জুন থেকে আসামিরা এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট পরিচালিত প্যানডেমিক স্মল বিজনেস রিকভারি গ্রান্ট প্রোগ্রামে ভুয়া অনলাইন আবেদন জমা দিয়ে হাজার হাজার ডলার আত্মসাৎ করেন। প্রতিটি লোন আবেদনে দাবি করা হয়েছিল যে তহবিল ব্যবসায়ের খরচ, যেমন প্যারোল, বাণিজ্যিক ভাড়া, মর্টগেজ, ইউটিলিটি এবং সরবরাহ সামগ্রী মেটাতে প্রয়োজন। কিন্তু প্রাপ্ত অর্থ প্রায় সঙ্গে সঙ্গে তাদের ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্টে স্থানান্তর করা হয়। নিউইয়র্ক স্টেট ইন্সপেক্টর জেনারেল অফিস ২০২৪ সালের মে মাসে এ মামলার তদন্ত শুরু করে এবং কুইন্স জেলা অ্যাটর্নি অফিসকে প্রেরণ করে। ২০২৫ সালের ৬ থেকে ৯ মের মধ্যে আসামিরা পৃথকভাবে আত্মসমর্পণ করেন।

ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা কাটজ বলেন, এই ৯ জন আসামি স্বীকার করেছেন যে তারা কোভিড-১৯ মহামারির সময় সংগ্রামরত ব্যবসায়ীদের জন্য নির্ধারিত রাজ্য তহবিল চুরি করেছেন। এই তহবিলগুলো নিউইয়র্কবাসীর জন্য একটি অপ্রত্যাশিত সংকট থেকে বাঁচাতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল। দোষী স্বীকারের অংশ হিসেবে, তারা এখন পুনঃপ্রদান করতে বাধ্য। আমি আমার অফিসের ক্রমন ব্যুরো এবং নিউইয়র্ক স্টেট ইন্সপেক্টর জেনারেল অফিসকে ধন্যবাদ জানাই, যারা আমাদের সহযোগিতা করেছেন। ইন্সপেক্টর জেনারেল লুসি লাং বলেন, দুর্যোগ তহবিল ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করা যে কোনো সময়ই অপরাধ এবং লজ্জাজনক, বিশেষ করে একটি বৈশ্বিক স্বাস্থ্য সংকটের সময়। আজকের দোষী স্বীকার এবং মিলিয়ন ডলারের ট্যাক্সপেয়ারের অর্থ উদ্ধার সম্ভব করার জন্য আমার অফিসের টিম, জেলা অ্যাটর্নি কাত্জ এবং আমাদের আইনপ্রয়োগকারী সহযোগীদের ধন্যবাদ। মামলার তদন্ত পরিচালনা করেছেন কুইন্স জেলা অ্যাটর্নি অফিস এবং ইন্সপেক্টর জেনারেল অফিসের যৌথ টিম, যেখানে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করেছেন এনওয়াইপিডি স্কোয়াডের সদস্যরা। মামলাটি পরিচালনা করেছেন অ্যাসিস্ট্যান্ট জেলা অ্যাটর্নি অলিয়া জোসেফ, এবং তত্ত্বাবধানে ছিলেন হানা সি কিম ও এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট জেলা অ্যাটর্নি জোসেফ টি কসলি।

## রমজানের প্রয়োজনীয় মাসয়ালা-মাসায়িল

২৫ পৃষ্ঠার পর

অতঃপর রোজা ভেঙে গেছে মনে করে ইচ্ছা করে পানাহার করল, তাহলে রোজা নষ্ট হয়ে যাবে এবং কাজা করা জরুরি [মুসান্নাফে ইবনে আবি শাইবা ৬/১৪৯]। পাথরের কণা, মাটি, ঘাস, কাগজ ইত্যাদি মোটকথা যা সাধারণ আহারযোগ্য নয় বা কোনো উপকারে আসে না তা খেলেও রোজা ভেঙে যাবে এবং কাজা করতে হবে [বাদায়িউস, ৪/৯৯]। দাঁত থেকে রক্ত বের হয়ে যদি থুথুর সঙ্গে ভেতরে চলে যায়। আর রক্তের পরিমাণ যদি থুথুর সমান বা বেশি হয় তাহলে রোজা ভেঙে যাবে [বোখারি ১/২৬০]। বিড়ি, সিগারেট, হুঁকা পান করলে রোজা ভেঙে যাবে এবং কাজা করা জরুরি [শামি ৩/৩৬৬]।

কঠিন অসুস্থতার কারণে যদি কোনো মানুষ রোজা ভেঙে ফেলে, তাহলে শুধু কাজা করতে হবে। কাফফারা দেওয়া লাগবে না [আলবাহরুর রায়েক ২/১৮৯]। যদি কোনো ব্যক্তি ইচ্ছাকৃত রোজা ভেঙে ফেলে অতঃপর খুব অসুস্থ হয়ে যায় অথবা কোনো নারীর হায়েজ হয়, তাহলে শুধু কাজা করতে হবে। কাফফারা দেওয়া লাগবে না [হিন্দিয়া ১/২০৬]। রোজা অবস্থায় স্ত্রীর সঙ্গে তার স্বামী জোর করে সহবাস করলে স্ত্রীকে শুধু কাজা আদায় করতে হবে। কাফফারা নয় [তাতারখানিয়া ৩/৩৬৪]।

যদি কোনো ব্যক্তি রোজা অবস্থায় সফর করে তার জন্য কোনো ওজর ছাড়া রোজা ভেঙে ফেলা অনুচিত। যদি ভেঙে ফেলে তাহলে শুধু কাজা জরুরি, কাফফারা নয় [আলমগিরি ১/২০৬]। যদি কোনো পুরুষের প্রস্রাবের রাস্তায় কোনো ওষুধ দেওয়া হয় আর অণ্ডকোষ পর্যন্ত পৌঁছে, তাহলে রোজা ভেঙে যাবে অন্যথায় নয় [আলবাহরুর রায়েক ২/১৮৩]। কোনো নারীর লজ্জাস্থানে ওষুধ লাগানোর সঙ্গে সঙ্গেই রোজা ভেঙে যাবে [বাহরুর রায়েক ২/৪৮৮]।

ইফতারের দোয়া

উচ্চারণ : আল্লাহুম্মা লাকা ছুমতু ওয়া আলা রিজকিকা আফতারতু বিরাহমাতিকা ইয়া আরহামার রাহিমিন।

অর্থ : হে আল্লাহ! আমি তোমারই সন্তুষ্টির জন্য রোজা রেখেছি এবং তোমারই দেওয়া রিজিকের মাধ্যমে ইফতার করছি।

তারাবিহর নামাজ

রমজানে এশার নামাজের পর বিশ রাকাত তারাবিহ দশ সালামের সঙ্গে আদায় করা পুরুষ ও মহিলা সবার জন্য সুন্নাতে মুয়াক্কাদাহ [দুররে মুখতার ২/৪২৯]।

ইতিকাফ : শরিয়তের পরিভাষায় ইতিকাফ বলা হয়-ইতিকাফের নিয়তে পুরুষের এমন মসজিদে অবস্থান করা যেখানে পাঁচ ওয়াক্ত নামাজ জামাতের সঙ্গে আদায় করা হয় এবং কোনো মহিলার নিজ গৃহে নামাজের স্থানে অথবা ঘরের এক কোণে অবস্থান করাকে ইতিকাফ বলে।

নারীদের ইতিকাফ : কোনো মহিলা ইতিকাফ করতে চাইলে সে বাড়ির কোনো একটি কামরায় ইতিকাফ করতে পারে। আর ওই কামরা তার জন্য মসজিদের মতো। অর্থাৎ ওই কামরা থেকে প্রয়োজন ছাড়া বের হতে পারবে না। যদি বের হয়, তাহলে ইতিকাফ ভেঙে যাবে [আলমগিরী ১/২১১]।

রোজার আধুনিক মাসআলা : চোখে ওষুধ, ড্রপ বা সুরমা ইত্যাদি লাগালে রোজার কোনো ক্ষতি হয় না। [আবু দাউদ-১/৩৩২]। রোজা অবস্থায় শরীর থেকে রক্ত বের করে টেস্ট বা পরীক্ষা করালে রোজা ভঙ্গ হয় না। [আলমগিরি ১/১৯৯]। হৃৎপিণ্ডের অসুস্থতার কারণে যে ওষুধ জিহ্বার নিচে রাখা হয় তার দ্বারা রোজার কোনো ক্ষতি হবে না। তবে তা বিগলিত হয়ে থুথুর সঙ্গে মিশ্রিত হয়ে গলা বা পেটের মধ্যে ঢুকে গেলে রোজা ভেঙে যাবে [শামি ৩/৩৬৭]। যদি রোজা অবস্থায় এমন ইঞ্জেকশন গ্রহণ করে যা পেটের মধ্যে অথবা মস্তিষ্কের মধ্যে চলে যায়, তাহলে রোজা ভেঙে যাবে [জাওয়াহিরুল ফিকহ ১/৩৭৯]। শরীরে স্যালাইন লাগানোর দ্বারা রোজা নষ্ট হবে না। তবে একান্ত প্রয়োজন ছাড়া দেওয়া অনুচিত [তাতারখানিয়া ৩/৩৭৯]। ডায়ালাইসিস করার দ্বারা রোজা ভঙ্গ হবে না [আতারখানিয়া ৩/৩৭৯]। রোজা অবস্থায় অক্সিজেন নেওয়ার দ্বারা রোজা নষ্ট হয় না [আহকামে রমজান ৬৫]। হোমিওপ্যাথিক ওষুধের ঘ্রাণ নেওয়ার দ্বারা রোজা ভঙ্গ হয় না [মারাকিল ফালাহ ৫৪৩]। যদি পেট পরীক্ষা বা টেস্টের জন্য পেটের মধ্যে নাক বা গলা দিয়ে কোনো নল প্রবেশ করানো হয় আর তার মধ্যে কোনো ওষুধমিশ্রিত করা হয়, তাহলে রোজা নষ্ট হয়ে যাবে [মুফতিরাতিস সিয়ামুল মুআসারাহ ৪৫-৫২]।

রোজা ভঙ্গ হয় না যেসব কারণে

ভুল করে কোনো কিছু খেয়ে ফেললে রোজা ভঙ্গ হবে না [বোখারি শরিফ ১/২৫৯]। মশা-মাছি, কীটপতঙ্গ ইত্যাদি অনিচ্ছাকৃত পেটের ভেতর ঢুকে গেলেও রোজা ভাঙবে না [মুসান্নাফে ইবনে আবি শাইবা ৬/৩৪৯]। অনিচ্ছাকৃত বমি হলে [এমনকি মুখ ভরে হলেও] রোজা ভাঙবে না। তেমনি বমি মুখে এসে নিজে নিজেই ভেতরে চলে গেলেও রোজা ভাঙবে না [তিরমিজি ১/১৫৩]। রোজার কথা ভুলে গিয়ে পানাহার করলে রোজা নষ্ট হবে না। তবে রোজা স্মরণ হওয়ামাত্র পানাহার ছেড়ে দিতে হবে [মুসলিম ১/২০২]। দাঁত থেকে রক্ত বের হয়ে পেটের মধ্যে না গেলে রোজা ভাঙবে না [শামি ৩/৩৬৭]। কোনো খাদ্যদ্রব্য বুট বা ছোট ছোলার কম পরিমাণ যদি দাঁতের সঙ্গে লেগে থাকে ও গলার ভেতর চলে যায়, তাহলে রোজা ভাঙবে না [হিন্দিয়া ১/২০২]। হ্যাঁ, দাঁত থেকে বের করে হাতে নিয়ে স্বেচ্ছায় খেয়ে ফেললে রোজা নিশ্চিতভাবে ভেঙে যাবে [হিন্দিয়া ১/২০২]। অতিরিক্ত গরম বা পিপাসার কারণে যদি গোসলের মাধ্যমে শরীরকে ঠান্ডা করে তাহলেও রোজার কোনো ক্ষতি হবে না [হিন্দিয়া ১/২০৩]।

কুলি করার পর পানির অবশিষ্ট আর্দ্রতা থুথুর সঙ্গে গিলে ফেললে রোজার কোনো ক্ষতি হবে না [হিন্দিয়া ১/২০৩]। ঘাম অথবা চোখের অশ্রুর দু-এক ফোঁটা যদি অনিচ্ছায় মুখে চলে যায়, তাহলে রোজা নষ্ট হবে না [হিন্দিয়া ১/২০৩]। কানের ময়লা বের করার দ্বারাও রোজা ভাঙবে না [মারাকিল ফালাহ ৩৪২]। যদি পান খাওয়ার পর খুব ভালোভাবে কুলি করার পরও রোজা অবস্থায় থুথুর সঙ্গে লাল রং বের হয়, তাহলে কোনো সমস্যা নেই [হিন্দিয়া ১/২০৩]। নাক এত জোরে সাফ করা, যার ফলে কফ গলার মধ্যে চলে যায়, তাহলেও কোনো সমস্যা নেই [দুররে মুখতার ৩/৩৭৩]। রোজা অবস্থায় আতর বা ফুলের ঘ্রাণ নিলেও কোনো সমস্যা নেই [মারাকিল ফালাহ, ৩৬১]। শরীর বা মাথায় তেল ব্যবহার করলে রোজা ভাঙবে না, বরং তা বৈধ [মুসান্নাফে আব্দুর রাজ্জাক ৪/৩১৩]। রোজা অবস্থায় অনিচ্ছাকৃত মুখের মধ্যে ধুলাবালি ঢুকে গেলে রোজা ভাঙবে না [দুররে মুখতার ৩/৩৬৬]। যদি রোজাদারের গোসল করার সময় অথবা বৃষ্টিতে ভেজার সময় কানের মধ্যে অনিচ্ছায় পানি চলে যায়, তাহলে সর্বসম্মতিক্রমে রোজা নষ্ট হবে না [ফাতহুল কাদির ২/৩৩৭]। সুস্থ অবস্থায় রোজার নিয়ত করার পর যদি অজ্ঞান, অচেতন বা পাগল হয়ে যায়, তাহলে রোজা নষ্ট হবে না [সুনানে কুবরা বায়হাকি ৪/২৩৫]।

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

এয়ার টিকেটিং

হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

হোটেল বুকিং

ভিসা প্রোসেসিং

ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন?

- বিশেষজ্ঞ দল
- যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- প্রিমিয়াম সহায়তা
- নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

SAUDIA · QATAR AIRWAYS · Emirates · TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## অস্ট্রেলিয়ার পর এবার শ্রীলঙ্কাকে হারাল রাজার জিম্বাবুয়ে

৫২ পৃষ্ঠার পর

জয়ের পেছনে ওপেনার তাদিওয়ানাশে মারুমানি ও রায়ান বার্লের কার্যকর ইনিংসের ভূমিকাও আছে। ওপেনার মারুমানি খেলেছেন ২৬ বলে ৩৪ রানের ইনিংস, বার্ল ১২ বলে করেছেন ২৩ রান।
শ্রীলঙ্কার সংগ্রহটা আজ আরও বড় হতে পারত। অস্ট্রেলিয়ার বিপক্ষে সেঞ্চুরি করা পাতুম নিসাঙ্কা আজও খেলেছেন ৬২ রানের ইনিংস। তাঁর ব্যাটে প্রথম ৬ ওভারে দলটি তুলেছিল ৬১ রান। তবে ১০০ রানে পৌঁছাতে শ্রীলঙ্কার লাগে আরও ৬ ওভার। শেষ ৮ ওভারেও তারা করতে পেরেছে ৭৮ রান। জিম্বাবুয়ের লেগ স্পিনার গ্রায়েম ক্রেমার ২৭ রানে ২ উইকেট নেন।
সংক্ষিপ্ত স্কোর : শ্রীলঙ্কা: ২০ ওভারে ১৭৮/৭ (নিসাঙ্কা ৬২, রত্নানায়েকে ৪৪; ক্রেমার ২/২৭, ইভান্স ২/৩৫)। জিম্বাবুয়ে: ১৯.৩ ওভারে ১৮২/৪ (বেনেট ৬৩, রাজা ৪৫; মেন্ডিস ২/৩৬, শানাকা ১/২৬)। ফল: জিম্বাবুয়ে ৬ উইকেটে জয়ী। ম্যাচসেরা: সিকান্দার রাজা

## আত্মশুদ্ধির ফুল ফুটুক রোজাদারের রুহে

২৫ পৃষ্ঠার পর

করা হবে।' (সোলেমানিয়া বুক হাউস কর্তৃক অনূদিত মেশকাত শরিফ, পৃষ্ঠা ৩৪৭, হাদিস নং ১৮৫৭।)
আসুন এবার দেখে নেওয়া যাক, অসীম দয়ালু আল্লাহতায়ালা তাঁর গুনাহগার বান্দাদের পবিত্র ও পরিশুদ্ধ করার লক্ষ্যে এ মহিমান্বিত রমজান মাসকে কয়টি স্তরে বা শ্রেণিতে বিভক্ত করেছেন এবং প্রতিটি ভাগের বিশেষত্ব কী?
রমজান মাসে আল্লাহতায়ালা এ জগতের বুকে তাঁর বিশেষ রহমত ও বরকতের অবারিত ধারা বর্ষণ করে থাকেন। রমজানের পবিত্র ছোঁয়ায় একজন ইবাদতকারীর অন্তরে যে আমূল পরিবর্তন আসে, তার বিন্যাস করতে গিয়ে আল্লাহর রাসুল (সা.) এ মাসকে তিনটি শ্রেণিতে ভাগ করেছেন। এ প্রসঙ্গে হাদিস শরিফে এসেছে-
'হজরত সালমান ফারসি (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) বলেছেন-এ মাসের প্রথম দশ দিন রহমতের, দ্বিতীয় দশ দিন মাগফিরাতের এবং শেষ দশ দিন দোজখ থেকে মুক্তির।' (মিশকাতুল মাসাবিহ, হাদিস নং-১৯৬৫; সহিহ ইবনে খুজাইমা, হাদিস নং- ১৮৮৭)। আসলে মহান আল্লাহর বিশেষ তৌফিক ও অনুগ্রহ ছাড়া কোনো মানুষের পক্ষেই একাগ্রচিত্তে ইবাদতে মশগুল হওয়া সম্ভব নয়। রমজানের প্রতিটি বরকতময় মুহূর্ত মুমিনের হৃদয়ে ইবাদতের প্রতি এক নতুন আগ্রহ ও ব্যাকুলতা জাগিয়ে তোলে। ফলে একজন ইমানদার বান্দা স্বতঃস্ফূর্তভাবেই আল্লাহর ইবাদতে মগ্ন হয় এবং তাঁর অসীম দয়া লাভের পথ নিজের জন্য প্রশস্ত করে নেয়। রমজানের প্রথম দশ দিন অর্থাৎ রহমতের এ সময় ইবাদতে কাটিয়ে দেওয়ার পর বান্দার অন্তরে আল্লাহর প্রতি এক গভীর প্রেম ও ভালোবাসা সৃষ্টি হয়। এ পবিত্র প্রেমের টানেই সে তার অতীতের ভুল-ত্রুটি ও নাফরমানির কথা স্মরণ করে অনুশোচনায় দগ্ধ হতে থাকে। সে অত্যন্ত আকুল হয়ে আল্লাহর দরবারে ক্ষমা ভিক্ষা করে এবং তার মনে পাপের প্রতি এক তীব্র ঘৃণা জন্মায়। রমজানের দ্বিতীয় দশকে অর্থাৎ মাগফিরাতের সময়টিতে বান্দা এ ইবাদতের মাধ্যমেই আল্লাহর ক্ষমা লাভের পরম সুযোগ পায়। তারপর আল্লাহতায়ালার দয়া হলে বান্দা তার কৃতকর্মের জন্য ক্ষমা লাভ করে ধন্য হয়। অতঃপর যখন তার অন্তর থেকে পাপের প্রতি ঘৃণা জন্মায়, তখন নফসের কোনো কুপ্রবৃত্তি তাকে আর সহজে গুনাহের দিকে টানতে পারে না। এর ফলে মুমিনের আত্মায় এক অনাবিল প্রশান্তি নেমে আসে, যা আর কোনো জাগতিক অশান্তি দ্বারা বিনষ্ট হতে পারে না। ঠিক এ কারণেই রমজানের শেষ দশ দিনের ইবাদতকে বলা হয়েছে দোজখ থেকে মুক্তির। তাই তো মাহে রমজানের শেষ দশকের নিস্তব্ধ রাতে ইমানদার বান্দারা লাইলাতুল কদর অন্বেষণে রত থাকেন ও ইতিকাফের মতো কঠোর সাধনার মধ্য দিয়ে রাব্বুল আলামিনের নৈকট্য লাভের আশায় তাদের হৃদয় ব্যাকুল হয়ে ওঠে।
সুফি-সাধকদের অভিমতে-রোজা মূলত তিনটি শ্রেণিতে বিভক্ত। যথা-সাধারণ শ্রেণি, মধ্যম শ্রেণি ও উত্তম শ্রেণির রোজা। সুবহে সাদিক থেকে সূর্যাস্ত পর্যন্ত শুধু পানাহার ও কামাচার থেকে বিরত থাকা হলো সাধারণ শ্রেণির রোজা। আবার পানাহার ও কামাচার বর্জনের পাশাপাশি সব ধরনের পাপাচার ও অন্যায় কাজ থেকে নিজেকে মুক্ত রাখাকে বলা হয় মধ্যম শ্রেণির রোজা। আর পানাহার ও কামাচার পরিত্যাগ করতঃ যাবতীয় পাপের কল্পনা থেকে মনকে পবিত্র রেখে সর্বক্ষণ মহান আল্লাহর জিকিরে নিমগ্ন থাকা হলো উত্তম শ্রেণির রোজা।
প্রকৃতপক্ষে, নিজের ভুলত্রুটি শুধরে নিয়ে নতুন করে জীবন সাজানোর জন্য মাহে রমজান হলো একজন মুমিনের কাছে সবচেয়ে বড় সুযোগ। এ মহিমান্বিত মাসে মহান আল্লাহর সন্তুষ্টি অর্জনে আমাদের প্রধান করণীয় হলো-দৈনিক ৫ ওয়াক্ত নামাজ আদায় করা, তারাবির নামাজ আদায় করা, পবিত্র কুরআন পাঠ করা, হজরত রাসুল (সা.)-এর প্রতি বেশি বেশি দরুদ ও সালাম পেশ করা, নফল নামাজের পাশাপাশি অধিক দোয়া ও ইস্তিগফার করা এবং সেইসঙ্গে প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গকে সর্ব প্রকার গুনাহ থেকে বাঁচিয়ে রাখা। নিয়মিত ইবাদত-বন্দেগির সঙ্গে সঙ্গে অভাবী মানুষের অভাব দূর করা, এতিম-মিসকিনদের পাশে দাঁড়ানো এবং বেশি বেশি দান-সদকার মাধ্যমে দরিদ্র মানুষের মুখে হাসি ফোটানো মুমিনের নৈতিক দায়িত্ব। সর্বোপরি, প্রতিটি আমল যেন লোক দেখানো না হয়ে শুধু মহান আল্লাহর সন্তুষ্টির জন্যই হয়, সেদিকে সজাগ দৃষ্টি রাখা। মূলত, এ কারণেই রোজা যেন শুধু আনুষ্ঠানিকতা না হয়, সে বিষয়ে সতর্ক করে রাসুলুল্লাহ (সা.) বলেছেন-
'এমন অনেক রোজা পালনকারী আছে, যাদের রোজা থেকে প্রাপ্তি শুধু ক্ষুধা আর তৃষ্ণা ছাড়া আর কিছুই নয়।' (সুনানে ইবনে মাজাহ, হাদিস নং- ১৬৯০)।
আর যথাযথভাবে রোজা পালনকারী ও মাহে রমজানের গুরুত্ব রক্ষাকারী বান্দাদের জন্য রাব্বুল আলামিন দিয়েছেন এক অনন্য সুসংবাদ। এ প্রসঙ্গে প্রসিদ্ধ হাদিসে কুদসিতে মহান আল্লাহ বলেন-
'রোজা আমারই জন্য, আর আমি নিজেই তার প্রতিদান।' (সহিহ বুখারি, হাদিস নং-১৮৯৪)।
পরিশেষে, পরম করুণাময়ের দরবারে ফরিয়াদ-মহিমান্বিত এ রমজান মাসে তিনি যেন আমাদের সবাইকে 'উত্তম শ্রেণির' রোজা পালনের মাধ্যমে অন্তরকে পরিশুদ্ধ করে তাঁর নৈকট্য ও নিজেদের সৌভাগ্য লাভের পথ সুগম করে দেন, আমিন।
লেখক : সহযোগী অধ্যাপক, ইসলামিক স্টাডিজ বিভাগ, দি পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ।

## নিউইয়র্ক সিটির প্রপার্টি ট্যাক্স বাড়াতে চান মামদানি

৬৪ পৃষ্ঠার পর

কাউন্সিল ও মেয়রের সিদ্ধান্তে নির্ধারিত হয়। বর্তমানে এক, দুই ও তিনতলা বিশিষ্ট বাড়ির জন্য প্রপার্টি ট্যাক্সের হার প্রায় ২০ শতাংশ, আর কো-অপ, কন্ডো এবং চারটির বেশি ইউনিটের ভবনের ক্ষেত্রে হার ১২ শতাংশের কিছু বেশি।
মেয়র মামদানি তার উদ্বোধনী ভাষণে নিউইয়র্কের সম্পত্তি কর ব্যবস্থাকে "ভাঙা" বা অকার্যকর বলে উল্লেখ করেন। তিনি বলেন,"আপনি কী খান, কোন ভাষায় কথা বলেন, কীভাবে প্রার্থনা করেন বা কোথা থেকে এসেছেন-সবকিছুর ঊর্ধ্বে যে দুটি শব্দ আমাদের পরিচয় নির্ধারণ করে, তা হলো 'নিউইয়র্কার' এবং এই দীর্ঘদিনের ভাঙা সম্পত্তি কর ব্যবস্থা সংস্কার করবে নি ইয়র্কাররাই।" তবে এখন পর্যন্ত কোনো নির্দিষ্ট সম্পত্তি কর সংস্কার পরিকল্পনা উপস্থাপন করা হয়নি। মেয়র মামদানি জানিয়েছেন, কর বৃদ্ধি তার জন্য শেষ বিকল্প। একই সঙ্গে তিনি গভর্নর ক্যাথি হোকুলের ওপর চাপ দিচ্ছেন যেন ধনী নিউইয়র্কার এবং করপোরেট প্রতিষ্ঠানগুলোর ওপর কর বাড়ানো হয়। মেয়র বলেন, "এগুলো এমন কোনো পথ নয় যা আমরা স্বেচ্ছায় নিতে চাই-এগুলো একেবারে শেষ অবলম্বনের বিকল্প।"

## মানবতার কল্যাণে মুসলিম যুবকের দায়িত্ব ও কর্তব্য

২৫ পৃষ্ঠার পর

আল্লাহতায়ালা ঘোষণা করেছেন, 'আমি জিন ও মানুষকে এজন্য সৃষ্টি করেছি যে, তারা শুধু আমারই ইবাদত করবে।' অন্যত্র তিনি বলেন, 'অবশ্যই আমরা প্রত্যেক জাতির মধ্যে রাসুল প্রেরণ করেছি এই নির্দেশ দিয়ে যে, তোমরা আল্লাহরই ইবাদত কর এবং তাগুত বর্জন কর।' শিরক, অর্থাৎ আল্লাহর সঙ্গে অন্যকে সমান বা সহকর্তা বানানো, কুরআনে বড় অন্যায় হিসাবে উল্লেখ করা হয়েছে। আল্লাহ বলেন, 'আর যে কেউ আল্লাহর সঙ্গে শিরক করে, সে সুদূর ভ্রান্তিতে নিপতিত হয়।'
মানব ও জিন সৃষ্টির মূল উদ্দেশ্য হলো আল্লাহর একত্ব প্রতিষ্ঠা এবং অন্য দাসত্ব বর্জন। কিন্তু আজকের বিশ্বের বৃহত্তর অংশে মানুষের মধ্যে শিরকের ছোঁয়া লক্ষ করা যায়। সমাজে প্রবেশ করেছে মানব রচিত বিধানের গোলামি এবং অহেতুক নিয়ম-কানুন, যার ফলে সমাজে প্রবল অনৈতিকতা, লোভ, স্বার্থপরতা ও অত্যাচার ছড়িয়ে পড়ছে। মুসলিম যুবকরা এ পরিস্থিতি পরিবর্তন করতে পারে। তাদেরই চির-জাগ্রত অগ্রগামী সৈন্যদল হিসাবে দায়িত্ব পালন করতে হবে।
যুবকরা মানুষের কষ্ট দূর করে নতুন আশা ও আশ্বাস দিতে পারে। তারা সত্য ও ন্যায় প্রতিষ্ঠার মাধ্যমে সমাজে আলোর সন্ধান আনতে পারে। কুরআন ও সুন্নাহ স্পষ্ট নির্দেশ দিয়েছে-'আর রাসুল তোমাদের যা দেন, তা গ্রহণ কর এবং যা হতে নিষেধ করেন, তা থেকে বিরত থাক।' রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'যে ব্যক্তি আমাদের দীনে নতুন কিছু সৃষ্টি করবে যা এর অন্তর্ভুক্ত নয়, তা প্রত্যাখ্যাত।' শিক্ষা মানব মনের সব আবিলতা দূর করতে, চরিত্র নির্মাণ করতে এবং হক-বাতিলের পার্থক্য নিরূপণে সাহায্য করতে পারে। মহান আল্লাহ বলেন, 'যারা জানে এবং যারা জানে না তারা কি সমান? জ্ঞানী ব্যক্তিরাই শুধু উপদেশ গ্রহণ করে।' তিনি প্রথমে পড়ার নির্দেশ দেন, 'পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন।'
রাসুলুল্লাহ (সা.) বলেছেন, 'আল্লাহ যার জন্য কল্যাণ চান তাকে দীনি জ্ঞান দান করেন।' তিনি আরও বলেন, 'আল্লাহ সেই ব্যক্তির শ্রীবৃদ্ধি করেন, যে ব্যক্তি আমাদের কাছে কিছু শ্রবণ করে তা অন্যের কাছে ঠিক সেভাবেই পৌঁছে দেয়।' মুসলিম যুবক প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি ইসলামি মূল্যবোধ শিক্ষা অর্জন করবে, যা তাকে বর্তমান বিশ্বের সমস্যা ও প্রেক্ষাপট নিরীক্ষণ করতে সক্ষম করবে।
এ শিক্ষার মাধ্যমে যুবকরা মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় সক্রিয় ভূমিকা রাখতে পারবে। সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ ইসলামি সমাজ ও জাতির উন্নতির মূল ভিত্তি। আল্লাহ বলেন, 'তোমাদের মধ্যে এরূপ একটি সম্প্রদায় থাকা উচিত যারা কল্যাণের দিকে আহ্বান করে এবং ভালো কাজের আদেশ দেয় এবং মন্দ কাজ থেকে নিষেধ করে। আর তারাই সফলকাম।' পৃথিবীতে যুগে যুগে মহামানবেরা কুরআন ও সুন্নাহর আদর্শ অনুসরণ করে মানবজাতিকে সৎ কাজে আহ্বান জানিয়েছেন। মুসলিম যুবকের দল এ ঐতিহ্যের ধারক। আজকের সমাজে দেখা যায় মানুষের অধঃপতন, নিপীড়ন, লাঞ্ছনা ও অপমান। যুবকরা সত্য ও ন্যায় প্রতিষ্ঠায় এগিয়ে এসে এ অবস্থা প্রতিরোধ করতে পারে।
সত্য-মিথ্যার দ্বন্দ্ব চিরকালীন। আল্লাহ ঘোষণা করেছেন, 'সত্য সমাগত হয়েছে এবং মিথ্যা অপসৃত হয়েছে।' মুসলিম যুবক সত্যের জন্য জীবন বাজি রাখতে পারে, নতুন প্রভাত আনতে পারে। মানবজাতির দুঃখ-বেদনা, শোষণ ও অপমান দূর করতে পারে।
ইসলামি যুবকের দায়িত্ব মানবিক মূল্যবোধ ও নৈতিকতা প্রতিষ্ঠায়। আল্লাহ বলেন, 'তোমরা নেকি ও তাকওয়ার কাজে পরস্পরকে সাহায্য কর। পাপ ও সীমালঙ্ঘনের কাজে সহযোগিতা কর না।' যুবকরা মানবসেবার মহৎ আদর্শ ধারণ করে, ইসলামের বিশ্বব্যাপী মানবিক প্রতিশ্রুতি পূর্ণ করবে।
মুসলিম যুবকরা কুরআন ও সুন্নাহর আদর্শ প্রতিষ্ঠা করে সমাজে ন্যায়, সততা ও মানবিকতা প্রতিষ্ঠা করবে। যুবকরা জীবনকে বাজি রেখে মানব জীবনের সুখ ও শান্তির সন্ধানে ছুটবে। আল্লাহর জন্য সর্বশেষ সমর্পণই তাদের মূল লক্ষ্য।
আজকের বিশ্বে মানবতার সংকট চরম আকার ধারণ করেছে। অশান্তি, নির্যাতন, নিপীড়ন, লাঞ্ছনা ও অসংখ্য সমস্যার মধ্যে মানবতা কাঁদছে। মুসলিম যুবকের দায়িত্ব হলো ইসলামি শরিয়াহ নির্দেশিত পথের মাধ্যমে সমাজে ন্যায়, শিক্ষা ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠা করা। যুবকরা এ দায়িত্ব পালন করলে পৃথিবী সত্য, ন্যায় ও মানবিকতার একটি জাগ্রত কেন্দ্র হয়ে উঠবে। মুসলিম যুবকের দলকে চির অঙ্গীকারবদ্ধ হতে হবে কুরআন ও সুন্নাহর চিরন্তন মূল্যবোধ প্রতিষ্ঠায়। জীবনকে বাজি রেখে মানব জীবনের সুখ ও শান্তির প্রলেপের সন্ধানে তারা ছুটবে। বাতিলের চোখরাঙানি উপেক্ষা করে তারা অন্তরের অন্তঃস্থলে অনুভব করবে, 'আমার সালাত, আমার কুরবানি, আমার জীবন ও আমার মরণ সবকিছু বিশ্বজাহানের রব আল্লাহর জন্য।' একদিন তারা সফল হবেই ইনশাআল্লাহ। প্রতিষ্ঠিত হবে কুরআন ও সুন্নাহর সহজ-সরল, সুমহান আদর্শ। মুসলিম যুবক সমাজে সত্য, ন্যায় ও মানবিকতার আলো ছড়াবে।
লেখক : গবেষক ও ইসলামি চিন্তাবিদ।


হ্যান্ডস অন
ফিজিক্যাল থেরাপি
রিহাবিলেইশন
এ. ভূঁইয়া
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট
আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।
* পিঠ ব্যথা
* ঘাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা
ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ
আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি
75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100





হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়





ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)
ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।
হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center
এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিস: (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিস: (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।


JALALABAD ASSOCIATION OF AMERICA, INC.
জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক
২২
ফেব্রুয়ারি ২০২৬, রোববার
GULSHAN TERRACE
59-15 37th Ave
Woodside, NY 11377
পবিত্র
কোরআন তেলাওয়াত
প্রতিযোগিতার গ্রান্ড ফাইনাল
ইফতার ও দোয়া মাহফিল
GRAND SPONSOR:
SHAMSHER ALI
President & CEO
APOLLO INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC. 718.472.9800
আসসালামু আলাইকুম
সম্মানিত সুধী, পবিত্র মাহে রমজান উপলক্ষে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইন্‌ক-এর আয়োজনে প্রবাসের নতুন প্রজন্মের ছেলে ও মেয়েদের জন্য আয়োজিত কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার ফাইনাল ও ইফতার এবং দোয়া মাহফিলে সকল জালালাবাদবাসী সহ প্রবাসীদের উপস্থিত হওয়ার জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানাচ্ছি।
উপ-কমিটি
শামীম আহমেদ
আহ্বায়ক
৩৪৭-৬৩৬-৫১৫৩
মোঃ শফিউদ্দিন তালুকদার
প্রধান সমন্বয়কারী
৬৪৬-৩৫৯-৪৮৭৩
মোঃ ফজল খান
সদস্য সচিব
৬৩১-৫০৭-৯৪২১
সদস্যঃ মোহাম্মদ আলীম, হোসেন আহমদ, মান্না মোনতাসির, আব্দুল আজিজ, হুমায়ূন কবির সোহেল
আমন্ত্রণে
বদরুল খান
সভাপতি (৬৪৬)৮২৪-৪৮১৪
রোকন হাকিম
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক (৯১৭) ৩৬২-২৪৪২
মোঃ লোকমান হোসেন (লুকু), সহ-সভাপতি (সিলেট জেলা) • শামীম আহমেদ, সহ-সভাপতি (সুনামগঞ্জ জেলা) • মোঃ শফি উদ্দিন তালুকদার, সহ-সভাপতি (হবিগঞ্জ) • মোঃ জাবেদ উদ্দীন, সহ-সভাপতি (মৌলভীবাজার) • মোহাম্মদ আলিম, কোষাধ্যক্ষ • মোঃ জিল্লুর রহমান খান, সাংগঠনিক সম্পাদক • ফয়ছল আলম, প্রচার ও দপ্তর সম্পাদক • হোসেন আহমদ, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক • মান্না মুনতাসির, ক্রীড়া সম্পাদক • বুরহান উদ্দিন, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক • জাহিদ আহমেদ খান, সমাজ কল্যাণ সম্পাদক • সারা উদ্দিন, মহিলা বিষয়ক সম্পাদক • আব্দুল আজিজ, কার্যকরী সদস্য (সিলেট জেলা) • হুমায়ুন কবির সোহেল, কার্যকরী সদস্য (সুনামগঞ্জ জেলা) • দেলোয়ার হোসেন মানিক, কার্যকরী সদস্য (হবিগঞ্জ জেলা) • মোঃ ফজল খাঁন, কার্যকরী সদস্য (মৌলভীবাজার জেলা)
বোর্ড অব ট্রাস্টি: কাওছারুজ্জামান কয়েছ • বদরুন নাহার খান মিতা • ছয়দুন নূর • নাজমুল হাসান কুবাদ
তিন বিভাগ
কোরআন তেলাওয়াত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ও বিজয়ীদের জন্য মোট ৬ হাজার ডলারের পুরস্কার।
OUR SPONSOR:
AKIB HUSSAIN
(646) 920-4799
SHAHIN AHMED
(718) 975-7431
starling diagnostics
718-319-1610
EMRAN
EMRAN BHUIYAN
347-261-7671
ZamZam Drugs
(347) 899-8930
healthfirst
917-881-7303
(929) 207-1516
Eagle
917.362.2442
VNS Health
"কার্যকরী পরিষদের পক্ষ থেকে সকল অতিথিদের জন্য থাকবে বিশেষ উপহার"
প্রচারে:
ফয়ছল আলম
প্রচার ও দপ্তর সম্পাদক
MEDIA PARTNER
TBN 24
ঠিকানা
AB tv
ব্রডকাস্ট পার্টনার
ফাইনাল রাউন্ডের প্রতিযোগিতা শুরু হবে ২২ ফেব্রুয়ারী, রোববার, দুপুর ১:৩০ মিনিট থেকে। নির্ধারিত সময়ে ফাইনালে উত্তীর্ণ সকল প্রতিযোগীদের উপস্থিত হওয়ার অনুরোধ জানানো যাচ্ছে।

## রোহিঙ্গাদের সঙ্গে খেললেন বিশ্বকাপজয়ী ফুটবলার ওজিল, করলেন গোলও

৫২ পৃষ্ঠার পর

